3/37
8|88
3|125

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

~~3/39~~ 3/125

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

3/39

শ্রীশ্রীপ্রভুজগদ্বন্ধু

কৃত

সংকীর্ত্তন-পদামৃত

PRESENTED

LIBRARY
No. ২৬৮
Shri Shri Ma Anandamayee Ashram

প্রকাশক

মহাউদ্ধারণ প্রচার-সঙ্ঘ।

৫৯, মানিকতলা মেইন রোড, কলিকাতা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

PRESENTED
নির্ব্বাণ মঠ
বৈদ্যনাথ দেওঘর

শ্রীশ্রীপ্রভুজগদ্বন্ধু

কৃত

3/125

সংকীর্ত্তন-পদামৃত

(শ্রীমতি সংকীর্ত্তন, শ্রীনাম সংকীর্ত্তন ও বিবিধ সঙ্গীত
একত্রে অভিনব ভাবে সুসজ্জিত)

LIBRARY
Shri Shri Ma Anandamayee Ashram

মহাউদ্ধারণ প্রচার-সঙ্ঘ হইতে
প্রকাশিত।
৫৯, মানিকতলা মেইন রোড, কলিকাতা।

৷৶০

মূল্য ৷৷৵০ দশ আনা মাত্র।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সংকীর্ত্তন পদামৃত——



"ছিল গোকুলে বিলাস, হ'ল নবদ্বীপে বাস ;
জগদ্বন্ধু বলে কালে কালে কত কিবা হবে হায়।"

(৬২ পৃঃ)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No. 3/39 3/125
Shri Shri Anandamayee Ashram
জয় জগদ্বন্ধু হরি
BANARAS

"কৃষ্ণ গোবিন্দ গোপাল শ্যাম
রাধা মাধব রাধিকা নাম"

"বৈষ্ণবে রুচি, শুদ্ধাভক্তি, গোপীভাব, যুগলপ্রেম
ইহার উপরে আর কিছুই নাই"—বন্ধুরাণী

মুখবন্ধ

এই অমৃতময় সংকীর্ত্তনের পদসমূহ শ্রীশ্রীপ্রভু জগদ্বন্ধু সুন্দর স্বানুভাবানন্দে লিপিবদ্ধ করিয়াছেন। শ্রীশ্রীপ্রভুর বয়স তখন সবে মাত্র পঞ্চদশ। একদিন শুভক্ষণে শ্রীহস্তে লিখনী লইয়া প্রথম গান বাঁধিলেন। একটি আবাহন গীতিকায় সপরিকর শ্রীশ্রীনবদ্বীপচন্দ্রকে আবাহন করিলেন।—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এস এস নবদ্বীপরায়, দীনজন ডাক্‌ছে হে তোমায়।
আমি ভবঘোরে, ঘুরে' ঘুরে' আচ্ছন্ন মোহ-মায়ায়॥
তুমি সংকীর্ত্তনেশ্বর, তুমি নদে'-সুধাকর,
(এবার) বিতরি' করুণা-সুধা রক্ষ চরাচর;
প্রভু তুমি বিনে, এ দুর্দ্দিনে, অন্ধকার সমুদয়॥
কোথা নিতাই গুণধর, কোথা প্রাণ গদাধর,
রামানন্দ অদ্বৈত শ্রীবাস ভক্তবর;
ল'য়ে এ সকলে, কুতূহলে, গৌর এস গো ত্বরায়॥
ওহে শচীর দুলাল, তুমি পরম দয়াল,
ত্বরায় এসে' ঘুচাও দাসের সংসার-জঞ্জাল;
দাসে দয়া কর, গুণাকর, বিকাশি' বিমল-কায়॥
আমি জ্ঞান-গতিহীন ভক্তি-ভজন-বিহীন,
গ্রহ-কোপানলে দেহ, দিনে দিনে ক্ষীণ,
ভেসে' নয়নজলে, বন্ধু বলে, রেখ' গৌর রাঙ্গা পায়॥

(১১৩ পৃঃ)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পঞ্চদশ বর্ষ হইতে ত্রিংশ বর্ষ বয়ক্রম পর্য্যন্ত শ্রীশ্রীপ্রভুর গ্রন্থ রচনার কাল। তৎপর ত্রিংশবৎসর হইতে সপ্তচত্বারিংশ বর্ষ পর্য্যন্ত প্রভু বন্ধু অতি কঠোর মৌনব্রত অবলম্বন পূর্ব্বক অসূর্য্যম্পশ্য ভাবে মহাগম্ভীরায় সংগোপনে ছিলেন। ঐ সময় আর গান রচনা করেন নাই। সূত্রগ্রন্থ "ত্রিকাল" ও গীতি-গ্রন্থ চন্দ্রপাত ও হরিকথা মৌন হইবার অব্যবহিত পূর্ব্বের রচনা। উক্ত গ্রন্থত্রয় (ত্রিকাল, চন্দ্রপাত, হরিকথা) স্বয়ং প্রভু প্রথম হইতে শেষ পর্য্যন্ত যথাযথ বিন্যাস করিয়া গ্রন্থাকারে প্রণয়ন করিয়াছেন। তাহা ছাড়া প্রায় দুইশত গান, যখন যে ভাবে প্রাণ আলোড়িত হইয়া উঠিয়াছে, সেই ভাবে রচনা করতঃ প্রিয় অনুবর্ত্তীগণকে খোল করতালে আস্বাদন করিতে আদেশ করিয়াছেন।

বাকচর শ্রীঅঙ্গনে অবস্থান কালীন একদিন প্রত্যুষে শ্রীশ্রীপ্রভু "জাগ জাগ নগরবাসী নিশি অবসান রে" এই প্রভাতী গানখানি রচনা করিয়া প্রিয় ভক্ত নবদ্বীপ দাসকে শিষ দিয়া সুর শিখাইয়া দিলেন ও হাতে তালি দিয়া তাল শিখাইয়া দিলেন। তৎপর নগর পরিভ্রমণ করিয়া টহল কীর্ত্তন করিয়া আসিতে আদেশ করিলেন। আদেশ শিরোধারণ করতঃ সুরসিক কীর্ত্তনীয়া নবদ্বীপ দাস নগর ভ্রমণ করিয়া বহু ভক্ত সঙ্গে শ্রীঅঙ্গনে উপস্থিত হইলেন। তখন ঐ কীর্ত্তনে এমন অভাবনীয় ভাবের উল্লাস হইতে লাগিল, যে শ্রীশ্রীপ্রভু শ্রীহস্ত দ্বারা পুনঃ পুনঃ ইঙ্গিত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করতঃ গানটিকে একবার দুইবার করিয়া পঞ্চবিংশতি বার গাওয়াইলেন। শ্রীশ্রীপ্রভুর পদ মধুময়। যতই মন্থন করা যায় ততই মধু উঠে। রসজ্ঞ চতুর ভক্তগণ প্রেমভক্তির মন্থন দণ্ডে খোল করতাল রজ্জু আকর্ষণ করতঃ সে অপার্থিব অমিয় তুলিয়া আস্বাদন করেন। আর "মাতিয়ে মাতাইরে, মাতিয়ে মাতাইরে" বলিতে বলিতে সে অমৃত অকাতরে ছড়াইয়া বিলাইয়া সবাইকে মাতোয়ারা করিয়া তোলেন।

শ্রীশ্রীপ্রভুর রচিত অধিকাংশ গানের সঙ্গে ঐরূপ এক একটি ক্ষুদ্র ইতিহাস যুক্ত আছে। ঐ ভাবে বিভিন্ন কালে বিভিন্ন অবস্থায় রচিত গানগুলি ইতিপূর্ব্বে বহুভাবে সংগৃহীত হইয়া গ্রন্থাকারে প্রকাশিত হইয়াছে। এ সম্বন্ধে আমাদের পরম ভক্তি-ভাজন প্রভু-গত-প্রাণ দাদা শ্রীযুত সুরেশচন্দ্র চক্রবর্ত্তী মহাশয়ের চেষ্টা ও অধ্যবসায় অতুলনীয়। এই সংস্করণে যোগ বিয়োগ কিছুই নাই। পূর্ব্বে সংগৃহীত শ্রীমতি সংকীর্ত্তন, শ্রীনাম সংকীর্ত্তন ও বিবিধ সঙ্গীতের সমগ্র পদরাজি এইবারে একটি গ্রন্থে "সংকীর্ত্তন পদামৃত" নামে একটি নিত্য ভজনানুকূল নূতন পর্য্যায়ে সন্নিবেশিত হইয়া পরিবেশিত হইতেছে। এই নিরুপম পদকদম্বে যাঁহার অমৃতময়ী মহাভাবের মূর্চ্ছনা, সেই স্বয়ং প্রভুই এই গ্রন্থের নিত্য প্রকাশক। বস্তুতঃ তিনি ছাড়া আর কেই বা এই অমূল্য ভাবসম্পদ প্রকাশের অধিকারী হইতে পারেন? তবে ব্যবহারিক ভাবে গ্রন্থের প্রকাশ কার্য্য যখন যাহাকে ভাগ্য দিয়া করান, তখন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তিনিই করেন। এই সংস্করণের যিনি ব্যবহারিক প্রকাশক, তিনি ক'দিন পূর্ব্বে একখানি স্নেহ লিপিকার তাঁহার মনের কথা এ জীবাধমকে এইরূপ লিখিয়া জানাইয়াছিলেন।—

"প্রিয় মহানাম, * *
ভূমিকায় কোথাও যেন আমার নাম না
থাকে, এই সমস্ত গ্রন্থে প্রভুর চিন্তাধারা
প্রবাহিত, ঐ প্রবাহ স্বতঃসিদ্ধ। কাহারও
দানের উপর নির্ভর করেনা।" * *

পূজ্যপাদ দাদা আমার প্রভুর অতি অন্তরঙ্গ নিজজন। তাই একটী পরম গভীর সত্যের দ্বার উন্মোচন করিয়াছেন। প্রভুর গ্রন্থে "প্রভুর চিন্তাধারা প্রবাহিত! ঐ প্রবাহ স্বতঃ সিদ্ধ"—এ অতি নিগূঢ় সত্যকথা। সকল সুকবিদের রচনাই তাহাদের নিজ নিজ চিন্তা প্রসূত, কিন্তু সকল কবিদের চিন্তারই যে একটা ধারা আছে তাহা নহে। কোন কোন কবির রচনা বদ্ধ ডোবার মত,— প্রবাহ নাই। কোন কোন কবির রচনা পুকুর, সরোবর অধিক হয় তো বা ক্ষুদ্র হ্রদের মত,—স্রোত খেলে না। প্রভুর রচনা একটি বেগবতী তটিনীর মত। তাহাতে যে অবগাহন করে দুর্দ্দাম বেগ তাহাকেই ভাসাইয়া লইয়া যায়। প্রভুর রচনা জীবন্ত, গতিমান। তাহা যাহাকে স্পর্শ করে, তাহাকে নাচাইতে নাচাইতে ছুটাইয়া দেয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"ঐ শ্যামরায়—
ত্রিভঙ্গ ঠামে দাঁড়া'য়ে কদম্ব তলায় রে।"
"ঐ গোরারায়—
নিতাই সনে কীর্ত্তনে কৃষ্ণগুণ গায় মা।"
"ঐ রসময়—
কিশোরী সনে বসিয়ে হেসে' কথা কয় মা।"

পদগুলি কি প্রাণবন্ত! প্রভু আমার আপন অঙ্গুলি নির্দ্দেশ করিয়া দেখাইয়া দিতেছেন,—ঐ যে দেখ! শ্যামনাগর সম্মুখে দাঁড়াইয়া আছে!! প্রভুর ঐ অঙ্গুলি সঙ্কেত যে ভাগ্যবানের দৃষ্টি আকর্ষণ করে সে অমনি, "কটিতে কিঙ্কিনী সাজে, চরণে নুপূর বাজে; রাশি রাশি রাকা শশী নখে শোভা পায় রে" দেখিতে দেখিতে হেলিয়া দুলিয়া, সেই নিত্য রূপের উজান যমুনায় ভাসিয়া চলে।

সুধীর তত্ত্বজ্ঞ কবিদের রচনায় ঐ প্রকার চিন্তার সজীব প্রবাহ দেখা যায়; কিন্তু হইলে কি হইবে, সে প্রবাহ অনেক সময়ই স্বতঃসিদ্ধ নহে। ত্রিগুণময়ী প্রকৃতি মলিনা। ভাবে যদি প্রাকৃত মালিন্য থাকে, তাহা হইলে ভাবনা স্বচ্ছ হয় না, প্রবাহ নির্ম্মল হয় না, স্রোতের গভীরতম প্রদেশ দৃষ্টি গোচর হয় না। মলিনতাবর্জ্জিত প্রাকৃত-ভাব-গন্ধহীন শুদ্ধ সত্ত্বময় যে প্রবাহ তাহাই স্বতঃসিদ্ধ। শ্রীশ্রীপ্রভুর চিন্তা প্রবাহ সেইরূপ।— হরিদ্বারের গঙ্গোত্তরীর গঙ্গাধারার মত নির্ম্মল, স্ফটিকবৎ! কবিতা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
LIBRARY
No.
Shri Shri Ma Anandamayee Ashram
BANARAS

যখন নিখিল জীব নিবহের জীবনের অন্তস্তলের খবর আনিয়া দেয় তখনই তাহা স্বতঃসিদ্ধ হয়। মর্ম্মের গভীরতম দেশের বার্ত্তা চিন্ময় রাজ্যেরই। উহা শাশ্বত ও স্বতঃসিদ্ধ।

গান মধ্যে কোন গান জীবের নিজধর্ম্ম।
রাধাকৃষ্ণ প্রেমকেলি যে গীতের মর্ম্ম ॥

শ্রীশ্রীরাধা গোবিন্দের মধুরিমাময় যে প্রেমকেলি উহা নিত্য অফুরন্ত, নিরবচ্ছিন্ন। জীবমাত্রের বুকের তলে ঐ প্রেমের হিল্লোল চিরস্পন্দিত। উহা সর্ব্বত্র স্বতঃসিদ্ধ। ঐ "অকৈতব জাম্বুনদ হেম" প্রেমাবর্ত্তের ঘন রসই শ্রীশ্রীপ্রভুর সুধাময়ী লেখনীর অগ্রে সতত তরঙ্গায়িত।

শ্রীশ্রীপ্রভুর এই পদকদম্ব কেবল স্বতঃসিদ্ধ নহে, স্বতঃস্ফুর্ত্তও বটে। স্বসংবেদ্য অনুভবই স্বতঃস্ফুর্ত্ত। আমার সত্তার অনুভব আমার কাছে, তোমার সত্তার অনুভব তোমার কাছে, স্বতঃস্ফুর্ত্ত। শ্রীশ্রীরাধা গোবিন্দের যুগল বিলাসের রসানুভূতি যাঁহার স্বসংবেদ্য দশা, তাঁহার কাছেই উহা স্বতঃস্ফুর্ত্ত। নীলাচলে গম্ভীরায় "রায় স্বরূপের কণ্ঠে ধরি" গোরা শশী ঐ আপন লীলার স্বতঃস্ফুর্ত্তিতেই স্ফুর্ত্তিময় ছিলেন। আত্মারাম প্রভু বন্ধু সুন্দর "স্বপ্রতিবিম্ববিভ্রমঃ" গৌর গোবিন্দ লীলা রস সাগরে ভাসিয়া চলিয়াছেন। সেই আস্বাদনের ছিটে ফোঁটা মাত্র জীবের ভাগ্যবলে নিজ লিখনীতে ব্যক্ত করিয়া দিয়াছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রাত্রি অবসান প্রায়। প্রভু বন্ধু আমার ডাকিতেছেন, "জাগ গোরা গুণমণি যামিনী প্রভাত হল, প্রিয় সনে একাসনে কত নিদ্রা যাবে বল" গৌর গদাধর জাগিল। গৌরচন্দ্রের চন্দ্রিকায় পথ দেখিতে দেখিতে প্রভু বন্ধু নিভৃত নিকুঞ্জে প্রবেশ করিতেছেন। "জাগ জীবন কিশোরী বিভাবরী পোহাইল।" প্রাণস্পর্শী ডাকে ভানু দুলালীর ঘুম ভাঙ্গিয়া গেল। রাধা গোবিন্দের কুঞ্জ ভঙ্গ হইল। "জাগ জাগ নগর বাসী" বলিয়া প্রভু বন্ধু নগর ঘুরিয়া নগর বাসী নরনারীকে প্রেমের লীলা দর্শন করিয়া ধন্য হইতে ডাকিলেন। "কপট শঠ কুটিল কুজন" জীবের অভিমানে আঘাত করিয়া ডাকিলেন। সবাইকে পরাশান্তি লাভের উপায় "গোপী গোপাল গীতি প্রাতঃ পূজন কৃতি" করিতে উপদেশ দিলেন। নগরের পথে "গঙ্গানীরে গৌরচন্দ্রের ঊষাবগাহন" প্রত্যক্ষ করিয়া পুনঃ নন্দালয়ে প্রবেশ করিলেন। "দে মা দে মা যশোদে" গাহিয়া কানাইকে গোচারণে লইতে আসিলেন। বটুগণকে যশোমতী মায়ের পায়ে ধরিয়া সাধিতে শিখাইয়া দিলেন, "বন্ধু ভনে বটুগণে ধরগে পায়ে"। "যাবি কি কাননে রে ভাই" বলিয়া জীবন কানাইকে মৃদু মধুর ভৎর্সনা করতঃ প্রাণ গোপালকে গোঠের সাজে সাজাইয়া মাঠে লইয়া গেলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মধ্যাহ্নকালে শ্রীবাস অঙ্গনে মহাপ্রকাশ। "নবদ্বীপময় নগর কীর্ত্তনে" মাতিয়া "সাঙ্গোপাঙ্গ প্রিয়সঙ্গে"—"গৌড় গঙ্গন গোরাশশীকে" আবাহন করতঃ "পক্কান্ন ওদন তক্র ফল ও জল, আদরে উদর ভরে" ভোজন করাইয়া দিলেন।

রাঙ্গা ভানু পশ্চিমাকাশে হেলিয়া পড়িয়াছে। মায়ের কথা মনে পড়িয়াছে। "আয়রে জীবন কানাই আয় ঘরে যাই। পথপানে চেয়ে বুঝি আছে যশোমতী মাই।" গোষ্ঠ হইতে ধবলী শ্যামলী সহ ভাই কানাইকে বারংবার ডাকিয়া সঙ্গে লইয়া ঘরে চলিলেন। "ঐ আসে রসময়" বলিয়া তর্জ্জনী সঙ্কেতে সবাইকে ডাকিয়া রসময়ের সে রসে-ভরা অঙ্গ ভঙ্গি ও খঞ্জন গমন দেখাইয়া দিলেন।

সন্ধ্যা ঘনাইয়া আসিল। গোধূলি হিল্লোলে "সুরধুনী পুলিনে গৌরচন্দ্রের আরতি" হইয়া গেল। ভক্তবৃন্দ আত্মহারা হইয়া নাচিতে নাচিতে গৃহে ফিরিলেন। পথে "নবদ্বীপ তোরণে" আবার আরতির তুমুল রোল উঠিল। অঙ্গনে আসিয়া গৌর গদাধর "অষ্টাপদ সিংহাসনে" উপবেশন করিলেন। স্বরূপ অপরূপ পঞ্চদীপ লইলেন, অদ্বৈত "আচার্য্য অনিবার্য্য তুর্জ্জয় লম্ফন" করিতে লাগিলেন। মুকুন্দ রোল তুলিলেন, মুরারি ছত্র ধরিলেন। "প্রিয়গণ মগন" হইয়া "ঘন হরিবোল" ধ্বনি করিলেন। ভারতী ভাসিয়া গেলেন। প্রভু বন্ধু ডুবিয়া রহিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ওদিকে গোধূলিতে গোকুলে "গোপ গোপীকুল গোপাল আরাত্রিক" রসে মগন হইয়া আছেন। রাখালগণ "আবা আবা" ধ্বনি করিতেছেন। "মাতা যশোমতী স্নেহাপ্লুতা" হইয়া পঞ্চদীপে গোপালের চন্দ্র বদন দর্শন করিলেন। পিতা নন্দরাজ "হরষিত" হইয়া স্নেহের দুলালের মুখচুম্বন করতঃ "তিরপিত" হইলেন। বাৎসল্য রসে ডগমগ "মুগধ:বন্ধু মন নয়নরে"। তারপর কেলী কদম্বতলে আরতি হইল। রাস মণ্ডলে আরতি হইল। যোগমায়ার সুকৌশলে একই কালে কত কত রঙ্গ মঞ্চে কত কত লীলাভিনয় হইল!—নীরব নিশীথিনী "নমিতা" হইলেন। প্রভু বন্ধু "তোরণ তলে" দাঁড়াইয়া থাকিলেন।

গভীর রাতে নবদ্বীপময় নিশীথ কীর্ত্তন। জগাই মাধাই উদ্ধার। "রে রে মাধাই," "বল হরি বোল মাধাই" "হারে জগাই মাধাই" বলিয়া নিত্যানন্দ হরিদাসের সঙ্গে প্রভু বন্ধু জগাই মাধাইকে ডাকিয়া ডাকিয়া হরিনাম লওয়াইতে লাগিলেন।

"হরিনামে পাপ তনু হবে রে শীতল।
(কত শীতল হবি রে)"

ওদিকে "কুসুম কাননে বাঁশরী বাজিল," "যমুনা পুলিনে মুরলী ধ্বনিল" প্রভু বন্ধু ছুটিয়া চলিলেন, "নিধুবনে একাসনে যুগল রতন" দর্শন করিলেন। তারপর—দুটি রসের পুতুল নিত্য লীলাবিগ্রহ "উরসে উরস বদনে বদন" দিয়া অলসে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অবশে ঘুমাইয়া পড়িল। "শ্যাম অঙ্গে রাই রেখে'ছে চরণ" এই কৌতুক দেখিতে দেখিতে "দ্বারে জগদ্বন্ধু কোটাল" হইয়া বসিয়া রহিলেন। বুঝি জগজ্জীবকে নিভৃত নিকুঞ্জে প্রবেশের অধিকার দিতে এসে'ছেন, তাই দ্বারে কোটাল রহিলেন। এই প্রকার প্রভু বন্ধু অষ্টকালীন শ্রীশ্রীগৌর গোবিন্দ রসে ওতপ্রোতভাবে ডুবিয়া ভাসিয়া চলিয়াছেন।

শ্রীশ্রীপ্রভু যখন ব্রজধাম স্মরণ করিয়াছেন, তখন "যশোদা তুলাল নন্দলাল"কে ভাবিতে ভাবিতে সঙ্গে সঙ্গে সমগ্র লীলাস্থলী প্রত্যক্ষ দর্শন করিয়াছেন। যাবট-যমুনাতট, রাধাকুণ্ড-শ্যামকুণ্ড গিরিগোবর্দ্ধন, বংশীবট-কেশীঘাট-কেলীকদম্ব, ধবলী-শ্যামলী কেলী, মাধবী-মালতী সুবল-মধুমঙ্গল, রোহিণীনন্দন-রাম, দাম-বসুদাম-শ্রীদাম-সুদাম, ললিতা-বিশাখা-চিত্রা, সে "রূপের বাজারে" সবাইকেই দেখিয়াছেন। আদর করিয়া, সোহাগ করিয়া সবাইকেই ডাকিয়াছেন। সবার সঙ্গে মিলিয়া মিশিয়া সবার ভাবে ভাবিত হইয়া একাকার হইয়া রহিয়াছেন।

যখন শ্রীগৌর পরিকর স্মরণে আবিষ্ট হইয়াছেন, তখন সে চিন্তামণি গৌড়মণ্ডল ভূমির সবাইকেই আপ্যায়ন করিয়াছেন। প্রেমদাতা নিত্যানন্দ, প্রিয়গদাধর, সীতানাথ অদ্বৈত, শ্রীবাস শ্রীনিবাস গঙ্গাদাস গৌরীদাস হরিদাস সূর্য্যদাস বক্রেশ্বর দামোদর মুরারি নরহরি রামাই নন্দাই জগাই মাধাই মুকুন্দ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিবানন্দ রামানন্দ ভবানন্দ রামচন্দ্র নরোত্তম রঘুনাথ লোকনাথ ভূগর্ভ কুমুদানন্দ প্রবোধানন্দ,: অষ্ট কবিরাজ, অষ্ট ব্রহ্মচারী, ছয় চক্রবর্ত্তী, ষড় গোস্বামী, দ্বাদশ গোপাল, চৌষট্টি মোহান্ত— অসংখ্য নক্ষত্র বেষ্টিত গৌরাঙ্গ বিধুর মুখারবিন্দ দর্শনে "পি পি পি পিয়াসী অতি অতি তৃষ্ণ" হইয়া চাহিয়া রহিয়াছেন। এমনি ভাবে নাম ধরিয়া, এমনি ভাবে আদর করিয়া, এমনি ভাবে প্রাণ উঘারিয়া শ্রীগৌর গোবিন্দের পরিকরগণকে কে কবে কাহাকে ডাকিতে শুনিয়াছে ?

প্রভু আমার প্রার্থনা করিয়াছেন,—

"বিধি যদি গুল্মলতা করিত রে কুঞ্জবনে,
সাজিতাম ব্রজ গোপীর পদরজঃ আভরণে ॥
নিত্য নিকুঞ্জ মাঝারে, সখীসনে অভিসারে,
এসে' কিশোরী আমারে দলিতেন শ্রীচরণে ॥
হাতে বাঁশী কালশশী, নিকুঞ্জ কাননে পশি,
সুখে রহিতেন বসি' মমোপরে প্যারী সনে ॥
ক্রীড়াশ্রমে রাধাশ্যাম, ঘামিতেন অবিরাম,
অমনি পদের ঘাম লইতাম সযতনে ॥
বন্ধু বলিছে কাতরে, কবে রাধা দামোদরে,
সাজা'ব হৃদয় ভরে' হেরিব প্রেম নয়নে ॥"

আহা ! কি স্নিগ্ধ ! কি কমনীয় !! কি প্রাণস্পর্শী লালসা !!! এ প্রার্থনার পদ অতুলনীয়। প্রভুর রচনা সুকুমার, সুললিত, প্রসাদ ও ঔদার্য্যগুণ বিশিষ্ট। প্রাণকে গলাইয়া দেয়; হৃদয়কে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ছড়াইয়া দেয়, অন্তরাত্মাকে লীলারসের তরঙ্গে দোলনা দিয়া দেয়। রচনার অলঙ্কারগুলি রসের উপকারক। যেখানে যেটি খাটিবে সেখানে সেটি। যমক অনুপ্রাস প্রভৃতি শব্দালঙ্কারের তো কথাই নাই, রূপক, উপমা, ব্যতিরেক, অপহ্নুতি, বিরোধাভাস প্রভৃতি অর্থালঙ্কার সকল অতি নিপুণতার সহিত সন্নিবেশিত হইয়াছে। তাহাতে পদের জীবনাধায়ক যে ভক্তিরস, তাহাকে সৌন্দর্য্য ও মাধুর্য্যে মণ্ডিত করিয়া আস্বাদনের চমৎকারিতা ফলাইয়া দিয়াছে।

এ বস্তু পরম প্রসাদ। এ প্রসাদের গন্ধে হৃদ্‌রোগ দূর হয়, স্পর্শে "সর্ব্বদুঃখানাং হানি" হয়, আস্বাদনে জীবন লীলানিকুঞ্জের রস-প্লাবনে ভরপুর হয়। এ যাঁর কথা, তাঁরই হাতে গাঁথা। তাই এত মধুর। রসলোলুপ ভক্ত শুদ্ধ হৃদয় লইয়া ভাবে গদগদ হইয়া ডুবিয়া পড়ুন। আস্বাদনে বিভোর হইবেন। ঐ যে পথ প্রদর্শক "গুরু বন্ধু" আপনার আগে ভাসিয়া চলিয়াছেন।—

"রাধা প্রেম বন্যার জলে
বন্ধু সাঁতারিয়ে চলে"

মহাউদ্ধারণ মঠ
রাস পূর্ণিমা, ১৩৪৭
হরিপুরুষাব্দ ৭০

ঐ প্রেম সিন্ধুর একবিন্দুর
কাঙ্গাল—
দাস মহানাম ব্রত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীশ্রীপ্রভু জগদ্বন্ধুসুন্দরের শ্রীহস্ত লিপি।



(অবিকল ব্লক)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীশ্রীপ্রভু জগদ্বন্ধুসুন্দর, প্রিয় ভক্ত সেবাইত শ্রীমৎ কৃষ্ণদাসজীকে শ্রীহস্তে লিখিয়াছিলেন—



(অবিকল ব্লক)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিষয় সূচী।

বিষয়		পৃষ্ঠা
১। প্রভাতকালীন স্মরণ মঙ্গল	...	১—১২
২। মধ্যাহ্নকালীন স্মরণ মঙ্গল	...	১৩—১৪
৩। ভোগ আরত্রিক	...	১৫
৪। অপরাহ্নকালীন স্মরণ মঙ্গল	...	১৬—২২
৫। সায়াহ্নকালীন স্মরণ মঙ্গল	...	২৩—৩৩
৬। নিশাকালীন স্মরণ মঙ্গল	...	৩৪—৫০
৭। শ্রীশ্রীনিত্যানন্দ স্মরণ মঙ্গল	...	৫১—৬১
৮। শ্রীশ্রীগৌরচন্দ্র স্মরণ মঙ্গল	...	৬২—৬৯
৯। সপরিকরে শ্রীশ্রীগৌরচন্দ্র স্মরণ মঙ্গল		৭০—৯১
১০। শ্রীশ্রীরাধাগোবিন্দ স্মরণ মঙ্গল	...	৯২—১০৯
১১। আবাহন গীতি	...	১১০—১২৭
১২। শ্রীশ্রীভজন সংকীর্ত্তন	...	১২৮—১৪৮
১৩। মনঃ শিক্ষা	...	১৪৯—১৫৩
১৪। স্তোত্রাবলী	...	১৫৩—১৬৩
১৫। প্রার্থনা	...	১৬৪—১৬৮
১৬। প্রণতি	...	১৬৯—১৭০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

PRESENTED
LIBRARY
No.
Shri Shri Ma Anandamayee Ashram

শ্রীশ্রীপ্রভু জগদ্বন্ধু কৃত

সংকীর্ত্তন-পদামৃত

প্রভাত কালীন স্মরণ মঙ্গল

জাগরণ

রাগিণী বিভাস

জাগ গোরা গুণমণি, যামিনী প্রভাত হ'ল।
প্রিয়সনে, একাসনে, কত নিদ্রা যাবে বল ॥
(আর কত বা ঘুমাবে বল) (আর কত বা করিবে ছল)
(ওহে রস-শেখর্)

১। যায় তারকানিকর, জাগ গৌর গদাধর,
সুবিমল শশধর, অলসে ঢলিয়ে প'ল ;
(শশী ঢ'লে প'ল হে) (সারানিশি জাগি')
রসবতী উষাসতী, উল্লাসে হাসে কেবল ॥
(ঐ কুমুদিনী ছলছল) (ঐ কমলিনী ঢলঢল)
(ঐ দিনমণি টলমল) (প্রিয়া দরশনে)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২। ডালে ব'সে পিকবর, গায় জয় নিরন্তর,
রসভরে গরগর সুরধুনী কলকল ;
(প্রেমে মাতোয়ারা রে) (দরশিবে ব'লে)
আগত ভকত সনে, পুলিনে, চল চল ॥
(তা'রা দুয়ারে দাঁড়ায়ে র'ল) (তা'রা আশাপথ চে'য়ে র'ল)
(জগদ্বন্ধু হাসে খলখল) (ছি ছি লাজ নাই)

———

শ্রীনাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিভাষ

(২)

জাগ জীবন কিশোরী ; বিভাবরী পোহাইল।
শাখী-শিরে শারি শুক, সুমধুর ঝঙ্কারিল ॥
(ঐ অলিকুল গুঞ্জরিল) (ঐ পিককুল কুহরিল)
(রাই রাই লো)
কপোত কপোতীগণে, গাইছে প্রফুল্লমনে,
জাগরণে তারা সনে শশী আবাসে চলিল ;
(চাঁদ চলিল চলিল) (নিশা জাগরণে)
কুমুদিনী বিষাদিনী মানে নয়ন মুদিল ॥
(ঐ ভানু কিরণ ভাতিল) (ঐ নলিনী সুখে হাসিল)
(ঐ উষাসতী প্রকাশিল) (রাই জাগ লো লো)
পোহা'ল সুখযামিনী, জাগ কানুকমলিনী ;
সুহাসিনী নিশিথিনী, কাল্ বশে লুকাইল ;
(নিশা লু'কাল লু'কাল্) (শান্তি সামালিয়ে)
হাতে ঝারি, সহচরী, দ্বার পাশে দাঁড়াইল ॥
(ঐ রাই কানু জাগরিল) (ঐ বন্ধু বেশ বিরচিল)
(ঐ আয়ান বনে আইল) (ঐ মা ও মেয়ে চেঁচাইল)
(ঐ বন্ধু কপাট খুলিল) (রাই আয় তুই)

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভৈরব

(৩)

গঙ্গা-নীরে, গৌরচন্দ্র-উষাবগাহন !
কল্লোলিনী-মালিনী করে আবাহন ॥
(দুই কর যু'ড়ে রে)
ধবলিম বীচিমালা ধোয়ায় চরণ।
(সুখের সীমা নাই মা)
উদ্বেলিত তরঙ্গে বন্দে হৃষ্ট মন ॥
(প্রাণনাথে পেয়ে মা)
মহোল্লাসে প্রেমে বাসে সেবন পূজন।
(কত সাধ ছিল মা)
স্ত্রী-জিত দুর্ম্মুখ বন্ধু তামস-পতন ॥
(দূর হও রে তুই)

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভৈরবী

(৪)

জাগ, জাগ, নগরবাসী, নিশি অবসান রে।
গুরু গৌরাঙ্গ ব'লে, উঠরে কুতুহলে,
শীতল হবে মন প্রাণ রে ॥
রাধা মাধব জয়, বল রে দূরাশয়,
হবে চিরশান্তির বিধান রে ॥
রাধা গোবিন্দ নাম, গাওরে অবিরাম,
পরিণামে পাবে পরিত্রাণ রে ॥
জয় রাধা মঙ্গল, বল রে অবিরল,
ধিক্ বন্ধু কুলিশ পাষাণ রে ॥

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভৈরবী

(৫)

উঠ উঠ কপট শঠ কুটীল কুজন রে ॥

গৌরাঙ্গ গদাধর, স্মর রে ও পামর,
মূঢ় মুগ্ধ মায়া মগন রে।

হরে কৃষ্ণ হা রবে, হর রে রে কৈতবে,
যোষিৎ শয্যা ত্যাজ পণ রে ॥

গোপী-গোপাল-গীতি, প্রাতঃ-পূজন- কৃতি,
গোষ্ঠ-গো-বৎস-পালন রে ॥

কুণ্ড-মিলন-রোল, কহ-সখী-হিন্দোল,
রে রে বন্ধু দুর্দ্ধর্ষ দূষণ রে ॥

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ললিত

(৬)

উঠ উঠরে, গুরু গৌরাঙ্গ ব'লে ;
প্রেমস্বরে, প্রাণভ'রে, কুতুহলে ॥
করজোরে কাতরে, ডাকরে বিশ্বম্ভরে,
গৌর গদাধর জয় বল সকলে ॥
হারে রে ওরে ভাই, হের আর নিশা নাই,
গৌর নিত্যানন্দ নাম গাও বিহ্বলে ॥
ত্যজরে মোহ ঘোর, মহাপাপ কঠোর,
হরি নামে, পরিণাম, রবে কুশলে ॥
তাপ-কৰ্ম্ম-বন্ধ-ফাঁস, আর-তাহে-অষ্টপাশ,
ভবসিন্ধু-পার বন্ধু হ'বে কি বলে ॥

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভৈরব

(৭)

জয় জয় জয় রে নিত্যানন্দ জয় ভব তারণ।
জয় পদ্মাবতী-সুত অবধূত ত্রিতাপহরণ ॥
জয় গৌরাগ্রজ মহাভুজ ভানুজ বারণ।
জয় অঘহারী ভয়বারী ভকত-জীবন ॥
জয় বসুধা জাহ্নবানাথ অনাথ শরণ।
জয় আর্ত্তবন্ধু প্রেমসিন্ধু বন্ধু বিমোক্ষণ ॥

শ্রীমতি

ললিত—আড়া

(৮)

নিশি অবসান হ'ল ডাক শ্রীমধুসূদনে।
ডাক রে অবোধ মন ডাক সেই নারায়ণে ॥
বিভাবরী পোহাইল, পাপিয়া ঝঙ্কার দিল,
উষাদেবী প্রকাশিল জগত সুখে হাসিল।
জুড়িয়ে যুগলকর, ডাক তাঁরে নিরন্তর।
সৃষ্টি সৃজিলেন যিনি ডাক তাঁরে একমনে ॥

বিবিধ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভৈরবী

(৯)

জয় জয় গৌরচন্দ্র জয় গদাধর।
প্রেমানন্দ নিত্যানন্দ পতিত ঈশ্বর ॥
অভিরাম রঘুরাম শ্রীরাম শ্রীধর।
সীতানাথ শ্রীনাথ সার্ব্বভৌম ভাস্কর ॥
জয় ছয় গোস্বামী হে গুণের সাগর।
জয় অষ্ট কবিরাজ করুণা আকর।
জয় ছয় চক্রবর্ত্তী পণ্ডিত প্রবর।
জয় অষ্ট ব্রহ্মচারী প্রভু গুণধর ॥
জয় চৌষট্টি মোহান্ত গৌর পরিকর।
জয় দ্বাদশ গোপাল বন্ধু ভারহর ॥

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ললিত

(১০)

দে মা দে, মা যশোদে, দে মা, সাজা'য়ে !
কানু, গোচারণে, যাবে বনে, বেণু বাজা'য়ে।
দে মা, নীলমণি, বনে যা'বে অমনি,
ধবলী শ্যামলী কেলী দ্বারে দাঁড়া'য়ে ॥
ল'য়ে সকল পাল, এ'ল সব রাখাল,
কানু বিনে মুখখানি গেছে শুখা'য়ে ॥
কত বাড়িল বেলা, কিসে হবে বা খেলা,
কানুসনে যাই বনে ধেনু চরা'য়ে ॥
দে মা নন্দরাণী, ইথে কি বা হানি,
বন্ধু ভনে, বটুগণে, ধরগে পায়ে ॥

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিভাষ

(১১)

এ কিরে, কানাই ভাই, এ খেলা কেমন।
তুমি ননী খে'য়ে, ঠাকুর হ'য়ে, ঘরে র'য়েছ যেমন ॥
এ'ল রাখাল সকল, তোরে ডাকিছে কেবল,
ধবলী শ্যামলী তোর দুয়ারে প'ড়ে এখন ॥
চল গোঠে চল, কত বেলা হ'ল,
তো বিহনে সখাগণে কেমনে করে গমন ॥
তোর না শু'নে রেণু, গোঠে যায় না ধেনু,
নিঝরে নয়ন ঝরে না হে'রে চন্দ্রবদন ॥
আয় আয় কানু আয়, আহা সময় যায়,
বন্ধুভনে হৃষ্টমনে কর গোষ্ঠ আয়োজন ॥

শ্রীগতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভৈরব

(১২)

যাবি কি কাননে রে ভাই জীবন কানাই।
মায়ের কোলে ঠাকুর হ'য়ে তবে কেন দে'খতে পাই ॥
এ'ল উপরে ভানু, আয় আয় রে কানু,
আকুল রাখাল সব হাম্বারবে ডাকে গাই ॥
যদি করিবি খেলা, কেন করিছ বেলা,
পুলিনে রাখাল মেলা কখন বা হবে ভাই ॥
আয় বাঁশী বাজা'য়ে, তোরে দিব সাজা'য়ে,
সকালে সকলে মি'লে ফুল তুলিয়াছি তাই ॥
গিয়ে কানন ঘোরে, রাজা করিব তোরে,
বন্ধু ভনে ও চরণে চিরদিন দিও ঠাঁই ॥

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মধ্যাহ্ন-কালীন স্মরণ মঙ্গল

কেদার

(১৩)

মহাপ্রকাশ প্রভু শ্রীবাস অঙ্গনে।
অঙ্গন-অভিষেক, করে পুরজনে ॥
(সব মঙ্গল রে)
প্রেমোল্লাস শ্রীবাস আবেশ অধীর।
(প্রেমে পাগল রে)
সীতাদ্বৈত চন্দ্রমসী নির্ঝরাক্ষি নীর ॥
(ধরা ভে'সে গেল রে)
হেম অঙ্গে, রাম সেবে,—মাল্য-চন্দন।
(অশ্রুজলে ভে'সে রে)
অন্ধাতুর হুকু বন্ধু পঙ্গু পতন ॥
(আর উদ্ধার নাই রে)

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মথা

(১৪)

জয় নবদ্বীপময় নগর কীর্ত্তন।
চতুর্দ্দশ মর্দ্দল মহাহিন্দোলন॥
(মহাপ্রভুর জয় গো)
অঘোর অম্বর ভ'রি অদ্বৈত গর্জ্জন।
(মহাভাবে ভোর রে)
পারিষদ-তাণ্ডব, কাশ্যপী-কম্পন
(ধরা পুলকিতা গো)
বামে প্রিয়, মহাপ্রভু প্রেম-নিমগন।
(রসে অলস রে)
অঘময় আর্ত্ত হ্যত বন্ধু দুর্জ্জন॥
(ধিক্ ধিক্ ধিক্ রে)

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আরত্রিক—ভোগ

কেদার

(১৫)

এস গৌড়-গঙ্গন-গোরাশশী।
ও গৌরাঙ্গ, সাঙ্গোপাঙ্গে,
প্রিয় সঙ্গে, ভোজন, কর ব'সি ॥
এস এস গদাধর-গৌর কিশোর।
নিতাই অদ্বৈতচন্দ্র শ্রীবাস মোর ॥
শতদল বিমলে প্রসূন আসন।
পরিকর নিকরে চামর ব্যজন ॥
পক্কান্ন-ওদন-তক্র ফল ও জল।
আদরে উদর ভ'রে ভুক্তি-বিহ্বল ॥
কোরক-পালঙ্কে, অঙ্কে-প্রিয়-স্বরূপ।
চরণ-সেবন, বান্ধু-ভূগর্ভ-রূপ ॥
জয় জয় মহালস জীব-ভজন।
বন্ধু-বুদ্ধি,—ক্ষমা-ঋদ্ধি,—মহাউদ্ধারণ ॥

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অপরাহ্ণ-কালীন স্মরণ মঙ্গল

গৌরী

(১৬)

আয় রে জীবন-কানাই আয় ঘরে যাই।
পথপানে চে'য়ে বুঝি আছে যশোমতী মাই ॥
আয় বাঁশী বাজা'য়ে, পুর-জনে বাঁচা'য়ে,
বেণু শু'নে ধেনুগণে মিলিবে রে একঠাঁই ॥
ব্রজবাসী সবে, বাঁচে বেণু রবে,
ছেলে ছু'লে সবে মি'লে মায়ের কোলে ননী খাই ॥
হের আর বেলা নাই, আয় আয় ঘরে যাই,
কানু ঘি'রে ফি'রে ফি'রে আয়রে ভাই সবাই ॥
ঘি'রে বনমালী, দেরে করতালী,
বন্ধু বন্ধুভনে দরশনে হ্যাদে কত সুখ পাই ॥

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গৌরী

(১৭)

কৈ রে জীবন-কানু ঘরে যাবি আয়।
তো বিহনে নন্দরাণী হ'ল পাগলিনী প্রায় ॥
কানু ব্রজবাসীগণ, সব বিরস বদন,
কর বেণুধ্বনি নীলমণি সকলে পরাণ পায় ॥
পথ নিরখিয়ে আছে আগুলিয়ে,
ধ'রে ধনিষ্ঠার করে রাণী ত্বয়ারে দাঁড়ায় ॥
পঞ্চপ্রদীপ করে, পথ অপেক্ষা করে,
ল'য়ে মালা ব্রজবালা ঘন বনপানে চায় ॥
হ'ল বেলা অবসান, রাম কানু ঘরে যান,
প্রভু বন্ধু বলে মাতৃকোলে নীলমণি ননী খায় ॥

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ফিরা গোষ্ঠ

জয়জয়ন্তী—ঝাঁপতাল

(১৮)

ঐ আসে রসময়, গোকুল আলোকময় ;
পুলকে রাখালচয়, নে'চে নে'চে আসিছে ॥
শ্রীদাম সুদাম দাম, রোহিনীনন্দন রাম ;
ল'য়ে নবঘনশ্যাম, মহানন্দে মাতিছে ॥
মাঝে রাখি বনমালী, দেয় সবে করতালী ;
ধবলী শ্যামলী কালী, কানুপদ চাটিছে ॥
হাতে বেণু নন্দলাল, গলে বনফুলমাল ;
সঙ্গে ধেনুবৎসপাল, হেলে দুলে চলিছে ॥
নব নব ব্রজবালা, বরিতে চিকণ কালা ;
করেতে কুসুমডালা, পথ পানে চাহিছে ॥
হাতে ক্ষীর সর ননী, কোলে তুলি নীলমণি ;
উল্লাসে রাণী অমনি, চাঁদমুখ হেরিছে ॥
গগনে ডুবিল ভানু, চুম্বিতে কৃষাণু ;
নন্দালয়ে রামকানু, বন্ধুমন মোহিছে ॥

বিবিধ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রদোষ মিলন

(১৯)

প্রদোষ অম্বর প্রফুল্ল অন্তর
চপল চঞ্চল মতি ;
মৃঞ্জন মঞ্জির মন্থর অধীর,
খঞ্জন গঞ্জন গতি।
বামে বলরাম, দক্ষিণে শ্রীদাম
চৌদিকে গোবৎসপাল ;
সম্মুখে উজ্জ্বল, সুবল মঙ্গল,
পশ্চাতে সব রাখাল।
কটাক্ষ কঞ্জন, কুমারীরঞ্জন,
যাবট তোরণে চায় ;
রা রা রা রা রবে, বরজ গৌরবে,
সঘনে বেণু বাজায়।
ললিতা হেলনে, কুন্দলতা-সনে,
নেহারেন প্রাণেশ্বরী ;
নয়নে নয়ন, কলম্ব- মিলন,
বন্ধু সাধ মরি মরি ॥

শ্রীনাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গোধূলি-মিলন

খাম্বাজ—ঠুংরি

(২০)

এল রসরাজ, পরি' সুখসাজ,
বন মাঝারে বাজা'য়ে বাঁশরীয়া।
পরিহরি লাজ, ত্যজি গৃহকাজ
কুঞ্জবনমে ধাওয়ত কিশোরিয়া।
শুনি বাঁশী গান, রহিছে উজান,
তটিনী যমুনা কল নাদিনিয়া।
শুনি বাঁশী গান, তুলি কেকা তান,
সুখে নাচত গাওত শিখিনীয়া।
ল'য়ে রথবর, দেব দিবাকর
অস্তাচল পানে চলল ধাইয়া।
পূরব আকাশে, বিধুয়া প্রকাশে
বাপী জলমে জাগল কুমুদিয়া।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হ'য়ে বিষাদিনী, মানিনী নলিনী,
ধনী মানভরে মূদল আঁখিয়া।
হাতে বনমালা, বৃষভানু-বালা,
সখিগণ সনে আওল সাজিয়া।
মোহনে হেরিয়া, মধুর হাসিয়া,
আসি মিলল বামে বিনোদিনীয়া।
হাতে হাতে ধরি, সব সহচরী,
দিল হুলাহুলী যুগলে ঘিরিয়া।
বলে বন্ধু দীন, হ'ল গত দিন,
ভজ রাধাশ্যামে হৃদয় ভরিয়া॥

বিবিধ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মিলন

জয়জয়ন্তী—ঝাঁপতাল

(২১)

অস্ত গেল দিনমণি, অমা ছাইল অবনী,
আবরিল কমলিনী, মানে আপন বয়ান ॥
বিকাশি বিমল কর, প্রকাশিল নিশাকর,
আমোদিনী কুমুদিনী, প্রিয় পতিপানে চান ॥
নীরবিল নীলাম্বর, নীড়ে বসি পিকবর,
তুলিয়ে পঞ্চম স্বর, ঢালিছে অমিয় ধার ॥
শিরে তারকা নিকর, নিশা হরিষ অন্তর,
দিয়ে শান্তি অবসর, জুড়ায় ভবসংসার ॥
উঠিল মুরলী তান, যমুনা বহে উজান,
আকুল প্যারীর প্রাণ, অমনি কাননে যায় ॥
আবেশে আহিরী বালা, করে ল'য়ে ফুলমালা,
সাজা'তে চিকণ কালা, মানস উল্লাসে ধায় ॥
নব ব্রজ বধূগণ, ত্যজি প্রিয় পুরজন,
হেরিতে মনোমোহন, যায় সবে বৃন্দাবন ॥
কেলি কদম্বের তলে, মিলে নবীন যুগলে,
রাধে রাধে রাধে ব'লে, বন্ধু পরে চরণ ॥

———

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সায়াহ্নকালীন স্মরণ মঙ্গল

পুরবী

(২২)

প্রদোষ-পুলিনে পুঙ্গ-প্রেমসংকীর্ত্তন।
গরজে গৌরসিংহ পাপী-দলন ॥
(মহাতাণ্ডব রে)
অদূরে অদ্বৈতচন্দ্র শ্রীবাস বীর।
(ভয় ভয় ভয় ভয়)
হুহুঙ্কারে কম্পিত পাষণ্ডী প্রবীর ॥
(হা হা পরাজিত মা)
চৌদ্দ ভুবনময় নিতাই বিক্রম।
(হা হা উদ্ধারিল বা)
নরকিত কৈতবিত বদ্ধ অধম ॥
(ছি ছি নিলয়গামী রে)

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সারঙ্গ

(২৪)

কেশব কাশ্মীরী-জয়, প্রদোষ পুলিনে।
ধন্যবাদ-দৈন্য-স্তুতি-ভাষান্তর লীনে ॥
(কত সাধে গো গো)
বিদ্যার্থী বেষ্টিত প্রভু বিশ্বম্ভর রায়।
(তারা ঘেরা চাঁদ রে)
দিগ্বিজয়ী দাম্ভিক ভীমনেত্রে চায় ॥
(গৌর সিংহ, দে'খে রে)
ছন্দ-বিচারে-হীন, ছে্াতাব্রত-হাস।
(সব হাস্যময় রে)
বিমুগ্ধ বৌদ্ধ বন্ধু দগ্ধ হতাশ ॥
(ত্রাণে ভয় ভয় র‍্যা)

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীকৃষ্ণ-অন্বেষণ

পুরবী—একতালা

(২৪)

(সখী) এস তমালতলে,
হের বনশোভা, মুনি মনোলোভা,
যেন বিধি বসি' গড়িল বিরলে ॥

সরসী সলিলে শোভে শৈবালিনী,
দিনেশ সোহাগে হাসে সরোজিনী,
তীরে তীরে ধীরে নাচিছে শিখিনী,
মাতঙ্গ কুরঙ্গ ধায় দলে দলে ॥

মুদিতা কুমুদী চাঁদের বিহনে,
মাতিয়ে মাধবী সহকারসনে,
শাখীডালে পাখী গায় একমনে,
গগনের কোলে তপন ঢলে ॥

নীরে চক্রবাক্ মরাল সন্তরে,
কুসুমিত তরু দোলে বায়ুভরে,
মধুলোভে মত্ত মধুপ গুঞ্জরে,
থে'কে থে'কে পিক কুহু কুহু বলে ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কি যেন ধূলায় যাইতেছে দেখা,
বুঝি ধ্বজবজ্রাঙ্কুশ চিহ্ন লেখা,
যেন লো সজনী হরি-পদ-রেখা,
এই পথে শ্যাম গিয়াছেন চ'লে ॥

হরি হরি সখী হের লো উপরে,
অই বাঁকা সখা ব'সে তরুপরে,
মোহন মুরলী মধুর অধরে,
হাসিমুখ চারু বনমালা গলে ॥

বিবিধ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বসন্ত

আরাত্রিক

(২৫)

সুরধুনী পুলিনে গৌর আরতি।
গোধূলি হিল্লোল বহে মন্দগতি ॥
কেলী-কল্লোলিনী কুলকুল গায়।
উত্তাল তরঙ্গে তীর বাজায় ॥
শশী সনে তারারাজি দর্শন ভোর।
পি পি পারিষদ তৃষিত চকোর ॥
সীতাপতি তাণ্ডব বামে শ্রীবাস।
করতাল মাদলে প্রেম উল্লাস ॥
জয় জয় জগময় জীব উদ্ধারণ।
তুর্ব্বার দুর্দ্ধর্ষ বন্ধু বধির শ্রবণ ॥

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সূহই

আরাত্রিক

(২৬)

নবদ্বীপ তোরণে আরতি কীর্ত্তন।
প্রিয়সনে একাসনে রস-কেতন ॥
করে কর পরিকর প্রেমবেষ্টন।
রসাল করতাল মর্দ্দল গর্জ্জন ॥
স্বরূপ অপরূপ দীপ শোভন।
আচার্য্য অনিবার্য্য দুর্জ্জয় নর্ত্তন ॥
গদভাষ শ্রীবাস শুভ স্তবন।
ভাব-প্রেষ্ঠ আবিষ্ট নিতাই লম্ফন ॥
মহানন্দ মুকুন্দ পঞ্চম গীয়ন।
দন্তে তৃণ দীনাধীন বন্ধু লুণ্ঠন ॥

শ্রীযতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সূহই

আরাত্রিক

(২৭)

অষ্টাপদ সিংহাসনে গৌর গদাধর।
মণি-দীপিকা করে স্বরূপ দামোদর॥
আরাত্রিক মঙ্গল মুকুন্দ রোল।
প্রিয়গণ মগন ঘন হরি বোল॥
কুসুমিত চামর রামানন্দ করে।
মতিছত্র মুরারি ধরে অম্বরে॥
শান্তিপুর নাথ অগ্রে নর্ত্তন গর্জ্জন।
সবে মিলি মণ্ডলী মধুর কীর্ত্তন॥
ভারতী ভাষমানা বন্যা ভরম।
কৈতবিত বিমুখ বন্ধু অধম॥

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গান্ধার

আরাত্রিক-গোপাল

(২৮)

গোধূলি-গোকুল, গোপ-গোপীকুল,
গোপাল-আরাত্রিক-মগন রে ॥
সখ্যাস্ফুট-কলী, রাখাল-মণ্ডলী,
অধীর-আবা-আবা-বেষ্টন রে ॥
আভীরী-বালিকা, রুক্ম-পুত্তলিকা,
আগুলি হুলাহুলি নর্ত্তন রে ॥
আবিষ্টা ধনিষ্ঠা, বাৎসল্য-নিষ্ঠা,
ওদন-নবনীত সেবন রে ॥
মাতা যশোমতী, স্নেহাপ্লুতা অতি,
মঙ্গল পঞ্চদীপ চন্দন রে ॥
পিতা হরষিত, তাত তিরপিত,
মুগধ বন্ধু মন নয়ন রে ॥

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সূহই

আরাত্রিক *

(২৯)

কেলীকদম্ব-তলে যুগল আরতি।
কালিন্দী কলনাদিনী কুন্দন নতি॥
মণিদীপে ললিতা লবনা ললন।
লুণ্ঠা ললনা রাজি রণিত নিস্বন॥
শরে শর সখী ব্যূহ বন্দথানীকিনী।
তদম্বক্ষ তাণ্ডব পাণ্য পত্নমিনী॥
প্রস্ফূনিত আতপত্র চিত্রা পঞ্চশাখে।
কেকী পিক শারিশুক গাণীয় শাখে॥
বিপঞ্চী পরিবাদিনী ঘন .শুষির।
আতোদ্য আলিঙ্গ্য কল তারমন্দ্রাচির॥
প্রতিস্বন পুষ্কর সপ্তম জয় ন-রণ।
বন্ধু-ধীতি লঞ্জাব্জিনী-পীযূষ-বাসন॥

শ্রীমতি

* পরিশিষ্টে এই গীতিটীর একটী ভাষ্য আছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কেদার

আরাত্রিক

(৩০)

আরাত্রিক মিলিতাঙ্গ শ্রীরাসমণ্ডলে।
অবশ সখী সব নেহারে বিহ্বলে॥
মনসিজ পরাজিত পতিত ভূতলে।
শারি শুক পিক ক্লান্ত ভাসে অশ্রুজলে॥
নিশীথিনী নীরব নমে কুতুহলে।
তারকা চন্দ্রমা অম্বুদে ঢলে॥
যমুনা কঞ্জনয়না বিরামে চলে।
পুষ্প সেবি' বনদেবী আবাসে টলে॥
রসিতা রজঃরাণী সম্বরে কুন্তলে।
বন্ধু-শিক্ষা দ্বার-রক্ষা তোরণতলে॥

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সূহিনী

তুলসী-আরাত্রিক

(৩১)

জয় জয় জয় গোবিন্দ দাসী তুলসী।
প্রেমভক্তি দান কর আভীরী-রূপসী ॥
দাস্য স্বরূপিনী, সেবা সীমন্তিনী,
তাপ-তামস নাশ মানসে পশি' ॥
রঞ্জন-সঙ্গিনী, রস-তরঙ্গিনী,
করুণা কটাক্ষ কর কণ্ঠে বসি' ॥
দৌত্য পদ্মিনী, কুঞ্জ অনীকিনী,
কৃষ্ণ কিঙ্কর কর কৈতবে খসি' ॥
বীরা বিগঙ্গিনী, গৌরী গৌরবিনী,
বৃন্দা-পদারবিন্দ, বন্ধু-সরসী ॥

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিশাকালীন স্মরণ মঙ্গল

কেদার

(৩২)

নগরে গৌরাঙ্গরায় কীর্ত্তন বিহ্বল।
নবদ্বীপ-দীপমালা গোধূলি-মঙ্গল ॥
(জয় মঙ্গল মা)
রোষে শান্তিপুরনাথ করে হুহুঙ্কার।
(ভাবে টল মল রে)
আবরে শ্রীবাসচন্দ্র, ভু-নিস্তার ॥
(কত আদরে রে)
প্রিয়গণ নর্ত্তন তুমুল হিন্দোল।
(ধরা সুখে ভরা রে)
টলমল ক্ষাতল খল বন্ধু লোল ॥
(তোরে ধিক্ শত ধিক্)

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইমন

(৩৩)

তুর্য্য প্রহরে জয় পাবন কীর্ত্তন ।
জগাই মাধাই পাতকী উদ্ধারণ ॥
(আজ্ শুভদিন রে)
মহাবীর-মুরারি-কারুণ্য-কল্যাণ ।
(মহাভাবে মত্ত রে)
পূর্ণানন্দ নিত্যানন্দ প্রফুল্ল বয়ান ॥
(চারুমুখে হাসি রে)
পরিকর নিকর পাতকী-গঞ্জন ।
(প্রেমে উদ্ধারিল গো)
নিলয়িত-নির্লজ্জ বন্ধু-দুর্জ্জন ॥
(পাপে লুকাইল রে)

শ্রীসতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সূরটমল্লার

(৩৪)

নবদ্বীপ-নিশীথ-কীর্ত্তন মঙ্গল ।
অম্বর আবরি' বাজে মধুর মাদল ॥
(রস মধুর রে)
আশা-শিরে, শেষ-গগন-ছত্র, রয় ।
(আহা কত শোভা রে)
উত্তান পতাকা-রাজি, পুষ্কর-ময় ॥
(গোরা মঙ্গল রে)
পারিষদ-বেষ্টিত, বিশ্বম্ভর রায় ।
(জয় জয় ময় রে)
কৈতব অধীর বন্ধু মুগধ নিদ্রায় ॥
(ছি ছি গতি নাই রে)

শ্রীনতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কল্যাণী

(৩৫)

নিশীথিনী-কীর্ত্তন, শ্রীবাস অঙ্গনে ।
পরিকর-পূজন,—গৌর রঙ্গনে ॥
(কত রঙ্গভরে রে)
প্রাণ গদাধরে, ধ'রে স্বরূপ সুধীর ।
(ধীরে পাঁজরে রে)
দরশন-মননে,—অদ্বৈত অধীর ॥
(এই এই দশা বা)
মহানন্দ নিত্যানন্দ,—প্রেম-নিমগন ।
(প্রেমে মাতিল রে)
কলুষিত কলঙ্কিত বন্ধু পতন ॥
(আর উদ্ধার নাই রে)

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তুড়ি

(৩৬)

রে রে মাধাই আবার বল হরি বল।
হরিনামে পাপতনু হবে রে শীতল ॥
(কত শীতল হ'বি রে)
উভভুজে অবধূত সাধে বারে বার।
(কত ক'রে সাধে রে)
অযাচিত উদ্ধারণ বাসিত সংসার ॥
(যে'চে দয়া করে রে)
কারুণ্য প্রতিম মোর নিত্যানন্দ রাম।
(কারুণ্য নিধিরে)
দুষ্ট বন্ধু তুষ্ট দান নিলয় বিশ্রাম ॥
(তোরে ধিক্ শত ধিক্)

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কল্যাণী

(৩৭)

হা রে জগাই মাধাই হরে কৃষ্ণ বল ।
ঘাত-বৃত্তি-পাপ-তৃপ্তি, হবে রে শীতল ॥
(নিষ্পাপ হ'বি রে)
দয়াধার নিত্যানন্দ সাধে বারে বার ।
(কত ক'রে সেধে রে)
বপু হেম ব'য়ে পড়ে কত অশ্রুধার ॥
(যেন নির্ঝর রে)
আজানুলম্বিত ভুজ ভাবে উভায় ।
(জয় জয় জয় জয়)
তাপ তপ্ত পাপ মত্ত বন্ধু দূরে যায় ॥
(ছি ছি রে ছি ছি ধিক্)

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কাফি

(৩৮)

বল হরি বল মাধাই বল আবার ।
ভুবন মঙ্গল নাম আনন্দ অপার ॥
(আনন্দ পাবি রে)
ক্ষেমচন্দ্র নিত্যানন্দ পাবনাবতার ।
(এমন হয় না মা)
ঢল ঢল বিহ্বল বলে কত বার ॥
(কত কত বলে আ)
ত্রিসংসার পূরিল পাতকী নিস্তার ।
(সুখের সীমা নাই মা)
তাপ-বিবরে রহে বন্ধু ছুরাচার ॥
(তোর এই দশা রে)

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কেদার

(৩৯)

ওরে মাধাই বল গৌর হরিনাম।
পাপ-তাপ-পরিতাপে, পাবি বিরাম ॥
(আর চিন্তা নাই রে)
দয়ানিধি-নিত্যানন্দ নির্ঝর-নয়ন ॥
(নিতাই কেবলি কাঁদে রে)
অমল বিহ্বল বপু সঘন কম্পন ॥
(ভাবে অবশ রে)
কর জোড়ে কাতরে বলে হরি বল।
(হরি বল বলে রে)
বক্রগতি মন্দমতি মূঢ় বন্ধু খল ॥
(ধিক্ শত ধিক্ রে)

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সূরট

(৪০)

হরিনামে মুক্ত পাপ জগাই মাধাই।
গৌর-পদে, করে দান, দয়াল নিতাই॥
(দয়ার সীমা নাই রে)
আস্ফালন-কম্পন মুরারি-গর্জ্জন।
(ধরা পুলকিতা রে)
ভক্তগণ উচ্চারণ ঘন সংকীর্ত্তন॥
(সবে জয় গাও গাও)
জয় নবদ্বীপময় পাপী উদ্ধার।
(সবে জয় গাও রে)
কোটরে লুক্কায়িত বন্ধু আঁধার॥
(তোর এই দশা রে)

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কল্যাণ

(৪১)

ঐ রসময় ॥

কিশোরী সনে বসিয়ে হে'সে কথা কয় মা।
নিধুবনে একাসনে নিশীথ সময় মা ॥
শ্যাম নীল কান্তমণি, রাই কনক বরণী মা ;
হিমাচলে যেন হেম লতার আশ্রয় মা ॥
সুখময় বৃন্দাবন, নব নব সম্মিলন মা ;
কাতরে কন্দর্প রতি করজোড়ে রয় মা ॥
শ্যাম শত ইন্দিবর, রাই কনক পুষ্কর মা ;
নব জলধরে যেন দামিনী উদয় মা ॥
শারি শুক পিক গায়, শিখিনী উল্লাসে ধায় মা ;
উজান যমুনাজল কল কল বয় মা ॥
কুঞ্জে যুগল কিশোর, কেলি রসাবেশে ভোর মা ;
বন্ধু ভনে সখীগণে বলে জয় জয় মা ॥

শ্রীমতি

—(::)—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আশাবরী

(৪২)

কুসুম কাননে কে মা বাঁশী বাজায়।
বিনোদিনী উন্মাদিনী আনন্দে ধায় ॥
(মুরলী শু'নে মা)
সহকারে কোকিল ডাকে উভরায় ।
(মনসিজে দ'মে রে)
শিখী সনে শিখিনী নাচিয়া বেড়ায় ॥
(যুগল হের্‌বে মা)
আহিরী কুমারীকুল আকুল প্রায়।
(কৃষ্ণ গন্ধ পে'য়ে রে)
মধুমত্ত মধুব্রত মধুর গায় ॥
(মহা মাতোয়ারা লো)
রাধাকুণ্ডে রাই সনে মিলন পায়।
(রাধা শ্যামের জয়)
ধুরী বন্ধু নেহারি' ধরণী লোটায় ॥
(রাধাকুণ্ড মিলন)

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গৌরী

(৪৩)

যমুনা পুলিনে কে মুরলী বাজায়।
পাগলিনী কমলিনী কাননে যায়॥
(প্রাণনাথের অভিসারে মা)
নব নব ব্রজবালা উল্লাসে ধায়।
(বাঁকা সখার বাঁশী শু'নে লা)
শাখী শিরে শুক-শারি সপ্তম গায়।
(যুগল মিলন হ'বে ব'লে লা)
কুহরিল কোকিল তমাল শাখায়।
(মকরন্দ পি'বে ব'লে রে)
গুঞ্জরিল মধুপ মাধবী লতায়॥
(রাধাশ্যামের জয় দিয়ে লো)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কুঞ্জদ্বারে কুরঙ্গিনী কাতরে চায়।
(রুণ্ রুণ্ রব শু'নে রা)
কালিন্দীর কাল জল উজান প্রায় ॥
(মদনমোহন রূপ হে'রে রে)
মধুর মলয়ানিল মন মজায়।
(সুখময় বৃন্দাবনে র‍্যাঃ)
বলে ছলে বিরলে বন্ধু ঐ আমায় ॥
(পাপীর এই দশা বা)

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মিলন

(৪৪)

কেলী কদম্বতলে শ্যাম মিলিল কমলিনী।
শারী শুক পিক গায় নাচে কুরঙ্গিনী ॥
উজান বহিয়ে যায় যমুনা তটিনী ॥
হাসিছে প্রকৃতি সতী শশাঙ্কশালিনী ॥
রাই কানু ঘিরে নাচে সকল গোপিনী ॥
অষ্টাঙ্গ অনঙ্গ রতি লুটায় অবনী ॥
জগদ্বন্ধু দাসে যাচে ও পদতরণী ॥

শ্রীনাম

মিলন

(৪৫)

মাধবীতলে রাই বসিল বঁধুর বামে।
বসিল বসিল প্যারী অপরূপ ঠামে ॥
হাসিল দামিনী নভে যেন নীল দামে ॥
সখা সব নাচে গায় ঘিরি রাধাশ্যামে ॥
রূপ হেরি ভূমে গড়ি যায় রতি কামে ॥
জগদ্বন্ধু যাচে যেতে সে আনন্দধামে ॥

শ্রীনাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মিলন

বেহাগ—আড়া

(৪৬)

নিধুবনে একাসনে যুগল রতন ।
নবীন নীরদ ক্রোড়ে হ্লাদিনী যেমন ॥
চারিদিকে ব্রজবালা, করে মালতীর মালা,
সাজায় চিকণ কালা করিয়ে যতন ॥
প্রফুল্ল কুসুমহার, আনে কেহ অনিবার,
সুচারু চম্পক হার রাই আভরণ ॥
প্রেম উছলিত প্রাণ, যমুনা বহে উজান,
শুক শারী করে গান আনন্দে মগন ॥
মধুর পঞ্চম স্বরে, মত্ত কোকিল কুহরে,
করে করে কর ধ'রে নাচে সখীগণ ॥
নিরখিয়ে রাধাশ্যাম, ভূমে পড়ে রতি কাম,
অষ্টাঙ্গে করে প্রণাম ঝরে ছ'নয়ন ॥

—(:o:)—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অলস

বেহাগ—একতালা

(৪৭)

দোঁহে ঘুমাইল,
অলসে অবশ অঙ্গ টলমল,
অরুণ নয়ন অমনি মুদিল ॥
উরসে উরস বদনে বদন,
প্রতি অঙ্গে প্রতি অঙ্গ পরশন,
সুখ নিদ্রাবশে দোঁহে অচেতন,
কাঁচলি কিঙ্কিনী সরিয়ে পড়িল ॥
নাগর-মৃণাল-বাহু উপাধানে,
শির রাখি রাই আছেন শয়নে,
হাসিখানি তবু আছে ও বয়ানে,
নাসার নিঃশ্বাসে বেশর দুলিল ॥
একি নব রঙ্গ হের সখীগণ,
শ্যাম অঙ্গে রাই রে'খেছে চরণ,
মরি কিবা শোভা হ'য়েছে এখন,
হেমলতা যেন তমালে বেড়িল ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ধীরে কথা কও সকল সজনী,
যেন না জাগেন কমলিনী ধনী,
জাগিলে চরণ ঘুচাবে অমনি,
চল যাই নিশি অধিক হইল ॥
সব সহচরী করিল গমন,
নিজ নিজ কুঞ্জে করিল শয়ন,
নিঃশব্দ নিবিড় নিকুঞ্জকানন,
দ্বারে জগদ্বন্ধু কোটাল রহিল ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীশ্রীনিত্যানন্দ স্মরণ মঙ্গল

সিন্ধুরা

(৪৮)

কে রে কাঙ্গালের বেশে যাচিয়া বেড়ায়।
প্রেমদাতা নিতাই বুঝি এ'সেছে এই নদীয়ায় ॥
দুটি বাহু তুলিয়ে, ঐ যায় রে দুলিয়ে,
কাতরে বিনয় ক'রে কলির জীবেরে লওয়ায় ॥
বলে হরি বল ভাই, ওরে আর চিন্তা নাই,
সকলের দুর্লভধন এ'নেছি কে নিবি আয় ॥
এমন দয়াল অবতার, ভবে হবার নয় রে আর,
আচণ্ডালে ল'য়ে কোলে নয়নজলে ভাসে হায় ॥
প্রভু ছাড়ে হুহুঙ্কার, গেল কালের অধিকার,
গুরু বন্ধু বলে ত্রিভুবন ভাসিল প্রেমের বন্যায় ॥

শ্রীনতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নটন

(৪৯)

ঐ নে'চে যায়।
দুটি বাহু নে'ড়ে কাতরে জীবেরে লওয়ায় রে।
প্রেম কে নিবি কে নিবি ব'লে, যাচিয়া বেড়ায় রে ॥
আচণ্ডালে দিয়ে কোল, বলে ভাই হরিবোল রে,
বিনামূলে বিকাইব ভজ গোরা রায় রে ॥
আয় আয় আয় ব'লে, ধে'য়ে যে'তে পরে ট'লে রে,
এমন দয়ার নিধি আছে বা কোথায় রে ॥
ঘূর্ণিত আঁখি-অরুণ, ঝরে বা,—কত বরুণ রে,
অসাধনে নিত্যধন অমনি বিলায় রে ॥
গগন বন কঞ্চার, করে ঘন হুহুঙ্কার রে,
পুলকে ত্রিলোক প্রেমে নিমগন প্রায় রে ॥
সবে প্রফুল্ল অন্তর, হরি নাম নিরন্তর রে,
বন্ধু বন্ধু অপরাধী ব'লে বঞ্চিত কৃপায় রে ॥

শ্রীমতি

—(:o:)—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তিরোতা

(৫০)

জয় জয় প্রাণচন্দ্র নিত্যানন্দ রাম।
কমন কারুণ্য নিধি আনন্দধাম ॥
(চাঁদ নিতাই আরে)
বীর-বসুধা-সখা জাহ্নবা-জীবন।
(আমার আনন্দ নিধি রে)
সন্তোষ-নরোত্তম-প্রেম-কুন্দন ॥
(মোর নয়নানন্দ রে)
জগাই মাধাই ত্রাতা পদ্মাবতী ধন।
(প্রভু-ভব-ত্রাতা গো)
মঞ্জুল সরোজ-পদে বন্ধু-শরণ ॥
(জীবের এই সব গো)

শ্রীমতি

—(:০:)—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মেঘমল্লার

(৫১)

ডাকে রে করুণ স্বরে নিত্যানন্দ রায়।
কত মন্দাকিনী ধারা বুক ব'য়ে যায়॥
(ধারার বিরাম নাই নাই)
আকর্ণ অরুণ আঁখি ঘূর্ণিত সদায়।
(রসে ঢর ঢর রে)
হরি বোল প্রেম রোল অম্বর ছায়॥
(জয় জয় জয় রে)
হরি ব'লে বিহ্বলে ট'লে বেড়ায়।
(ভাবে মাতোয়ারা রে)
ভাবে ঢুলে বাহু তু'লে ডাকে আয় আয়॥
(প্রেম লও ব'লে রে)
হুহুঙ্কারে চরাচর চমকিত প্রায়।
(ধরা ধন্যা হ'ল রে)
অসাধনে তুষ্ট বন্ধু এক বিন্দু চায়॥
(মোয় ধর ধর হে)

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সিন্ধু

(৫২)

ডাকেরে করুণ স্বরে নিত্যানন্দ রায়।
প্রেম কে নিবি কে নিবি ব'লে, ডাকিতেছে উভরায়॥
বিনা মূলে বিকা'ব, গোরা নিধি মিলা'ব,
হরি ব'লে, বাহু তু'লে, কে কোথা র'য়েছিস্ আয়॥
আর চিন্তা নাই রে ভাই, আয় গৌর গুণ গাই,
তোদের ভাগ্যে বিশ্বম্ভর, অবতীর্ণ নদীয়ায়॥
ভাই বল হরি বল, মোরে কর রে শীতল,
হরিব'লে, বিনামূলে, কি'নে লহরে আমায়॥
নিতাই ডাকে বারেবারে, গেল সকল আঁধার,
প্রভু বন্ধু বলে, দীন ব'লে, রাখ প্রভু রাঙ্গাপায়॥

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গৌরী

(৫৩)

নিত্যানন্দ কুন্দিল, নগর কীর্ত্তন।
প্রদোষ-নদীয়া-বাট,—পূর্ণ রঙ্গন ॥
(কত কত রঙ্গ বা)
করতালে নাদিত মধুর মর্দ্দল।
(মধুর রে রে)
প্রেম প্রাবৃট ভরে ভরিল ভূতল ॥
(ধরা ভ'রে র'ল মা)
তুঙ্গ উল্লম্ফনে নাচে শ্রীগৌরাঙ্গরায়।
(জয় জয় জয় জয়)
উদ্ধার বিমুখ বন্ধু অঘোরে ঘুমায় ॥
(নাম বৈমুখ রে)

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৫৪)

আহা ঐ নিতাই চাঁদ নাচিছে।
নয়নে বারিধারা ঝরিছে ॥
(আহা) বামে গৌর গদাধর তমোরাশি নাশিছে।
(আহা) চারিদিকে ভক্তগণ মঙ্গল গাইছে ॥
(আহা) হরিদাস সীতানাথ প্রেমসুধা ঢালিছে।
(আহা) নিত্যানন্দের হুহুঙ্কারে ত্রিভুবন কাঁপিছে ॥
(আহা) বন্ধুর জীবন গোরা রাধা ব'লে কাঁদিছে।
(আহা) রহিয়ে রহিয়ে গোরা গদাধরে ধরিছে ॥

শ্রীনাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মল্লার

(৫৫)

নিতাই নিতাই নিতাই ব'লে চল নদীয়ায়।
শচীর ঘরে নয়ন ভ'রে হের্‌বি রে গৌরাঙ্গ রায়॥
একাসনে গৌর গদাধর,
ললিত ত্রিভঙ্গ রূপ অতি মনোহর ;
রাশি রাশি রবি শশী রে পদ নখে শোভা পায়॥
পাশে সব পারিষদ গণ,
হরিদাস রামানন্দ রূপ সনাতন ;
প্রেমানন্দ নিত্যানন্দ রে আবেশে অবশ কায়॥
শোভে গৌরীদাস গোবিন্দ গোপাল,
রামাই সুন্দরানন্দ শ্রীবাস দয়াল ;
সীতানাথ রঘুনাথ রে শ্রীজীব বন্ধু সহায়॥

শ্রীমতি

—(:০:)—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কাফি

(৫৬)

নিতাই নিতাই বল অনিবার।
তর্‌বি ভব পারাবার ॥
(নিতাই নিতাই বল)

নিত্যানন্দ পতিত পাবন,
যুগের দুর্ল্লভ ধন করে বিতরণ;
(ঘরে ঘরে প্রেম যাচে রে)
সকলে করে নিস্তার ॥
(ঐ প্রভু নিতাই)

প্রেম যাচে গল বসনে,
কত মন্দাকিনী ধারা মৃগ নয়নে ;
(আচণ্ডালে প্রেম যাচে রে)
করে না জাতি বিচার
(রাধা প্রেম দিতে)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বাহু তু'লে ডাকেরে নিতাই,
এমন দয়াল প্রভু কভু দেখি নাই ;
(অযাচকে প্রেম যাচে রে)
যাচে জীবে বারে বার ।।
(ধর লও বলে)

নাম নৌকা নিতাই কাণ্ডারী,
ভারে ভারে যায় পারে পুরুষ নারী ;
(মুই পাপী পার কর হে)
বন্ধু দিল মা সাঁতার।।
(প্রভু ধর ধর)

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৫৭)

একবার নিতাই নিতাই নিতাই ব'লে ডাক্‌রে পামর মন।
(ও তোর) ভবজ্বালা দূরে যাবে ঘুচিবে মায়াবন্ধন ॥
(মনরে) ভাই বন্ধু দারা পরিজন,
(তুমি) এত যে দেখিছ সব নিশার স্বপন ;
ও সেই, নিত্যানন্দে, প্রেমানন্দে কর তুমি আবাহন॥
(মনরে) নিত্যানন্দ ভবকর্ণধার,
(মনরে) ডাক্‌লে পার করে নিতাই গুণের আকর ;
নিতাই যুক্ত-করে, ঘরে ঘরে, বিলায় সদা প্রেমধন॥
(তোমার) জগদ্বন্ধু দাসে বলে মন,
(মনরে) তোমারে ধরিতে আসে রবির নন্দন ;
তাই, থাক্‌তে বেলা, নিতাইর ভেলা, ধর করি প্রাণ মন॥

শ্রীনাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীশ্রীগৌরচন্দ্র স্মরণ মঙ্গল

(৫৮)

কে রে জাহ্নবী-তীরে হরি ব'লে যায়।
(আহা) হেন অপরূপ রূপ কেউ কি দে'খেছ কোথায় ॥
হের একি রে রঙ্গ, তার করে করঙ্গ ;
(আবার) কটিতে কৌপীন ডোর তুলসীর মালা গলায় ॥
ল'য়ে গঙ্গার মাটী, ক'রে রে পরিপাটী ;
(আহা) তারকব্রহ্ম হরিনাম লিখিয়াছে সর্ব্ব গায় ॥
মুড়া'য়ে চাঁচর কেশ, হ'য়েছে রে বেহাল বেশ ;
(আবার) হরিনামের নামাবলী সোণার অঙ্গে শোভা পায় ॥
তোমরা চিনেছ কি ভাই, এ যে শচীর নিমাই ;
(উহার) ধ্বজ-বজ্রাঙ্কুশচিহ্ন সাক্ষী আছে রাঙ্গা পায় ॥
ছিল গোকুলে বিলাস, হ'ল নবদ্বীপে বাস ;
জগদ্বন্ধু বলে, কালে কালে, কত কিবা হবে হায় ॥

শ্রীনাম

—(:০:)—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তুড়ি

(৫৯)

ঐ গোরারায় ॥

নিতাই সনে কীর্ত্তনে কৃষ্ণ নাম গায় মা ॥

রা রা রা রা রা রা বলে, ধা বলিতে পড়ে ঢ'লে মা ;

পূর্ণিমার চন্দ্র যেন ধূলাতে লুটায় মা ॥

রাধা প্রেমে মাখা তনু, নয়নে অনঙ্গ ধনু মা ;

কটাক্ষে কামিনী-কুল, সাগরে ভাসায় মা ॥

আবেশে গৌরাঙ্গ রায়, পড়ে মুকুন্দের গায় মা ;

কত শত সুরধুনী বুক ব'য়ে যায় মা ॥

ললিত ত্রিভঙ্গ ঠামে, গদাধরে ল'য়ে বামে মা ;

চরণে চরণ থু'য়ে হেলিয়ে দাঁড়ায় মা ॥

চারিদিকে প্রিয়গণ, করে জয় উচ্চারণ মা ;

গুরু বন্ধু গৌর ব'লে, নাচিয়ে বেড়ায় মা ॥

শ্রীমতি

—(:০:)—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইমন

(৬০)

ঐ ছল ছল ॥

আমার গৌর নাচে বলে হরি বল মা ।
তালে তালে করতালে বাজিছে মাদল মা ॥
কষিত কাঞ্চন কায়, নখে শশী শোভা পায় মা ;
তরুণ অরুণ জিনি' শ্রীমুখ কমল মা ॥
পরিধান নীল বাস, অধরে মধুর হাস মা ;
অরুণ নয়নে ঝরে প্রেম অশ্রুজল মা ॥
ধীর দ্বিরদ গমন, বনফুল আভরণ মা ;
মণি মতি মরকত মকর কুণ্ডল মা ॥
সঙ্গে শান্তিপুরেশ্বর, শ্রীধর কমলাকর মা ;
মহানন্দ নিত্যানন্দ ভাবে ঢল ঢল মা ॥
প্রিয় ভক্তগণ সঙ্গে, নাচে গোরা রঙ্গে ভঙ্গে মা ;
দগ্ধ বন্ধু দাসে যাচে ও পদ কমল মা ॥

শ্রীমতি

—(ঃ০ঃ)—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কল্যাণ

(৬১)

নবদ্বীপ-গঞ্জন শ্রীগৌরাঙ্গরায় ।
প্রিয়-অঙ্গ-রঙ্গন সঙ্গ অমিয়ায় ॥
(আঁখি ঠারে চায় গো)
অনীকিনী রঙ্গিনী সুরধুনী ধায় ।
(দরশনের আশা র্যা)
ধূনী-নীরে নিঝরে অশ্রু মিশায় ॥
(সব হারা হ'য়ে মা)
গোরা হেরি নাগরী জলে ভাসায় ।
(আজ পরাজিতা র্যাঃ)
অসাধে অপরাধী বন্ধু অমায় ॥
(চির দূর দূর রে)

শ্রীমতি

—(ঃ০ঃ)—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সিন্ধুরা

(৬২)

নিমাই চাঁদ নে'চে যায় মা
বয়ান ভাসে নয়ন ধারায় ।
রা রা রা রা রা রা বলে মা, ধা ব'লে ধূলায় লুটায় ॥
মূরতি মনোহর, যেন হেম গিরিবর,
আবেশে অবশ অঙ্গ গমন মন্থর ;
অনর্পিত প্রেম দিতে মা, অবতীর্ণ নদীয়ায় ॥
পাণি কোকনদ প্রায়, ধ্বজবজ্রাঙ্কুশ তায় ;
শুক-কম্বু-উলুক-ধ্যানে নাহি পায় ;
অমৃতা নালতীবৃন্দা মা, বন্দে হৃদয়ে যাঁহায় ॥
ত্যাজি অম্বর আসন, নখে ক্ষীরোদ নন্দন,
মকরন্দ পানে মত্ত মধুকরগণ ;
হে'রে কটী পরিপাটি মা, পশুরাজ লাজ পায় ॥
ভনে দগ্ধ বন্ধু দাস, দেহ বৃন্দাবন বাস,
ওহে বিশ্বম্ভর হর মানস-তরাস ;
দিয়ে পরসাদ পুরাও সাধ মা, থাকি চরণ ছায়ায় ॥

শ্রীমতি

—(:০:)—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৬৩)

কাঁদে আর "রা" "রা" বলে শচীর নিমাই ::

"ধা" বলিতে ঢ'লে পড়ে বুঝি রে চেতনা নাই ॥

বলে কোথা বৃন্দাবন, মুঞ্জ নিকুঞ্জ কানন ;

(আমার) কোথা ব্রজ-সখা সব, কোথা কমলিনী রাই ॥

কোথা পিতা নন্দরাজ, সব গোপের সমাজ ;

(আমার) কোথা উপানন্দ তাত কোথা যশোমতী মাই ॥

(বলে) কোথারে ছিদাম, কিঙ্কিনী বসুদাম ;

(আমার) সুবল মঙ্গল কোথা কোথারে দাদা বলাই ॥

কোথা বৃষভানুপুর, নন্দগ্রাম কতদূর ;

(কোথা) যাবট যমুনাতট, ধবলী শ্যামলী গাই ॥

কোথা গিরি-গোবর্দ্ধন, সাধের কুসুম-কানন ;

(আবার) রাধাকুণ্ড, শ্যামকুণ্ড, কোথা গেলে দেখ্‌তে পাই ॥

ওহে নবদ্বীপ চাঁদ, আর ক'রো না বিষাদ ;

জগদ্বন্ধু বলে, খত লিখিলে, ধার শোধিতে এলে তাই ॥

শ্রীনাম

—(:০:)—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সূরট

(৬৪)

রাধা রাধা রাধা ব'লে কাঁদে গোরা রায়।
আবেশে অবশ অঙ্গ রে অরুণ নয়নে চায়॥
করতালে বাজে রে মাদল ;
নিত্যানন্দ নাচে আর বলে হরি বল ;
হে'লে দু'লে বাহু তু'লে
ডাকে সবে উভরায়॥
ভক্তবৃন্দ আনন্দে মগন ;
গৌর গদাধরে ঘি'রে নাচে সর্ব্বজন ;
প্রেম স্বরে প্রাণ ভ'রে
সবে হরি নাম গায়॥
হরি হরি রব নিরন্তর ;
গরজে গভীরনাদে শান্তিপুরেশ্বর ;
বন্ধু বলে ধরাতলে
প্রেমের বন্যা ভে'সে যায়॥

শ্রীমতি

—(ঃ০ঃ)—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পূর্ব্বরাগ

(৬৫)

কে ও সুরধুনী তীরে দেখে যা লো সই।
নেহারি এহেন রূপ কেমনে বা ঘরে রই॥
হেম কষিত বরণ, করে মন হরণ;
(আহা) কটাক্ষ-কুসুম-বাণে, নিল লো সকল অই॥
বদন শতদল, নয়ন ছল ছল;
(আহা) কি সন্ধানে প্রাণে টানে, যাতনা কেমনে সই॥
বনমালা গলে, নাচে হরি ব'লে;
(বুঝি) কুললাজে পড়ে বাজ, মরম বা কারে কই॥
গেল আপন ভরম, সই রমণী ধরম;
জগদ্বন্ধু বলে না দেখিলে তিল আধ বাঁচি কই॥

বিবিধ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সপরিকর শ্রীশ্রীগৌরচন্দ্র স্মরণ মঙ্গল

তুড়ী

(৬৬)

জয় নবদ্বীপ, ভারত প্রদীপ
শান্তিপুরেশ শ্রীবাস ;
জগন্নাথ শচী, বিশ্বরূপ পচি
সুরধুনী সূর্য্যদাস ॥
পতিত পাবন, পাতকী ভাবন,
গোরা করুণা নিধান ;
কনক বরণ, কমল নয়ন,
লক্ষ্মী বিষ্ণুপ্রিয়া প্রাণ ॥
জয় অবধূত, পদ্মাবতী সুত,
বসুধা জাহ্নবা ধন ;
রাম দামোদর, রূপ পুরন্দর,
রঘুনাথ সনাতন ॥
কেশব ভাস্কর, জীব যতিবর,
গোপী বল্লভ মাধব ;
গোপাল গোবিন্দ, গৌরভক্তবৃন্দ,
বন্ধু মরম বান্ধব ॥

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীগৌররূপ

(৬৭)

শ্রীবাস প্রাঙ্গনে, নিত্যানন্দ সনে;
রাজে গোরাচাঁদ মোর।
যেরূপ নেহারে, গৃহে র'তে নারে;
গোরারূপে হ'য়ে ভোর॥
চরণ অমল, লোহিত কমল;
নখে কোটি সুধাকর।
মধ্যদেশ হেরি, লুকাইল হরি;
রম্ভাতরু উরুবর॥
অঙ্গের বরণ, কষিত কাঞ্চন;
ভাল-বক্ষ সুবিশাল।
গজেন্দ্র গমন, সুন্দর জঘন;
বাহু জিনিয়ে মৃণাল॥
স্ফটিক খচিত, দন্ত সুললিত;
খগরাজচঞ্চু নাসা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জিনি বালসূর্য্য, শ্রীমুখ মাধুর্য্য ;
তাহে মৃদু মৃদু ভাষা ॥
রক্তবর্ণ পাণি, সুমধুর বাণী ;
ওষ্ঠ-গণ্ড সুবিশাল ।
সর্ব্বাঙ্গ সুন্দর, গৌর গুণধর ;
হেরি প্রাণ সুশীতল ॥
হরিণ নয়নে, ঝরিছে সঘনে ;
প্রেম-অশ্রু অবিরল ।
ব্রজগোপী বেশে, এল গৌড় দেশে ;
বন্ধু সাধ পদতল ॥

শ্রীনাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্তোত্র

(৬৮)

জয় বিশ্বম্ভর, গৌরাঙ্গসুন্দর,
গৌরীদাস গদাধর।
অগতির গতি, জয় সীতা পতি,
নিত্যানন্দ সুধাকর।
জয় হরিদাস, শ্রীনাথ শ্রীবাস,
বাসুদেব বক্রেশ্বর।
রামাই নন্দাই, জগাই মাধাই,
নরহরি পীতাম্বর।
কেশব কংসারি, মুকুন্দমুরারি,
কবিচন্দ্র পুরন্দর।
মহেশ শঙ্কর, শ্রীজীব শ্রীধর,
রঘুনাথ দামোদর।
রূপসনাতন, রুদ্র উদ্ধারণ,
বনমালী নীলাম্বর।
গোপালবল্লভ, রাঘব মাধব,
সদাশিব বিশ্বেশ্বর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনন্ত নয়ন, হরি নারায়ণ,
কৃষ্ণদাস কাশীশ্বর।
রাম সুদর্শন, শ্রীরঘুনন্দন,
নরোত্তম ভক্তবর।
কবি কর্ণপুর, ভাস্কর ঠাকুর,
গরুড় কমলাকর।
কর্ম্মকূপধূরে, উদ্ধার বন্ধুরে,
প্রাণ গৌরপরিকর॥

শ্রীনাম

(৬৯)

নাচে সীতানাথ চৈতন্য নিতাই।
ঐ শোভার বলিহারি যাই॥
নাচে প্রেমানন্দ নিত্যানন্দরায়।
নাচে ভাবাবেশে দু'টি ভাই॥
নাচে শচীর জীবন বিশ্বম্ভর।
নাচে স্বরূপ রামাই নন্দাই॥
নাচে গৌরীদাস গৌরগদাধর।
নাচে শ্রীবাস জগাই মাধাই॥
নাচে ত্রিলোক-তারণ ভক্তগণ।
পদে জগদ্বন্ধু মাগে ঠাঁই॥

শ্রীনাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চৈতন্য-প্রচারণ

(৭০)

বলে হরি, গৌরহরি, মরি মধুর পঞ্চম স্বরে।
প্রিয় গদাধরে, ধরে' ধরে' চলিতে ঢলিয়া পড়ে ॥
কষিত কনক তনু লেপিত চন্দনে,
(ও তার কিবা শোভা) (কোটী কোকনদ পদ)
কিবা, নীলবাস, কেশপাশ, কাদম্বিনী নিন্দা করে ॥
উরসে চম্পকহার, চূড়া নিরমল,
শ্রবণ যুগলে দোলে মকর কুণ্ডল ;
(রূপের বালাই যাই) (ভুবন ভুলিয়া গেল)
আবার, কত শত, মরকত, মণি মতি শোভা করে ॥
অমল কমলদল, পরিমল লোভে,
ভুলে' বাস রবি শশী নখদেশে শোভে ;
(শশী ভুলে' র'ল) (শতদল-সুধা পিয়ে)
ও তার, গন্ধ পেয়ে, ধেয়ে ধেয়ে, আসে মধুপনিকরে ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হরি বলে' নাচে গোরা শ্রীবাস প্রাঙ্গনে,
কত মন্দাকিনীধারা অরুণ-নয়নে ;
(ধারার বিরাম নাই) (সোণার অঙ্গ ভেসে গেল)
ও তায়, ঘিরে ঘিরে, ফিরে ফিরে, নাচে সব পরিকরে ॥
"রা রা" বলে' কাদে গোরা বিরস বদনে,
"ধা" বলিতে ধরাতলে পড়ে অচেতনে ;
(ধূলায় ঢলে' পড়ে) (বাতাহত তরু হেন)
আবার গদাধর, গুণধর, তাবরে আপন করে ॥
আবেশে অদ্বৈতচন্দ্র ছাড়ে হুহুঙ্কার,
বন্ধুভণে, ত্রিভুবনে, আনন্দ অপার ;
(সুখের সীমা নাই) (ত্রিলোক মাতিল প্রেমে)
পাপ তমঃ সব, পরাভব, নিত্যানন্দ-রবি-করে ॥

শ্রীনাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বেলোয়ার

(৭১)

গদাধর কাদম্বিনী অদ্বৈত অম্বরে।
চৈতন্য চাতক পিপি পিয়াসে সম্বরে॥
(প্রভু পিপি করে রে)
বহমানা বরষিতা, শ্রীবাস-মরুতে।
(মরু জাগিল রে)
ভরমে ভরিল ভৈমী ভারতী মরুতে॥
(ভিমা ভরিল মা)
নিতাই ক্ষণদা ঘন চমকে চতুর।
(কত সুন্দর বা)
অমা ঘোরে তরাসিত বন্ধু বিধুর॥
(পাপে পলাইত রে)

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গান্ধার

(৭২)

জয় জয় কৃপাময় কৃষ্ণ চৈতন্য।

পতিতপাবন প্রভু প্রেমদান ধন্য ॥

(প্রভুর জয় জয় জয়)

জয় জয় নিত্যানন্দ উদ্ধার-সিদ্ধি।

(প্রভু দয়াময় রে)

অযাচিত দয়াধার আনন্দ ঋদ্ধি ॥

(অযাচিত দান মা)

জয় জয় ক্ষেমচন্দ্র অচ্যুত-তাত।

(ওহে ভাব-নিধি রে)

হরিদাস শ্রীবাস পাষণ্ডী পাত ॥

(আমার প্রাণ-ধন হে)

জয় জয় গৌর-প্রিয় প্রাণ-গদাধর।

(আমার সাধনের ধন হে)

উদ্দেশে শরণ বাসে বন্ধু পামর ॥

(আমার আর নাই রে)

শ্রীমতি

—(:০:)—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জয়জয়ন্তি

(৭৩)

জয় নিত্যানন্দ গৌরচন্দ্র গদাধর।
জয় বিশ্বরূপানুজ বিশ্বম্ভর॥

জয় শচীসুত গৌরাঙ্গ সুন্দর,
গুণের সাগর গোরা গমন কুঞ্জর;
গলে বন ফুল হার নখে কোটী শশধর॥

জয় সীতাপতি শান্তিপুরেশ্বর,
যে আনিল গোরা নিধি ভূতল অক্ষর;
জয় মুকুন্দ কুমুদানন্দ শ্রীস্বরূপ দামোদর॥

হরিদাস শ্রীবাস ঈশ্বর,
গোবিন্দ পরমানন্দ বাসু শুক্লাম্বর;
বন্ধু ধন ভক্তগণ ভব-যাতনা-হর॥

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সুরটমল্লার

(৭৪)

জয় প্রাণ গদাধর গৌরাঙ্গজীবন ।
জয় স্বরূপ-সর্ব্বস্ব মুকুন্দ-ভাবন ॥
(তুই স্বরূপের-প্রাণ মা)
জয় নরহরি-নিধি সুধাংশুবদন ।
(ওহে চাঁদমুখ হে)
জয় বাসু-প্রেম-ভাব-রস-রঙ্গন ॥
(সবার জীবন ধন হে)
জয় নরো-সন্তোষ রঘু-কুন্দন ।
(নরোত্তমের-নিধি মা)
বন্ধু-বাঞ্ছা-বিভব হৃদয়েরি ধন ॥
(জীবের সর্ব্বস্ব গো)

শ্রীনতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইমনকল্যাণ

(৭৫)

জয় শান্তিপুরচন্দ্র সীতা-জীবন।
জয় শ্রীঅচ্যুত-তাত শ্রীবাস-মুঞ্জন॥
(তোমার জয় হ'ক হে)
জয় হরিদাস-প্রভু প্রেম-কমন।
(ওহে প্রেমপ্রতিম হে)
জয় ভকত পালন পাষণ্ডী-দলন॥
(জয় পাপীর প্রভু গো)
জয় মাধুর্য্য-প্রতিম জীব-পারন।
(মাধুর্য্যময় রে)
বন্ধু-সাধ বিষাদ ভব-মোচন॥
(প্রভু চাও চাও হে)

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বেলোয়ার

(৭৬)

জয় শ্রীবাস চন্দ্র পাবনাবতার।

জয় সীতাপতি-প্রিয়, পাপী-নিস্তার ।।

(সীতানাথের সখা হে)

জয় শ্রীচৈতন্যময় কীর্ত্তনাধার।

(কীর্ত্তনের প্রভু রে)

জয় বিশ্বরূপ-বিভু, বিশ্ব-উদ্ধার ॥

(তব জয় প্রভু রে)

জয় ভক্তিদান শ্রেষ্ঠ প্রেমাকুপার।

(এই মা প্রেম নিধি রে)

তাপ মোহে তপ্ত রহে বন্ধু তুর্ব্বার ॥

(তাপ দূর কর হে)

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কেদার

(৭৭)

শান্তিপুরে মহাপ্রভু, আচার্য্য-মন্দিরে।
পাশ্ব´দ-রোরুদ্যমান, রহে ঘিরে' ঘিরে' ॥
(চাঁদ ঘিরে' রয় গো)
স্নুত তরে শচীমাতা সর্ব্বতঃ বন্দন।
(মা গো মা মা মা মা)
অগ্রজ-আচার্য্য সহ, গোরার ভোজন ॥
(শোভা হ'ল হ'ল মা)
নিত্য নগরবাসী করে দরশন।
(অক্ষি উদ্ধার হল গো)
তাপ-ত্রাসে হৃকু বন্ধু পাপ পলায়ন ॥
(দূর দূর দূর দূর রে)

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইমনকল্যাণ

(৭৮)

হরিনামে হিন্দোলন শ্রীবাস অঙ্গন।
অভ্রভেদী ভীমনাদে অদ্বৈত গর্জ্জন ॥
(মহাভাবে মত্ত রে)
তৃষিত চাতক-কণ্ঠে, মুকুন্দ গায়।
(কত মধুর রে)
মৃণাল মধুর ভূজ নিতাই ফিরায় ॥
(গোরা-প্রেম ভরে রে)
বিশ্বম্ভর বেড়িয়া তুমুল কীর্ত্তন।
(জয় জয় জয় রে)
ব্রাহ্মীতল মাতিল বন্ধু অচেতন ॥
(পাপ ঘুমে ঘোর রে)

শ্রীনাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সিন্ধুরা

(৭৯)

হরিবলে' বাহু তুলে, নাচেরে নিতাই।
দক্ষিণে আনন্দভরে—হা রে নিমাই ॥
নাচে পণ্ডিত শ্রীবাস, নরহরি হরিদাস,
হুহুঙ্কারে ফিরে' ফিরে;
ডাকে অদ্বৈত গোঁসাই ॥
নাচে গৌরগদাধর, মরি মরি মনোহর,
মুকুন্দ পুরুষোত্তম,
নাচে যাচে এক ঠাঁই ॥
নাচে শ্রীধর শ্রীদাম, গৌরীদাস অভিরাম,
কত খোল করতাল বাজে,
আনন্দের আর সীমা নাই ॥
নাচে গৌরভক্তগণ, ভাবাবেশে নিমগন,
প্রভু বন্ধু বলে, পদতলে,
পড়ে' জীবন জুড়াই ॥

শ্রীমতি

—(:০:)—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তিরোতা

(৮০)

হরি হরি হরি বলে' নাচে গোরারায়।
সোনার বরণ অঙ্গ রে নয়নজলে ভেসে যায় ॥
হরিবলে' নাচেরে নিমাই ;
বামে প্রিয় গদাধর দক্ষিণে নিতাই ;
সঙ্গে রঙ্গে, প্রেম তরঙ্গে,
সঙ্গীগণ নাচে গায় ॥
নিত্যানন্দ ছাড়ে হুহুঙ্কার,
বহিল প্রেমের বন্যা খরতর ধার ;
গলবাসে, গদভাষে,
পতিতে প্রেম বিলায় ॥
মহা রোলে মাতিল সংসার,
হরিনাম অবিরাম আনন্দ অপার ;
বন্ধুভনে, ভক্তগণে,
প্রেম বরষিয়া যায় ॥

শ্রীমতি

—(:০:)—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কল্যাণ

(৮১)

আহা ঐ মৃদঙ্গ বাজিছে।
কি রঙ্গে শ্রীগৌরাঙ্গ নাচিছে ॥
আহা, তালে তালে করতালে ধরাতল ছাইছে ॥
আহা, মুকুন্দ মাধবানন্দ মধুর গাইছে ॥
আহা, গদাধর গুণধর গৌর বামে নাচিছে ॥
আহা, রসকূপ স্বরূপ যুগল হেরিছে ॥
আহা, অশ্রুপূত অবধূত অদ্বৈত নাচিছে ॥
আহা, মহানন্দে ভক্তবৃন্দ জয়ধ্বনি করিছে ॥
আহা, সুন্দরী নদে' নাগরী প্রেমোচ্ছ্বাসে ছুটিছে ॥
আহা, হরিদাস শ্রীবাস ভাবাবেশে মাতিছে ॥
আহা, সুর-নর-খেচর দণ্ডবত নমিছে ॥
আহা, বন্ধু ভণে ত্রিভুবনে প্রেমের বন্যা বহিছে ॥

শ্রীনাম

—(ঃ০ঃ)—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৮২)

স্বুরধুনী তীরে ঐ বাজ্‌ল রে মাদল।
(আমার) নিত্যানন্দ নাচে আর বলে হরি বল ॥
রা রা রা রা বলে' গোরার ঝরে আঁখি জল।
সীতানাথের হুহুঙ্কারে কাঁপে ভূমণ্ডল ॥
গৌরগদাধর নাচে প্রেমে ঢল ঢল।
মাতোয়ারা ভাগীরথী করে কল কল ॥
ভক্তগণ নাচে গায় ভাবেতে বিহ্বল।
সোণার নদীয়াপুরী করে টলমল ॥
জগদ্বন্ধু যাচে সদা পদ পরিমল ॥

শ্রীনাম



CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জয়জয়ন্তি

(৮৩)

অঙ্গন তোরণে পড়ে চাপাল গোপাল।
চৈতন্য-বর্জ্জিত ;—ত্রাতা-শ্রীবাস দয়াল॥
(দয়ার সীমা নাই রে)
ব্যাধি-মুক্ত,—অশ্রুসিক্ত, হরিনাম গায়।
(হরি হরি বলে রে)
হা হা মহাপ্রভু বলে' ধূলায় লুটায়॥
(অঙ্গ, আছাড়িয়ে রে)
নিন্দুক-নিস্তার-নাম, ভরিল ভুবন।
(সবে সবে কও গো)
দ্বিতীয় তাপময়,—বন্ধু অভাজন॥
(ছি ছি দূর দূর রে)

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৮৪)

আয় পারে আয় ।

দয়াল নিতাই ডাকে, সকলে হরি বলে' আয় রে ।
(নিতাই) প্রেম দিতে, পারে নিতে, ডাকে উভরায় রে ॥
(নিতাই) রাধা-প্রেমে মাতোয়ারা,
দু'নয়নে বহে ধারা রে ।
(নিতাই) বেহাল বেশে, দেশে দেশে, যাচিয়া বেড়ায় রে ॥
(আবার) ভাবাবেশে নিতাইচাঁদ,
ছাড়ে হুহুঙ্কার নাদ রে ।
(নিতাই) সুমতি-কুমতি-যতি সকলে মাতায় রে ॥
(ঐ দেখ) এ'ল নিত্যানন্দ রায়,
প্রেমের বন্যা ভেসে যায় রে ।
(আবার) ভকত-মকর যত জলেতে মিলায় রে ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(ঐ দেখ) সদানন্দ নিত্যানন্দ,

পরম আনন্দ-কন্দ রে।

(নিতাই) প্রেমদাতা, জীবত্রাতা, বন্ধুর সহায় রে॥

শ্রীনাম

রূপানুরাগ

সোহিনী—কাওয়ালী

(৮৫)

দেখিনু নদীর নীরে অপরূপ সই।

হেরিলে মূরতি সখী আমাতে কি আমি রই॥

না জানি কি সন্ধানে,

কটাক্ষ বাণ হানে,

জগত বলিছে নবরসের গোরা অই॥

বিবিধ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীশ্রীরাধা গোবিন্দ স্মরণ মঙ্গল।

কামোদ

(৮৬)

জয় বৃন্দাবন, আনন্দ কানন,
কেলী কদম্ব বিশাল ।
কালীয় দমন, দাবাগ্নি মোক্ষণ,
ধীর সমীর তমাল ॥
জয় বংশীবট, যমুনা যাবট,
রাধাকুণ্ড গ্রাম শ্রাম ।
মধুর গোকুল, গোপ গোপীকুল,
নন্দগ্রাম ভানু ধাম ॥
জয় সংকর্ষণ, রোহিনী নন্দন,
বয়স্ত রঞ্জন রাম ।
লবঙ্গ সুবল, শ্রীমধুমঙ্গল,
শ্রীদাম সুদাম দাম ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জয় মধুব্রত, রক্তক পত্রক,
চন্দ্রমুখ বিচক্ষণ।
ধবলী শ্যামলী মোহন মুরলী,
শৈলরাজ গোবর্দ্ধন॥
নিকুঞ্জ পুলিন, কিশোর নবীন,
বিনোদ নন্দনন্দন।
যশোদাজীবন, বিশ্বজন ধন,
বন্ধু মানস মোহন॥

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীকৃষ্ণস্মৃতি

বিভাস

(৮৭)

হাসলো যমুনে হাস, হাস ও চারুবদনে।
মিশা'ব নয়ননীর, তোর নীল নীর সনে॥
(মোরা নীরবে কাঁদি দুজনে) (মোরা নীরবে হাসি দু'জনে)
(আয় আয় সখী)
তোমার তীরেতে আসি, বঁধূ বাজাইত বাঁশী,
পাগল করিত বাঁশী নব ব্রজবধূগণে।
(তা'রা ছুটিত ছুটিত) (শ্যামের বাঁশী শুনে)
ধাইত গোপিনী সব শ্যামচাঁদ দরশনে॥
(তা'রা সবে ভ্রমিত কাননে) (তারা অন্বেষিত প্রাণধনে)
(ও তোর পড়ে কিনা পড়ে মনে) (বাঁকা সখার কথা)
শুনি শ্যাম-বেণুগান তুমি বহিতে উজান;
ত্যজি নিজ কুলমান কিশোরী পশিত বনে।
(রাই আসিত আসিত) (শ্যাম অভিসারে)
মিলিতেন কমলিনী শ্যাম-নটবর-সনে॥
(তুমি দেখতে দোঁহে একাসনে) (তুমি ধন্য করিতে নয়নে)
(তোমায় দাস জগদ্বন্ধু ভণে) (ওলো ও যমুনে)

শ্রীনাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৮৮)

কেরে কালিন্দীর কূলে কদম্ব-তলায়।
আকাশের চাঁদ যেন খসে' পড়ে'ছে ধূলায় ॥
ত্রিভঙ্গ বাঁকা ঠাম, কুঞ্চিত কেশদাম,
(কিবা) কটি বেড়া, পীতধড়া চূড়াটি বামে হেলায় ॥
কর্ণে মকর কুণ্ডল, মৃগ আঁখি ছল ছল,
(কিবা) অলকা তিলকা রেখা বনমালা শোভা পায় ॥
হের হেম নূপুর, মরি মরি কি মধুর,
পদ পরিমলে, বন্ধু বলে, অলি হ'য়ে থাকি আয় ॥

—ঃ০ঃ— শ্রীনাম

(৮৯)

কেরে যমুনাতীরে তমাল তলায়।
(আহা) গগন চন্দ্রমা যেন, ধরায় এসে শোভা পায় ॥
নব নীরদবরণ, নখে তারকা কিরণ,
(কিবা) কানন কুসুমমালা, আপনি দোলে গলায় ॥
পীতধড়া পরিধান, নয়নেতে পঞ্চবাণ,
(মরি) চাঁচর চিকুরে চূড়া, শিখিপাখা শোভা পায় ॥
পদে কনক মঞ্জির, গতি মতঙ্গজ ধীর,
কালো, রূপের আলো, ঢল ঢল, পড়িয়াছে যমুনায় ॥

—(ঃ০ঃ)— শ্রীনাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রামকেলী

(৯০)

ঐ শ্যামরায় ॥

ত্রিভঙ্গ ঠামে দাঁড়ায়ে, কদম্ব তলায় রে ॥

কটীতে কিঙ্কিনী সাজে, চরণে নূপুর বাজে,

রাশি রাশি রাকা শশী, নখে শোভা পায় রে ॥

কোকনদ পাণিতল, কাণে মকর কুণ্ডল রে,

কামিনী মোহন চূড়া, বামেতে হেলায় রে ॥

যুগল মৃণাল করে, অধরে মুরলী ধরে রে,

সাধা বাঁশী রাধা রাধা, বলে উভরায় রে ॥

বরণ চিকণ কালা, গলে দোলে বনমালা রে,

আতঙ্গে অনঙ্গ রতি, ভূমে গড়ি যায় রে ॥

নীল নলিন নয়ন, কেলী কদম্ব হেলন রে,

গুরু বন্ধু পাদপদ্মে জীবন বিকায় রে ॥

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইমন কল্যাণ

(৯১)

জয় কমলিনী, কনক নলিনী,
কুঞ্জবন বিলাসিনী ;
কুঞ্জর গামিনী, কুঞ্জর চারিনী,
কুঞ্জবন বিলাসিনী।
মাধবী মালতী, মল্লী মধুমতী,
কমলা কলভাষিণী ;
কেলী কলাবতী, ভদ্রা সরস্বতী,
গুণ চূড়া গৌর সেনী ॥
জয় ইন্দুলেখা, শৈব্যা শশীরেখা,
ইন্দিরা রাগমঞ্জরী ;
চিত্রা মনোহরা, শ্রীচন্দ্রশেখরা,
নান্দি সুদেবী সুন্দরী।
হা হা প্রাণেশ্বরী, দেহ পদতরী,
বন্ধু জীবন রূপিনী ;
হা হা শ্রীরাধিকা, শ্যাম প্রাণাধিকা,
বন্ধু স্মরণ বন্দিনী ॥

শ্রীমতি

—(:o:)—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ললিত

(৯২)

জয় জয় রসময় রাধা বিনোদন।
নটবর মনোহর মোহন বেণু বাদন॥
জয় ব্রজেন্দ্রনন্দন, বক অঘ নিসূদন,
মাধব ভূধর-ধর ধীর দ্বিরদ গমন॥
জয় কলঙ্কভঞ্জন, খল কালীয় গঞ্জন,
রামানুজ সুরঞ্জন মুঞ্জ নিকুঞ্জশোভন॥
জয় দাবাগ্নি ভক্ষণ, গো রাখাল মোক্ষণ,
গোপ-পক্ষ গোকুল-রক্ষক গোপিকা-গঞ্জন॥
জয় রাধিকা-রমণ, মীন কেতন দমন,
প্রভু বন্ধু বলে পদতলে স্থান দেহ অনুক্ষণ॥

শ্রীনতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

খাম্বাজ

(৯৩)

জয় নন্দনন্দন বংশীবদন দামোদর ;
দাসে দয়া কর শ্যাম সুন্দর ॥
জয় বরজাঙ্গ যশোদাজীবন ;
গোবিন্দ গোকুলানন্দ মদনমোহন ;
জয় গোপেশ গোপিকা-কান্ত
গিরি গোবর্দ্ধন ধর ॥

জয় রসময় রাধিকারঞ্জন,
নীরদ বরণ হরি রমণী মুঞ্জন ;
জয় যমুনা পুলিন চারী
রামানুজ নটবর ॥

জয় বনমালী কালীয় দমন,
কমল নয়ন নীল কলঙ্ক ভঞ্জন ;
জয় বন্ধু প্রাণ মনোহর
মঞ্জুকুঞ্জ বন চর ॥

শ্রীনতি

—(:o:)—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সুরটমল্লার

(৯৪)

জয় নবঘন, নলিন নয়ন,
রসময় নটবর ;
নমূচি মোহন, নিকুঞ্জ শোভন,
প্রেমাকাশ সুধাকর ॥
ব্রজেন্দ্র নন্দন, বারিদ বন্দন,
বনমালী মনোহর ;
বীরজা রঞ্জন, গমন খঞ্জন,
গোপীনাথ দামোদর ॥
কলঙ্ক ভঞ্জন, কালীয় গঞ্জন,
যমুনা পুলিন চর ;
মায় বিনোদন, মুরলী বদন,
মানস তামস হর ॥
গোধন চারণ, গোপ গোপীধন,
মাধব ভূধর ধর ;
গোকুল ভূষণ, গোপাল তোষণ,
বন্ধু প্রভু ক্ষেমেশ্বর ॥

শ্রীরতি

—(:০:)—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মল্লার

(৯৫)

রাধা মাধব অই মাধবী তলায়।
কালিন্দী কলনাদিনী উজান যায়॥
(রূপে বাউড়ী হ'ল মা)
শুক শারী ময়ূরী মঙ্গল গায়।
(মুখ চেয়ে' চেয়ে' মা)
কুরঙ্গিনী রঙ্গিনী চর চর চায়॥
(কত সাধে সাধে লো)
করে কর সহচরী ঘিরে' দাঁড়ায়।
(শোভার সীমা নাই মা)
কম্পিত স্মর-রতি ধরণী লোটায়॥
(সব ত্যজ্য করে' লো)
প্রেমরোল অবিরল অম্বর ছায়।
(অভ্র আমোদিত মা)
বৈষ্ণবাপরাধী বন্ধু আভাস না পায়॥
(চির বঞ্চিত রে)

শ্রীমতি

—(:০:)—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কামোদ

(৯৬)

রাধা মাধব মোহন রা ।
বিনোদ নীরদ বরণ রা ॥
অমল কমল নয়ন রা ।
রঞ্জন খঞ্জন গমন রা ॥
কুসুম কুঙ্কুম ভূষণ রা ।
আভীরী কুমারী জীবন রা ॥
কিশোর কিশোরী মুঞ্জন রা ।
কুন্দন কালীয় দমন রা ॥
গোপাল রাখাল তোষণ রা ।
গোবিন্দ শ্রীনন্দ নন্দন রা ॥
সুন্দর ভূধর ধারণ রা ।
বন্ধু মুগধ মোক্ষণ রা ॥

শ্রীমতি

—(:•:)—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৯৭)

আহা ঐ রসময় আসিছে।
বৃন্দাবন আনন্দে ভাসিছে ॥
(আবার) শারী-শুক-পিক-কুল সুমধুর গাইছে ॥
(কিবা) যমুনা উজান ব'য়ে কল কল নাদিছে ॥
শ্যামের মুরলী রবে নীলাম্বর ছাইছে ॥
শ্যামের মুরলী রবে ব্রজধাম মাতিছে ॥
শ্যামের মুরলী রবে ব্রজ বধূ ধাইছে ॥
পুলকে পূরিত তনু কমলিনী আসিছে ॥
কেলি কদম্বের মূলে রাধাশ্যাম মিলিছে ॥
আবেশে আহিরী-বালা ঘিরে' ঘিরে' নাচিছে ॥
কাতর কন্দর্প-রতি ধরাতলে লুটিছে ॥
জগদ্বন্ধু যোড়করে প্রেম-সেবা মাগিছে ॥

শ্রীনাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৯৮)

আহা ঐ মুরলী ধ্বনিল।
ধবলী উল্লাসে ধাইল।
আহা, রাম সনে বনশ্রমে বটুগণ শুইল।
আহা, বিরলে ভ্রমণ ছলে বনমালী চলিল।
আহা, সুবল মধুমঙ্গল ইঙ্গিতে আসিল ॥
আহা, অভিসারে কান্তারে কিশোরী পশিল।
আহা, নব নব বধূগণ আবেশে ছুটিল ॥
আহা, ধীরে ধীরে কুণ্ডতীরে রাইকানু মিলিল।
আহা, বন্ধু ভণে দরশনে মনসিজ নমিল ॥

শ্রীনাম

(৯৯)

ঝিঁঝিট—কাওয়ালী।

যেও না যেও না সখী ও বনে মাধব আছে।
সে যদি সন্ধানে বাণ বল কি উপায় আছে ॥
আমরা কুলের নারী,
বল কি উপায় করি;
সে যে কুটিল কাণ্ডারী, যেও না লো তার কাছে ॥

বিবিধ

—(ঃ০ঃ)—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১০০)

আহা ঐ বাঁশরী বাজিল।
ধবলী উল্লাসে সাজিল।
আহা, ললিতা চম্পকলতা রাই বেশ রচিল ॥
আহা, সখীসনে সম্মিলনে সোহাগিনী চলিল।
আহা, নিপশিরে পিকবর পঞ্চম গাইল ॥
আহা, যমুনা আনন্দমনা উজান বহিল।
আহা, সখীগণ অগণন বৃন্দাবনে পশিল ॥
আহা, যুগলে মাধবীতলে সবে মিলে ঘিরিল।
আহা, বন্ধু বলে ধরাতলে রতিপতি পড়িল ॥

শ্রীনাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১০১)

একবার রাধা রাধা রাধা বলে' নাচরে রাখালগণ।
(ভাইরে) গোচারণ-শ্রম যাবেরে শীতল হ'বে প্রাণমন ॥
(ভাইরে, রাধা রাধা রাধা বলে')
(ভাইরে) পিতা নন্দ গোপের ভূপাল;
(ভাইরে) তবে যে সেজে'ছি আমি গোধন-রাখাল ;
পেয়ে' রাধাপদ কোকনদ রে জুড়া'বে তাপিত জীবন ॥
(ভাইরে) ত্যজিয়াছি গোলোক আসন,
(আমার) রাধা মন্ত্র জপ তপ হৃদয় ভূষণ ;
যদি চাহে শ্যামে, রাধা নামে রে রাখ রুচি অনুক্ষণ ॥
(নামে, জয় রাধানামে) (মোরে ধন্য কর)
(মোর) দন্তে তৃণ ধরা যে রে ভাই,
(ভাই রে) নিয়াছেন দাস-খত কমলিনী রাই ;
আমি কায়মনে, সে চরণে রে, করে'ছি সব সমর্পণ ॥
(আমি, জয় রাধাপদে) (হেরি' বন্ধু হাসে)
(সাক্ষী অষ্ট সখী)

শ্রীনাম

—(ঃঃ)—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিরহ

ঝিঁঝিট—আড়াঠেকা ॥

(১০২)

সখী সে নীলরতন ;
করে' যতন রেখ' আমারি মতন ।
বিরহে জীবন যায়
দে সখী চির বিদায় ;
পুনঃ জনমিয়ে যেন পাই শ্যামধন ॥

বিবিধ

—(ঃ০ঃ)—

সান্ত্বনা

ঝিঁঝিট—আড়াঠেকা ।

(১০৩)

রাধে না ত্যজ জীবন ।
পাবে মাধব তব মানসরঞ্জন ॥
আমি বৃন্দা নাম ধরি,
কি না করিতে পারি,
এই যাই মধুপুরী, আনিতে মোহন ॥

বিবিধ

—(ঃ০ঃ)—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বেহাগ

(১০৪)

কোথা বৃন্দাবনেশ্বরী কিশোরী আমার।
তোমা বিনে বিনোদিনী দিবসে আঁধার ॥
তুমি মম বেদধর্ম্ম, ভাব রাগ রসমর্ম্ম,
তুমি মোক্ষ কাম কর্ম্ম, প্রেম পারাবার ॥
গোধন পালন ছলে, বসি সদা তরুতলে,
ও রূপ হেরিব ব'লে, সাধি অনিবার ॥
বিরহ ব্যথিত প্রাণ, কর ত্বরা শান্তিদান,
ও চরণে যাচে স্থান, বন্ধু দুরাচার ॥

বিবিধ

—(ঃ০ঃ)—

ঝিঁঝিট—আড়াঠেকা।

(১০৫)

কৈ কমলিনী রাই।
বিনে কিশোরী কিসে ধৈর্য্য ধরি ভাই ॥
হারে রে ও সুবল,
সে বিনে প্রাণ বিফল,
বারেক দেখা রে তারে জীবন জুড়াই ॥

বিবিধ

—ঃ০ঃ—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বেহাগ

(১০৬)

হা রাধিকে প্রাণাধিকে মাধবজীবন।
তোমা বিনে তমোময় হেরি ত্রিভুবন॥
মরম জ্বালায় মরি, কেমনে ধৈরজ ধরি,
কোথা আছ প্রাণেশ্বরী, সাধনের ধন॥
দেখা দেও প্রেমময়ি, দরশনে ধন্য হই,
নতুবা কেমনে সই, বিরহ বেদন॥
হারে রে সুবল ভাই, এনে দে প্রাণের রাই,
পোড়া পরাণ জুড়াই, হেরে' সে বদন॥

বিবিধ

—(:০:)—

(১০৭)

ঝিঁঝিট—কাওয়ালী।

যমুনাতীরে ধীরে বিহরে চিকণ কালা,
কালরূপে কালিন্দীর দুকুল করেছে আলা॥
বাজিল মোহন বাঁশী,
উগরে অমিয় রাশি,
ত্যজি' নিজ কুলমান যায় বনে ব্রজবালা॥

বিবিধ

—(:০:)—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আবাহন গীতি

ধানশ্রী

(১০৮)

ও কু-পাবন ॥

সাঙ্গোপাঙ্গ সনে, কীর্ত্তনে, কর আগমন হে।
প্রিয় গদাধরে, বামে ধরে' দাও দরশন হে ॥
এস শ্রীশচী নন্দন, বিষ্ণুপ্রিয়া-বিনোদন হে;
ঐ সদানন্দ নিত্যানন্দ অধম-তারণ হে ॥
এস শ্রীবাস শ্রীরাম, রামানন্দ অভিরাম হে;
এস এস শান্তিপুর নাথ অনাথ শরণ হে ॥
এস গোবিন্দ শ্রীধর, গৌরীদাস দামোদর হে;
এস স্বরূপ স্বুন্দরানন্দ শিখি স্বুদর্শন হে ॥
এস রাঘব ভাস্কর, পুরন্দর পীতাম্বর হে;
এস মুকুন্দ মুরারি হরি রূপ সনাতন হে ॥
এস গৌর গদাধর, সংকীর্ত্তনে নৃত্য কর হে;
তব বন্ধু ভণে দরশনে, জুড়াই জীবন হে।

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ধানশ্রী

(১০৯)

ও দয়াময় ॥

সপরিকরে কীর্ত্তনে হও এসে' উদয় হে।
প্রভু বিশ্বম্ভর হর ভার হইয়ে সদয় হে ॥
এস গৌর নিত্যানন্দ, স্মরণ কীর্ত্তন কন্দ হে ;
প্রভু দয়া করে' এ পামরে, বিতর অভয় হে ॥
এস গৌর গদাধর, গৌরীদাস গুণধর হে ;
এস স্বরূপ প্রবোধানন্দ, পতিত আশ্রয় হে ॥
এস শান্তিপুরেশ্বর, শ্রীধর কমলাকর হে ;
এস সার্ব্বভৌম ভাস্কর ঠাকুর মহাশয় হে ॥
এস মুরারি শ্রীবাস, রামানন্দ হরিদাস হে ;
এস মুকুন্দ কুমুদানন্দ সর্ব্ব গুনময় হে।
এস এস প্রভু মম, রামচন্দ্র নরোত্তম হে ;
এই বন্ধু ভণে ও চরণে মতি যেন রয় হে ॥

শ্রীমতি

—(:০:)—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কানাড়া

(১১০)

এস সংকীর্ত্তনে বিশ্বরূপ বিশ্বম্ভর।
এস প্রেম দাতা নিত্যানন্দ ভব কর্ণধর ॥
এস রূপ সনাতন, স্বরূপ রঘুনন্দন,
এস হরিদাস সীতানাথ শ্রীবাস শ্রীধর ॥
এস রাম সুদর্শন, নরহরি নারায়ণ,
এস মুরারি মুকুন্দ রঘুনাথ দামোদর ॥
স্বীয় ভক্তগণ সনে, এস গৌর সংকীর্ত্তনে,
এস শ্রীগৌরাঙ্গ গদাধর বন্ধুর ঈশ্বর ॥

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১১১)

এস এস নবদ্বীপরায়, দীনজন ডাক্‌ছে হে তোমায়।
আমি ভবঘোরে, ঘুরে' ঘুরে' আচ্ছন্ন মোহ-মায়ায়॥
তুমি সংকীর্ত্তনেশ্বর, তুমি নদে'-সুধাকর,
(এবার) বিতরি' করুণা-সুধা রক্ষ চরাচর ;
প্রভু তুমি বিনে, এ দুর্দ্দিনে, অন্ধকার সমুদয়॥
কোথা নিতাই গুণধর, কোথা প্রাণ গদাধর,
রামানন্দ অদ্বৈত শ্রীবাস ভক্তবর ;
ল'য়ে এ সকলে, কুতূহলে, গৌর এস গো ত্বরায়॥
ওহে শচীর দুলাল, তুমি পরম দয়াল,
ত্বরায় এসে' ঘুচাও দাসের সংসার-জঞ্জাল ;
দাসে দয়া কর, গুণাকর, বিকাশি' বিমল-কায়॥
আমি জ্ঞান-গতিহীন ভক্তি-ভজন-বিহীন,
গ্রহ-কোপানলে দেহ, দিনে দিনে ক্ষীণ,
ভেসে' নয়নজলে, বন্ধু বলে, রেখ' গৌর রাঙ্গা পায়॥

শ্রীনাম

—(:০:)—

৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১১২)

এস এস গৌরাঙ্গসুন্দর, বামেতে লয়ে' গদাধর।
দাঁড়াও ত্রিভঙ্গ ভঙ্গিম ঠামে, চরণ-চরণোপর ॥
এস হৃদয়-রঞ্জন, তুমি বিপদ-ভঞ্জন,
ভক্ত-বাঞ্ছাকল্পতরু ভূভার-হরণ ;
আমি ভবভয়ে, ভীত হয়ে' ডাকি তোমায় বিশ্বম্ভর ॥
ওহে নবদ্বীপচাঁদ, আমার পূরাও মনসাধ,
প্রেমকণা দানে, নাশ মনের বিষাদ ;
চেয়ে কৃপাচক্ষে, কর রক্ষে, দণ্ড-কমণ্ডলুধর ॥
এই কলিযুগ ধন্য, পাপী জীবের জন্য,
অবতীর্ণ হলেন প্রভু নিতাই চৈতন্য ;
দিয়ে হরিনাম; গুণধাম, মাতা'লে এ চরাচর ॥
বন্ধু কাঁদিয়ে বলে, অশেষ পাতকী বলে,'
পাপানলে হিয়া মোর সদাই জ্বলে ;
দিয়ে অভয়পদ, গোরাচাঁদ, জুড়াও তাপিত অন্তর ॥

শ্রীনাম

—(ঃ০ঃ—)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১১৩)

এস প্রাণ গৌরাঙ্গসুন্দর।
এস এস সংকীর্ত্তনেশ্বর ॥

এস নদীয়ার পূর্ণ শশধর।
এস ল'য়ে সব সহচর ॥

এস সীতানাথ নিতাই গুণধর।
এস গৌরীদাস গদাধর ॥

এস শ্রীনাথ, শ্রীবাস বক্রেশ্বর।
এস এস স্বরূপ দামোদর ॥

এস বন্ধুর সর্ব্বস্ব বিশ্বম্ভর।
এসে জুড়াও তাপিত অন্তর ॥

শ্রীনাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১১৪)

এস প্রভু পতিতপাবন।
এস এস শচীর নন্দন ॥

এস ভকত-বৎসল বিশ্বম্ভর।
এস এস ভূভার-হরণ ॥

এস গদাধর গৌরাঙ্গসুন্দর।
এস এস সাধনের ধন ॥

এস শ্রীবাস শ্রীশান্তিপুরেশ্বর।
এস এস জাহ্নবা-জীবন ॥

এস গৌরীদাস স্বরূপ দামোদর।
এস এস গৌর-ভক্তগণ ॥

এস কলি-ঘোর-তামস-ভাস্কর।
এস এস বন্ধ-বিমোচন ॥

শ্রীনাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১১৫)

এস প্রাণ গৌর গদাধর।
এস এস প্রভু বিশ্বম্ভর ॥

এস নিত্যানন্দ গৌরাঙ্গসুন্দর।
এস নরহরি নীলাম্বর ॥

এস সীতানাথ স্বরূপ দামোদর।
এস বাসুদেব বক্রেশ্বর ॥

এস শ্রীরাম শ্রীবাস ভক্তবর।
এস কেশব কমলাকর ॥

এস নদীয়া-কৌমুদী-সুধাকর।
এস এস বন্ধুর ঈশ্বর ॥

শ্রীনাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১১৬)

এস হে ওহে গৌর হরি।
নিতাই কর ধরি ॥

তোমার নামেতে অমিয় মাখা হে।
মরি কিবা সুধা মরি মরি ॥

এস গদাধরে বামে ল'য়ে হে।
আমি হেরি ও যুগল মাধুরী ॥

গৌর করুণা নয়নে চে'য়ে হে।
এসে কর আমার মন চুরি ॥

গৌর বন্ধুরে কি কর্‌রে দয়া হে।
গৌর দিবে কি পদবল্লরী ॥

এস নিতাই গৌর সীতানাথ হে।
এস এস আমার শিরোপরি ॥

শ্রীনাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১১৭)

এস হে ওহে গৌরাঙ্গ, নিত্যানন্দ সঙ্গে ॥
তোমার আজানু-লম্বিত বাহু হে।
তা'তে ধরে'ছে কাঠের করঙ্গ ॥

তোমার ভুবন জিনিয়ে রূপ হে।
ও রূপ হেরে' লাজ পায় অনঙ্গ ॥
তুমি হরিনাম সুধা দানে হে।
গৌর মাতালে সকল বঙ্গ ॥

আমি ভবের হাটে ঘুরে' ঘুরে' হে।
গৌর পেয়েছি বড় আতঙ্ক ॥
আমার হৃদয় মাঝে জাগ গৌর হে।
আমার শীতল হউক সকল অঙ্গ ॥

তোমার দাস জগদ্বন্ধু যাচে হে।
একবার দাঁড়াও হে হ'য়ে ত্রিভঙ্গ ॥
জাগ গদাধরে বামে ল'য়ে হে।
আমি হেরি যুগল রূপের রঙ্গ ॥

শ্রীনাম

—(:০:)—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১১৮)

এস সংকীর্ত্তনের মাঝে শচীর দুলাল।
এস গৌরীদাস গদাধর গৌর-গোপাল॥
এস নবদ্বীপ-চন্দ্র, শ্রীবাস সুন্দরানন্দ,
এস গৌর নিতাই সীতানাথ মানস-মরাল॥
এস সংকীর্ত্তনেশ্বর, রূপ স্বরূপ দামোদর,
এস প্রাণের গৌর-ভক্তগণ পরম দয়াল॥
ল'য়ে আনন্দ লহরী, এস নিতাই গৌরহরি,
যাচে অভয়-চরণ, অনুক্ষণ, এ বন্ধু কাঙ্গাল॥

শ্রীনাম

—(ঃ০ঃ)—

(১১৯)

এস সংকীর্ত্তনে প্রাণ গৌরাঙ্গ সুন্দর।
এস পুষ্পবন্ত নত্যানন্দ গৌরগদাধর॥
এস শান্তিপুরেশ্বর, বাসুদেব বক্রেশ্বর,
এস গৌরীদাস শ্রীনিবাস স্বরূপ দামোদর॥
এস প্রভু নিত্যানন্দ, পরম আনন্দ-কন্দ,
এস মুকুন্দ মুরারি নরহরি নীলাম্বর॥
ল'য়ে স্বীয় ভক্তগণ, এস পতিত-পাবন,
বন্ধু বলে কেঁদে, রাঙ্গাপদে, রাখ নিরন্তর॥

—(ঃ০ঃ)—

শ্রীনাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১২০)

এস সংকীর্ত্তনের মাঝে চৈতন্য নিতাই।
মোরা নয়ন ভ'রে রূপ হেরে জীবন জুড়াই ॥
চৌষট্টি মোহান্ত সনে, এস প্রভু সংকীর্ত্তনে,
এস রূপ রঘুনাথ আদি সকল গোঁসাই ॥
এস গৌর-ভক্ত-বৃন্দ, সীতানাথ রামানন্দ,
এস গৌরীদাস গদাধর জগাই মাধাই ॥
ল'য়ে স্বীয় সাঙ্গোপাঙ্গ, এস প্রভু শ্রীগৌরাঙ্গ,
জগদ্বন্ধু ভণে, ও চরণে, এ দেহ বিকাই ॥

—(:০:)— শ্রীনাম

(১২১)

এস সংকীর্ত্তনের মাঝে শচীর নন্দন।
এস প্রেমদাতা নিত্যানন্দ পতিত পাবন ॥
এস গৌর গদাধর, সীতানাথ গুণধর,
এস গোপাল গোবিন্দ রাম রূপসনাতন ॥
ল'য়ে দ্বাদশ গোপাল, এস গৌর গোপাল,
এস চৌষট্টি মোহান্ত সনে গৌরভক্তগণ ॥
এস শ্রীবাস শ্রীধর, বাসুদেব দামোদর,
এস হরি রঘুনাথ, জীব বন্ধু বিভূষণ ॥

—(:০:)— শ্রীনাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১২২)

জাগ শ্রীগৌরাঙ্গ আমার হৃদয় মাঝারে।
আমি ধোয়া'ব শ্রীপদ আজি নয়নধারে ॥
প্রকাশি' সে রূপরাশি, তামস বিনাশ আসি'
আমি সকল ভুলে' নয়ন খুলে' হেরি তোমারে ॥
প্রেম-সুধা বরিষণে জুড়াও এ তাপিত জনে;
তোমার রূপ সাগরে, বিশ্বম্ভর, ভাসাও আমারে ॥
তব প্রেমধনে ধনী, কর গৌর গুণমণি,
রাখ বন্ধুদাসে, পদপাশে, কৃপাসঞ্চারে ॥

শ্রীনাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পাহেড়া

(১২৩)

ল'য়ে সাঙ্গোপাঙ্গ, এস শ্রীগৌরাঙ্গ
চৌষট্টি মোহান্ত সনে ;
স্বরূপ প্রকাশি, সদানন্দে ভাসি,
নৃত্য কর সংকীর্ত্তনে ॥
এস ত্রাণকারী, অষ্ট ব্রহ্মচারী,
ষড় গোস্বামী শ্রীবাস ;
প্রেম বরিষণে, পাতক নাশনে,
করুণা করহ প্রকাশ ॥
এস হে দয়াল, দ্বাদশ গোপাল,
গদাধর দামোদর ;
করতাল রঙ্গে, মধুর মৃদঙ্গে,
মত্ত কর চরাচর ॥
এস শান্তি-দ্বীপ, শান্তিপুরাধিপ,
দয়ানিধি সীতাপতি ;
এস বন্ধুধন, জাহ্নবা জীবন,
নিত্যানন্দ বন্ধু গতি ॥

—(:০:)—

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১২৪)

এস রাধা মদনমোহন।
এস এস মূরলী-বদন ॥
এস সদানন্দ নন্দের নন্দন।
এস যশোদার প্রাণধন ॥
এস গোপীনাথ গোকুল-জীবন।
এস গোপাল গোপ-ভূষণ ॥
এস নবঘন-নলিন-নয়ন।
এস এস নিকুঞ্জ-শোভন ॥
এস দামোদর ভূধর-ধারণ।
এস এস রাধিকা-রঞ্জন ॥
এস রাস-রস-রসিক-রতন।
এস এস বন্ধু বিনোদন ॥

শ্রীনাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১২৫)

এস রাধা মদনগোপাল।
এস এস যশোদা-দুলাল॥
এস নন্দ উপানন্দ হলধর।
এস সদানন্দ নন্দলাল॥
এস শ্রীদাম সুদাম বসুদাম।
এস এস সকল রাখাল॥
এস অংশুমান শ্রীমধুমঙ্গল॥
এস ল'য়ে সব ধেনুপাল॥
এস ললিতাদি ব্রজসখীগণ।
এসে ঘুচাও দাসের জঞ্জাল॥
এস বন্ধু জীবন-যুগল-কিশোর।
এস এস মানস-মরাল॥

শ্রীনাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১২৬)

এস হে ওহে বংশীধারী।
বামে ল'য়ে প্যারী॥
আমি ভজন পূজন নাহি জানি হে।
হরি অমি অতি পাপাচারী॥
হরি অপার ভব জলধি হে।
তাহে তরঙ্গ উঠেছে ভারি॥
হরি আমার অতি জীর্ণ তরী হে।
হরি ত্বরায় এসে হও কাণ্ডারী॥
একবার জয়রাধা শ্রীরাধা বলে' হে।
হরি বাজাও মূরলী তোমারি॥
জাগ জাগ রাধা দামোদর হে।
জাগ জাগ হৃদয়ে আমারি॥

শ্রীনাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১২৭)

জাগ রাধাশ্যাম মোর হৃদয়-দ্বিদলে রে ॥
ধোয়া'ব চরণ আজি নয়নের জলে রে ॥
পূজিব যতনে দোঁহা চরণ-কমল রে ॥
নাচিব ইন্দ্রিয় সনে রাধাকৃষ্ণ বলে' রে ॥
কাঁদিব ইন্দ্রিয় সনে রাধাকৃষ্ণ বলে' রে ॥
পার হ'ব ভবসিন্ধু রাধাকৃষ্ণ বলে' রে ॥
জগদ্বন্ধু দাসে রাধে রে'খ পদতলে রে ॥
গোপী-দেহ দিও মুই সেবিব যুগলে রে ॥

শ্রীনাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীশ্রীভজন সংকীর্ত্তন

কল্যাণী

(১২৮)

গৌর গৌর বল রসনা।
যাবে ভব যাতনা॥
(গৌর গৌর বল)
পুষ্পবন্ত চৈতন্য নিতাই,
গৌরীদাস গদাধর রামাই নন্দাই;
(বল হা গৌরাঙ্গ হা হা হা হা)
(গৌর গৌর গৌর গৌর)
(গৌর নাম কভু ভু'ল না;)
(গৌর প্রাণ গৌর)
সীতাপতি অদ্বৈত গোঁসাই;
যে আনিল নবদ্বীপে নন্দের কানাই;
(ঐ! গুণের! নাই! মা! তুলনা;)
(দয়াল সীতানাথ)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীরাম শ্রীবাস ভক্তবর ;
যাহার আঙ্গিনার মাঝে নাচে বিশ্বম্ভর ;
(ঐ ! উদ্ধারণ ! কামনা !) (জয় জয় গোরা.)
গুণসিন্ধু গৌর ভক্তগণ ;
নামে প্রেমে মাতাইল এ তিন ভুবন ;
(বন্ধু চায় করুণা-কণা ;) (দয়া দয়া হে হে) ॥

শ্রীমতি

বেনাবলি

(১২৯)

ভজ রে আমার মন চৈতন্য গোঁসাই ।
অযাচিত কৃপাকারী অদ্বৈত নিতাই ॥
ভজ গৌর গদাধর, গৌরীদাস শ্রীধর,
গোবিন্দ গোকুলানন্দ রামাই নন্দাই ।
ভজ গৌর পরিকর, ভাস্কর কমলাকর,
শ্রীবাস সুন্দরানন্দ জগাই মাধাই ॥
ভজ গৌর বিশ্বম্ভর, লঙ্ঘিবে ভব সাগর,
প্রভু বন্ধু ভনে, ত্রিভুবনে, অন্য গতি নাই ॥

শ্রীমতি

—(:০:)—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৩০)

(মনরে) ভজ প্রাণ গৌরাঙ্গসুন্দর।
ভজ হরিদাস শ্রীনিবাস বাসুদেব দামোদর ॥
ভজ শচীর নন্দন, জগন্নাথের জীবন,
পতিতপাবন বিষ্ণুপ্রিয়াপ্রাণধন ;
ভজ পুষ্পবন্ত, নিত্যানন্দ, নব গৌর-গদাধর ॥
ভজ শ্রীবাস প্রাঙ্গন, ভজ নামসংকীর্ত্তন,
লোকনাথ নরোত্তম রূপসনাতন ;
ভজ মুরারি মুকুন্দ, মাধবেন্দ্র পুরী যতিবর ॥
ভজ তারকব্রহ্মনাম, ভজ নবদ্বীপ ধাম,
যাহার স্মরণে পূর্ণ হয় মনস্কাম ;
ভজ অম্বিকা খেতরী শান্তিপুর অতি মনোহর ॥
লহ শ্রীগুরু শরণ, ভজ বৈষ্ণব চরণ,
দিবানিশি কর হরিপ্রেম আস্বাদন ;
বন্ধু সকাতরে, বলে তোরে, বল হরিবোল নিরন্তর ॥
শ্রীনাম

—(:::)—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গান্ধার

(১৩১)

গাও অবিরাম ॥

গভীর নাদে, রাধা কৃষ্ণ নাম গো।

বল গোপাল গোবিন্দ গিরিধারী রাধা শ্যাম গো ॥

রাধে কৃষ্ণ রাধে রাধে, গাও সবে মনসাধে গো ;

রাই সনে একাসনে, রসিত সুঠাম গো ॥

মাধব নন্দনন্দন, হলী কালিন্দী ভেদন গো ;

রোহিণী নয়ন সংকর্ষণ বলরাম গো ॥

লবঙ্গ মধুমঙ্গল, মহাবাহু মহাবল গো ;

সুবল কুসুমাসব শ্রীদাম সুদাম গো ॥

রাধাকুণ্ড বৃন্দাবন, গিরিবর গোবর্দ্ধন গো ;

যাবট শ্রীবৃষভানুপুর নন্দগ্রাম গো ॥

শ্রীগুরু বৈষ্ণবে রতি, সেবা বিশুদ্ধ ভকতি গো ;

প্রভু বন্ধু বলে বাহু তুলে চল ব্রজধাম গো ॥

শ্রীমতি

—(:০:)—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মেঘ

(১৩২)

খোল করতালে ভাই কর সংকীর্ত্তন।
গৌর নিত্যানন্দ বলে' নাচ অনুক্ষণ ॥
(জয় জয় গাও রে)
শ্রীরাধা গোবিন্দ জয় বল সর্ব্বজন।
(জয় জয় বল রে)
রাধা-কৃষ্ণ-নাম-রসে হও নিমগন ॥
নামে মত্ত হও রে)
অষ্টপাশ কারাবাস হবে রে মোচন।
(পরিণাম রবে গো)
বন্ধু বলে অবহেলে এড়াবি শমন ॥
(আর ভয় নাই রে)

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বড়াড়ী

(১৩৩)

গাও রে আনন্দভরে হরে কৃষ্ণ নাম।
হরে কৃষ্ণ হরে রাম বল অবিরাম॥
করতাল মাদলে, নাচ হরি ব'লে,
হরিনামের আগে তুচ্ছ ধর্ম্মঅর্থমোক্ষকাম॥
গোপাল গোবিন্দ হরে, গাও সবে প্রেমস্বরে,
দামোদর গিরিধর নবঘন শ্যাম॥
কর্ম্মকাণ্ড পরিহরি, প্রেমে বল হরি হরি,
বন্ধু বন্ধু ভনে হরিনামে পাবিরে বিরাম॥

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সারঙ্গ

(১৩৪)

গাওরে গভীর নাদে রাধা কৃষ্ণ নাম ॥
সীর পাণি-সংকর্ষণ কালিনী-ভেদন রাম।
ভজ মুরলী বদন, গোপী-জন-বিনোদন,
গোবিন্দ গোকুলানন্দ বনমালী ঘন শ্যাম ॥
ভজ মদন গোপাল, নন্দ যশোদা দুলাল,
অর্জ্জুন কুসুমাসব বরূথপ বসুদাম ॥
ভজ ছয় মঞ্জরী, রাই সহচরী,
অষ্ট সখী চৌষট্টি গোপিনী কি সুঠাম ॥
ভজ শ্রীরাস মণ্ডল, গোপী কৃষ্ণ রঙ্গস্থল,
গুরু বন্ধু বলে, সবে মিলে গাও গুণ অবিরাম ॥

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কানট

(১৩৫)

তোরা! মা! ভজ! রাধা মদন গোপাল।
রোহিণী নন্দন রাম বামে যশোদা দুলাল॥

নবঘন শ্যাম, সুত্রিভঙ্গ বাঁকা ঠাম,
নব নটবর রূপ জিনি' কোটী কাম;
চারু চাঁচর চিকুরে চূড়া অধরে বেণু রসাল॥

শ্রীমধুমঙ্গল, ব্রজরাখাল সকল,
কিঙ্কিনী কুসুমাসব লবঙ্গ সুবল;
বরূথপ বসুদাম দাম সুদাম রাখাল॥

অষ্ট গোপিনী, রাধা শ্যাম সঙ্গিনী,
গৌর সেনী সুকেশিনী কলভাষিনী;
নিধুবন কুঞ্জবন কেলি কদম্ব বিশাল॥

রাধাকুণ্ড বৃন্দাবন ধূনী আনন্দ কানন,
রসবতী শ্রীমতির প্রেম নিকেতন;
রাধা পদ কোকনদ যাচিছে বন্ধু কাঙ্গাল॥

শ্রীমতি

—(:০:)—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সুহিনী

(১৩৬)

বল হরি বল।

শ্রীকরতালে বাজায়ে মধুর মাদল রে ॥

প্রেমস্বরে প্রাণ ভ'রে ঝ'রে অবিরল রে ॥

ভুবাহু বিস্তার করি, বল ভাই হরি হরি রে ;

নামে মজি সদা ত্যজি মোহ হলাহল রে ॥

ভক্তি শাস্ত্র ভাগবত, সার কর অবিরত রে ;

অনাসক্তি শুদ্ধ ভক্তি ভাব সুনির্ম্মল রে ॥

একাগ্রতা আনুগত্য, সাধু গুরু সেবা সত্য রে ;

আবাহন নিবেদন শ্রবণ মঙ্গল রে ॥

কুঞ্জে কুঞ্জে করপুটে, মুঞ্জ মাধুকরী লুটে রে ;

চর চর পান কর যমুনার জল রে ॥

প্রভু বন্ধু দাস আশ, বৃষভানুপুরে বাস রে ;

রাধাকুণ্ড বৃন্দাবন যাবট শীতল রে ॥

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৩৭)

ও মন, হরি হরি হরি বলে' চল ব্রজে যাই।
(যদি) গোঠের মাঝে, রাখাল সাজে, হেরবি রে কানাই বলাই ॥
(মনরে) রাধাকুণ্ড গিরি গোবর্দ্ধন
(ও সে) বংশীবট নিধুবন নিকুঞ্জ কানন ;
যদি বাঁকা ঠামে, শ্যামের বামে, হেরবি রে কিশোরী রাই ॥
(মনরে) জগদ্বন্ধু বলে কাঁদিয়ে,
(কবে) রাধাকৃষ্ণের পদতলে লুটা'ব গিয়ে ;
পিয়ে পদ্ম-সুধা, যাবে ক্ষুধা, অন্য সুধা নাহি চাই ॥
শ্রীনাম

তুড়ী

(১৩৮)

ভজ রে অবোধ মন নন্দের কানাই।
নীলাম্বর হলধর সুন্দর বলাই ॥
ভজ শ্রীদাম সুবল, লবঙ্গ মধুমঙ্গল,
কিঙ্কিনী কুসুমাসব রাখাল সবাই ॥
ভজ গিরি গোবর্দ্ধন, রাধাকুণ্ড বৃন্দাবন,
ললিতা বিশাখা বৃন্দা বিনোদিনী রাই ॥
ভজ বৃষভানুপুর, নন্দগ্রাম সুমধুর,
যাবট দ্বাদশ বন বন্ধু বলে তাই ॥
শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পাহেড়া

(১৩৯)

ভজ রে আমার মন শ্রীনন্দনন্দন।
তালাঙ্ক মুষলী-হলী-বল-কালিন্দী ভেদন ॥

ভজ বংশীধারী, বিপিন বিহারী,
রসিক শেখর রসময় রমণী মোহন ॥

ভজ রঞ্জনকারী, মুঞ্জ নিকুঞ্জচারী,
শ্যামসুন্দর দামোদর রাধিকারমণ ॥

ভজ কালীয় বারী, কেশীদানবহারী,
গোপীজন প্রাণধন নীলনলিন নয়ন ॥

ভজ বক অঘারি, নিত্য-পুরুষ-ভারি,
প্রভু বন্ধু ভনে ও চরণে রাখ রাধাবিনোদন ॥

শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মঙ্গল

(১৪০)

ভজ রে মন শ্রীনন্দদুলাল।
যশোদানন্দন লাল বাল গোপাল ॥
ভজ রাম হলধর, কামপাল নীলাম্বর
সুবল মধুমঙ্গল ব্রজ রাখাল ॥
ভজ ধবলী শ্যামলী, বৎস গোধন সকলি,
পুলিন ধীর সমীর মাধবী তমাল ॥
ভজ গিরি গোবর্দ্ধন, গোকুল দ্বাদশ বন,
বন্ধু গুরু বলে, কৃষ্ণ ব'লে, কাট মায়াজাল ॥ শ্রীমতি

বেলোয়ার

(১৪১)

ভজ রে ভজ রে মন গিরিধারী ॥
নিকুঞ্জ কুসুম বন পুলিন চারী ॥
ভজ শ্যাম নটবর, দামোদর মনোহর,
গোপাল গোবিন্দ হরি গোষ্ঠ বিহারী ॥
ভজ বৃন্দাবন কন্দ, কালিন্দী গোকুলানন্দ,
গোপেশ গোপিকাকান্ত কালীয় বারী ॥
ভজ রাধাবিনোদ, মাধব বেণুবাদন,
বিনোদ বন্ধু গোক্ষণ রক্ষণ কারী ॥ শ্রীমতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বেনাবলি

(১৪২)

হরে কৃষ্ণ মুকুন্দ মাধব ;
তরিব্বি রে ভবার্ণব ॥

গোপাল গোবিন্দ গিরিধর ;
গোকুল গোপ বৈভব ॥

গোপীনাথ গোলোক ঈশ্বর ;
ব্রজবালক বান্ধব ॥

মদন মোহন মনোহর ;
মোহন মুরলী রব ॥

সুবল মঙ্গল হলধর ;
কিঙ্কিনী কুসুমাসব ॥

বন্ধু বাঞ্ছা রাধা দামোদর ;
মোর ব্রজ সখী সব ॥

শ্রীনতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৪৩)

(মনরে) ভজ রাধামদনমোহন।
ভজ যাবট যমুনাতট সুখময় বৃন্দাবন॥

ভজ ভজ নন্দলাল, ও সেই যশোদাদুলাল,
সুবল সুদাম দাম সকল রাখাল ;
ভজ ধবলী, শ্যামলী কালী, হলী মুষলধারণ॥

ভজ কংসকারাগার, ভজ রূপের বাজার,
যমুনা পুলিনে কেলী নিকুঞ্জ বিহার ;
ভজ রাধাকুণ্ড শ্যামকুণ্ড, গিরিরাজ গোবর্দ্ধন॥

ভজ ব্রজগোপীগণ, নব ব্রজ বধূগণ,
ললিতা, বিশাখা, চিত্রা রমণীরতন ;
ভজ বংশীবট, কেশীঘাট, কেলী কদম্বের বন॥

ভজ ভজ ব্রজধাম, ভজ রাধাকৃষ্ণনাম,
যার আগে তুচ্ছ ধর্ম্ম অর্থ মোক্ষ কাম ;
বন্ধু বলে কেঁদে, গুরুপদে, রাখ রতি অনুক্ষণ॥

শ্রীনাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৪৪)

আয় সবে ভাই ;
খোল করতালে, আনন্দে হরিগুণ গাই রে।
আয় হরি বলে' বাহুতুলে, নাচিয়া বেড়াই রে ॥

(ও ভাই) হরে কৃষ্ণ হরে হরে, গাও সবে প্রাণ, ভরে রে ;
(আয়) হরিনামে, মাতি প্রেমে, ধূলাতে লুটাই রে ॥

(ও ভাই) হরেকৃষ্ণ হরিনাম, গাও সবে অবিরাম রে ;
(আয়) হরি বলে' অবহেলে, নিয়তি এড়াই রে ॥

(ও ভাই) কলি-কলুষ-নাশন, হরিনাম সংকীর্ত্তন রে ;
(কিবা) অনর্পিতে, প্রেম দিতে, চৈতন্য নিতাই রে ॥

(ও ভাই) ধর্ম্ম অর্থ মোক্ষ কাম, সর্ব্বসার হরিনাম রে ;
(আয়) হরি রসে, ভক্তি বশে, মাতিয়ে মাতাই রে ॥

হরি হরি বল সবে, হরিপদে স্থান হবে রে ;
জগদ্বন্ধু ভণে, সংকীর্ত্তনে, জীবন বিকাই রে ॥

শ্রীনাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৪৫)

(ভজ) রাধেকৃষ্ণ গোবিন্দ গোপাল।
যদি এড়াবিরে মায়াজাল॥
ভজ যশোদানন্দন নন্দলাল।
ও সেই, অলকা-তিলকা-ভাল॥

ভজ গোকুলবিহারী গিরিধর।
ভজ সকল ব্রজরাখাল॥
ভজ গোপী-জন-বল্লভ মাধব।
ও সেই, গলে বনফুলমালা॥

ভজ রাধিকা-রঞ্জন রসময়।
ও সেই, করে মুরলী রসাল॥
ভজ বন্ধুর জীবন ঘনশ্যাম।
ও সেই, মুনি-মানস-মরাল॥

শ্রীনাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৪৬)

হরি হরি বল সকলে
সবে নাচরে হরি বলে' ॥
ভজ গোপীনাথ মদন-মোহন
গোপাল গোবিন্দ রাম শ্রীমধুসূদন ,
(বল হরে কৃষ্ণ হরে হরে রে) (বল হরে রাম হরে রাম)
যদি তর্‌বিরে কালকবলে ॥ (সদা হরি বল)

ভজ দামোদর মুরলীবদন,
নিকুঞ্জবিহারী হরি রমণী মোহন ;
(বল রাধেকৃষ্ণ রাধে রাধে রে) (সদা রাধা বল রাধা বল)
ভাইরে, দিন যে গেল বিফলে ॥ (রাধা রাধা বল)

ভজ বনমালী ব্রজেন্দ্র-নন্দন,
বিনোদ বিপিনচারী রসিক রতন ;
(বল রাধেশ্যাম রাধে রাধে রে) (বল রাধাশ্যাম রাধাশ্যাম)
যদি হের্‌বি নব-যুগলে ॥ (জয় রাধা বলে')

ভজ গোলোকেশ কলঙ্কভঞ্জন,
রসময় রাস-বিহারী রাধিকা-রঞ্জন ;
(বল রাধানাথ রাধে রাধে রে) (জয় রাধা যে বল রে)
জগদ্বন্ধু কাঁদিয়ে বলে ॥ (রাধে রাধে রাধে)

শ্রীনাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৪৭)

রাধে রাধে বল বদনে।
যদি যাবিরে বৃন্দাবনে ॥
ভজ রাধেকৃষ্ণ গোবিন্দ গোপাল,
অধরে মধুর হাসি মুরলী রসাল ;
(ও তার কটি বেড়া পীতধড়া রে)
হেমনূপুর বাজে চরণে ॥ (রুণু ঝুনু রবে)

ভজ গোপীকৃষ্ণ গোকুল-জীবন,
গলে বনফুল-হার হরিণ-নয়ন ;
(ও তার কটাক্ষেতে প্রাণ হরে রে)
ও সে মজায় গোপিকাগণে ॥ (আড় নয়নে চেয়ে)

ভজ হরে কৃষ্ণ কালীয়দমন,
ভ্রমর-কুঞ্চিত-কেশ কামিনী-মোহন ;
(ও সেই নরনারীর মনোচোরা রে)
ও সে বিহরে রাধা সনে ॥ (রূপের বাজারেতে)

ভজ প্রাণকৃষ্ণ যশোদা-নন্দন,
জলদবরণ যতি-বন্ধু-বিনোদন ;
(ও সে ভক্তজনার প্রাণের প্রাণ রে)
ও তা জানে বসুধা ধনে ॥ (সাক্ষী পৌর্ণমাসী)

শ্রীনাম

—(:०:)—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রচারণ

(১৪৮)

সবে তালে তালে, খোল করতালে,
কর হরি গুণ গান।
ভকতির বশে, মজ প্রেমরসে,
জুড়া'বে তাপিত প্রাণ ॥

বল প্রাণভ'রে, হরেকৃষ্ণ হরে,
রাধে রাধে জয় রাধে।
গাও অবিরাম, রাম হরেরাম,
বিরাম পাইবে সাধে ॥

শ্রীরাধাগোবিন্দ, চরণারবিন্দ,
ভজরে ভজরে মন।
যাবে মায়া-ধন্ধ, হবেরে আনন্দ,
ঘুচিবে ভববন্ধন ॥

সবে ভাবে ভুলে, দু'টি বাহু তুলে,
কর হরিসংকীর্ত্তন।
জগদ্বন্ধু বলে, তবে কুতূহলে,
এড়াবি রবিনন্দন ॥

—(:০:)—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কেদার

(১৪৯)

সুরধুনী-পুলিনে গৌর গদাধর।
দক্ষিণে নিতাই হেম ছত্র ধর॥
(প্রেম-দাস্যের-ভাব গো)

কর জোড়ে শ্রীবাস শান্তিপুরেশ্বর।
(আখি ছল ছল রে)
শ্রীধর কমলাকর করে চামর॥
(ভাবে ডগমগ বা)

যুগল-মঙ্গল-রোলে-ফুল্ল অম্বর।
(ধরা ভ'রে গেল রে)
জয় জয়-বিশ্বময়-পুষ্প-বাদর
(সব কুসুমিত বা)

প্রেম গানে মগন প্রিয় পরিকর।
(সবে ভাবে ভোর গো)
বঞ্চিত বিদূরিত বন্ধু পামর॥
(আর গতি নাই রে)

শ্রীমতি

—(:০:)—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৫০)

ভজ নিতাই গৌরাঙ্গচরণ, যদি যাও গোকুল বৃন্দাবন।
(ও সে) নিত্যানন্দ প্রেমদাতা গৌরাঙ্গ পরমধন ॥

দন্তে তৃণ ধরিয়ে, নিতাই বলে যাচিয়ে,
ভজ গৌরহরি, মোরে লহ কিনিয়ে ;
নিতাই এত বলি, পড়ে ঢলি, ভাবেতে হ'য়ে মগন ॥

রাধাপ্রেমে ঢল ঢল, দু'টি আঁখি ছল ছল,
কেঁদে নিতাই বলে, সবে বলরে হরি বল ;
লহ নামামৃত, হব ক্রীত, ভজরে শচীনন্দন ॥

লহ লহ হরিনাম, পূর্ণ হবে মনস্কাম,
ক্রমে পাইবেরে ধর্ম্ম-অর্থ-মোক্ষ-কাম ;
(ও সেই) গৌররূপে, নয়ন সঁপে, সফল কররে জীবন ॥

বন্ধু কয় ধীরে ধীরে, ভেসে নয়ন নীরে,
রে'খ নিতাই গৌর দাসে চরণতীরে ;
আমার, নাই কোন বল, পথ সম্বল, নাই গৌর-সাধন-ভজন ॥

শ্রীনাম

—(ঃ০ঃ)—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৫১)

মনঃ শিক্ষা

রাগিণী বিভাস।

হরি হরি বল মন, জনম বিফলে যায়।
দারুণ অরুণসূত শিয়রে আগত প্রায়॥
(শেষে করিবেরে হায় হায়) (শেষে হইবেরে হায় হায়)
(কাল পূর্ণ হল)

গিয়াছে বাল্য কৈশোর, যৌবন কুসঙ্গে ভোর
রিপুবশে রঙ্গরসে রত ইন্দ্রিয় সেবায়;
(দিন যায় যায়রে) (ছয় রিপু সেবায়)
দারুণ অরাতিগণ চরমে ক্রমে লুকায়॥
(তা'রা ফিরে কভু নাহি চায়) (তা'রা হিত কভু নাহি চায় ;
(তা'রা স্বকার্য্য সাধিয়ে ধায়) (কালের হাতে দিয়ে)

মূঢ় মন মজে র'লে, মজ নিত্যানন্দ ব'লে,
করাল কালকবলে কি ব'লে বাঁচিবি হায়;
(আর কে আছেরে) (চাঁদ নিতাই বিনে)
অমূল্য সময় মন, যায় আহা অবহেলায়॥
(কেন ভুলিস্ মায়া-মরীচিকায়) (কেন ভুলিস্ মায়া-বিভীষিকায়)
(বন্ধু কবে যাবি নদীয়ায়) (দু'ভাই অন্বেষণে)

শ্রীনাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৫২)

দেহতত্ত্ব

ভুলে মর্ম্ম, একি কর্ম্ম, ও মন তরবিরে কোন্ বলে।
ত্যজি সত্য ধর্ম্ম, জ্ঞান কর্ম্ম, কুসঙ্গেতে মজে র'লে ॥

সপ্তম মাসেতে যবে জননী জঠরে,
গর্ভের অনলে পুড়ে ডাকিতে কাতরে ;
(কোথা দীননাথ) (এই মতিহীনে দয়া কর)
এবার জনমিয়ে, ভবে গিয়ে, পূজিব পদযুগলে ॥

ভূমিষ্ঠ হইতে মায়া জ্ঞান হরি নিল,
প্রণবজঠর-স্মৃতি অন্তর হইল ;
(সব পাশরিলে) (বিষ্ণুমায়া পরশনে)
শেষে শৈশবেতে, দিবা রেতে, র'লে ধূলাখেলার ছলে ॥

বাল্যেতে খেলিলে সদা সঙ্গীগণ সনে,
কাটালে কৈশোরকাল পুস্তক পঠনে।
(স্মরণ কর নাই) (মন্‌রে হরি নামের পড়া)
তুমি যুবাকালে, মোহজালে, পড়িলে রিপুর কৌশলে ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সংসার চিন্তাতে পড়ে, প্রৌঢ় কাল গেল,
ক্রমে বক্ষে বদ্ধমূল হ'ল পাপ-শেল।
(নাম ভুলে র'লে) (ধন-মদে অন্ধ হয়ে')
তখন জায়ার ভয়ে, নত হ'য়ে, পড়িতে তার পদতলে ॥

এলরে বার্দ্ধক্য ঐ অতীব ভীষণ,
শুভ্র কেশ, লোল চর্ম্ম, কোটরে নয়ন ;
(এখন কি করিবে) আগে তারে ডাক নাই)
ত্যজি মায়া ছবি, আয়ু রবি, যাবে কাল অস্তাচলে ॥

জগদ্বন্ধু দাসে বলে শুন মূঢ় মন,
সময় থাকিতে তাঁরে কররে স্মরণ ;
(সদা হরি বল) (হরি হরি হরি বল)
মায়া মোহ ভুলে, বাহু তুলে, নাচ সদা হরি ব'লে ॥

শ্রীনাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৫৩)

(দৈন্য—বোধিকা)

পূরবী—আড়া

ভেবে দেখ ওরে মন, যত সব অকারণ।
মিছে কেবল আমার আমার কর তুমি অনুক্ষণ॥
ভাই বন্ধু সুত দারা সঙ্গে নাহি যাবে তারা।
সকলে বলিয়ে মড়া দিবে তোমায় বিসর্জ্জন॥
তাই বলি যোড় করে ডাক সেই সর্ব্বেশ্বরে।
যাঁহারে ডাকিলে পরে পাইবে রে পরিত্রাণ॥

বিবিধ

—ঃ০ঃ—

(১৫৪)

(দেহতত্ত্ব)

(পূরবী—আড়া

এই যে মাটির দেহ মাটি হয়ে মিশে রবে।
মিছে কেন অকারণ আড়ম্বর কর তবে॥
নিত্য নেমে সরোবরে কেন ধৌত কর তারে।
সুবস্ত্রাদি উপহারে কেন সদা তোষ তারে॥
তাই বলি ওরে মন যত সব অকারণ।
বিনে সেই ব্রজধন মিছে সব এই ভবে॥

বিবিধ

—(ঃ০ঃ)—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৫৫)

অনুশোচনা

বিফলেতে যায় রে জীবন শ্রীহরি সাধন বিনে।
মুখে বল হরি হরি জনম গেল অকারণে॥
গৌরাঙ্গ গৌরাঙ্গ বলি আমার হিয়া ডুবল না রে।
গৌরাঙ্গ রূপ-সাগরে আর ডুবিবি কত দিনে॥
শুনরে ভাই তোরে বলি ডাকরে গৌরাঙ্গ বলি।
নৈলে হবি কিসে পার পড়িবি শেষে নিদানে॥
দিবানিশি বলছি হরি মিলে না সে চতুরালী।
ধরব ব'লে মনে করি ধ'রতে গেলে আর পারিনে॥
জগদ্বন্ধু বলে তোরে ভজ রাধা-দামোদরে।
হরি বিনে এ সংসারে তরিবার উপায় দেখিনে॥

বিবিধ

স্তোত্রাবলী

(১৫৬)

হা কৃষ্ণ করুণাসিন্ধু কাতর-শরণ রে।
জয় গোপেশ গোপিকা-কান্ত মদন-মোহন রে॥
হা গোপাল গিরিধর গোধন পালন রে।
জয় গোবিন্দ গোলোকনাথ গোকুল জীবন রে॥
জয় বিনোদ সুখদ শ্যাম নিকুঞ্জ-শোভন রে।
জয় রসরাজ সুখ-সাজ কিশোরী-রঞ্জন রে॥
জয় দামোদর মনোহর মুরলী-বদন রে।
জয় বন্ধুর নয়নানন্দ শ্রীনন্দ-নন্দন রে॥ শ্রীনাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৫৭)

হা কৃষ্ণ চৈতন্য প্রভু ন'দে'সুধাকর রে ॥
জয় শচীর জীবন বিষ্ণুপ্রিয়া প্রাণেশ্বর রে ॥
জয় পুষ্পবন্ত নিত্যানন্দ গৌরাঙ্গ সুন্দর রে ॥
জয় শ্রীবাস অদ্বৈত লোকনাথ গুণধর রে ॥
জয় জগাই মাধাই গৌরীদাস দামোদর রে ॥
জয় হরিদাস রামানন্দ গৌর অনুচর রে ॥
জয় স্বরূপ শ্রীবাস শ্রীনিবাস দামোদর রে ॥
জয় রূপ রঘুনাথ নরোত্তম বিশ্বম্ভর রে ॥
জয় মুরারি মুকুন্দ বাসুদেব বক্রেশ্বর রে ॥
জয় শান্তিপুর নীলাচল ধাম মনোহর রে ॥
জয় ঠাকুর বৈষ্ণবগণ গুণের সাগর রে ॥
জয় জয় গৌরভক্তবৃন্দ দয়ার সাগর রে ॥
হা গৌরাঙ্গ গদাধর বন্ধুর ঈশ্বর রে ॥

শ্রীনাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৫৮)

জয় সঙ্কর্ষণ, কালিন্দী কর্ষণ,
কলুষনাশন রাম।
মুষল ধারণ, মুষ্টিক তারণ,
নন্দনয়নাভিরাম॥

রেবতীরঞ্জন, দনুজ গঞ্জন,
রোহিণীনন্দন বীর।
রজত-বরণ, রাজীবলোচন,
গমন দ্বিরদ ধীর॥

রতনভূষণ, রমণীতোষণ,
নীলবসন সুন্দর।
অরুণলোচন, অশিব মোচন,
বন্ধুর কৈতব হর॥

শ্রীনাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৫৯)

জয় নারায়ণ, পতিতপাবন,
পরমেশ পরাৎপর।
পঙ্কজলোচন, পাতক নাশন,
জগদীশ যজ্ঞেশ্বর ॥

প্রলয় কারণ, পীযুষ হরণ,
চতুর্ভুজ পীতাম্বর।
কৈটভ দমন, কৌস্তুভ ভূষণ,
শার্ঙ্গ কৌমুদকীধর ॥

ভকত জীবন, ভোলানাথ ধন,
কেশব খগেশচর।
রাঙ্গা পদপাশে, রাখ বন্ধু দাসে,
দীননাথ দামোদর ॥

বিবিধ

(১৬০)

রাগিণী মূলতান—তাল একতালা।

জয় বিশ্বম্ভর, দামোদর,
দীনেশ জনার্দ্দন।
তুমি কৌস্তুভভূষণ, কমলাক্ষ,
পীতবসন ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তুমি অধোক্ষজ, সুরেন্দ্র-বরজ,
ধ্বজ-বজ্রাঙ্কুশ চরণ।
শ্রীবৎসলাঞ্ছন, সৃজন পালন,
তুমি হে প্রলয় কারণ॥

তুমি লক্ষ্মীকান্ত, অচ্যুত অনন্ত,
কৃতান্তভীতি-বারণ।
ত্রিলোক তারণ, ত্রিতাপ হরণ,
নবীন নীরদবরণ॥

তুমি সংকর্ষণ, সত্য সনাতন,
সকল-জন-জীবন।
অকুল কাণ্ডারী, মুকুন্দ মুরারি,
মাধব মধুসূদন॥

তুমি দর্পহারী, হরি দানবারি,
শাঙ্গ´-কৌমুদকী ধারণ।
রাখ জগদ্বন্ধু দাসে, যুগলপদ পাশে,
হে নাথ অনাথশরণ॥

বিবিধ

—(ঃ০ঃ)—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৬১)

বেহাগ—একতালা

জয় জয় শ্রীরাধে।
জয় কমলিনী, কুঞ্জ বিলাসিনী,
প্রেম পাগলিনী মানিনী রাধে ॥

জয় বিনোদিনী, বিনোদমোহিনী,
বিন্দু-নিবাসিনী, বিপিনচারিণী,
শ্যামনাম চারু, চরণে শোভিণী,
সতী শিরোমণি তরুণী রাধে ॥

জয় হেমাঙ্গিনী, কুরঙ্গনয়নী,
প্রেমতরঙ্গিনী, বনবিহারিণী,
জয় নিতম্বিনী, নিকুঞ্জবাসিনী,
শ্যাম-সোহাগিনী তোষিণী রাধে ॥

জয় আদরিণী, আনন্দদায়িনী,
আমোদকারিণী, মাধব ভামিনী,
মধুর হাসিনী, মধুর ভাষিণী,
মরালগামিনী মোহিনী রাধে ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জয় গৌরবিনী, গরিমাশালিনী,
গোকুলবন্দিনী, গোপালকামিনী,
জয় জয় শরদিন্দু-নিভাননী,
শ্যামাঙ্কশায়িনী কামিনী রাধে ॥

জয় রাজরাণী, রাজার নন্দিনী,
রক্ষ বন্ধু দাসে, রাই সীমন্তিনী,
বাসররঙ্গিনী, গোপিকাসঙ্গিনী,
গোবিন্দরঞ্জিনী গোপিনী রাধে ॥

বিবিধ

(১৬২)

হা মুরারি মধুহারী মানস মোহন রে।
জয় জনার্দ্দন নারায়ণ নিত্য নিরঞ্জন রে ॥
জয় হা যোগেশ জগদীশ জলদবরণ রে।
জয় খগাসন সঙ্কর্ষণ সত্যসনাতন রে ॥
হা অনন্ত রমাকান্ত কৃতান্তবারণ রে।
জয় শ্রীনিবাস পীতবাস কৌস্তুভভূষণ রে ॥
জয় মুকুন্দ সচ্চিদানন্দ হৃদয়রঞ্জন রে।
জয় জগদ্বন্ধু কৃপাসিন্ধু অন্ধের নয়ন রে ॥
জয় দ্বারকেশ হৃষিকেশ শ্রীবৎসলাঞ্ছন রে।
জয় অচ্যুত দেবকীসূত বন্ধু বিমোচন রে ॥

শ্রীনাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৬৩)

বেহাগ—একতালা

(জয়) জয় গিরিধারী।
জয় শ্রীগোবিন্দ, গোকুল আনন্দ,
গোপেন্দ্রনন্দন গোষ্ঠবিহারী ॥

চরণে নূপুর, নখে নিশাকর,
চাঁচর চিকুরে, চূড়া মনোহর,
চমকে চন্দ্রকে, চপলা নিকর,
কিবা রদ চারু মুকুতা সারি ॥

নীল কুবলয়, বয়ান নয়ন,
নীরদ নবীন, জিনি সংহনন,
ভূরুযুগ কুসুমেষু শরাসন,
কটাক্ষে কাতর পুরুষ নারী ॥

গতি মত্ত করী, গলে বনমাল,
নাভী সুগভীর, শ্রীকর মৃণাল,
কটী-কক্ষ-বক্ষ, ভাল সুবিশাল,
কালীয়-কুণ্ডলী দমনকারী ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কিবা পীতধড়া, পাণি নিরমল,
নাসা তিলফুল, কপোল কোমল,
শ্রবণে কনক, মকর-কুণ্ডল,
মঞ্জু কুঞ্জবন পুলিনচারী ॥

বিনোদ মধুর, মুরলী অধরে,
রাধানাম সুধা, বরষণ করে,
গোপিকাপ্রণয়-সাগরে সন্তরে
জগৎ-মানস তামসহারী ॥

বিবিধ

(১৬৪)

হা গোবিন্দ গোপীনাথ মদনমোহন রে ॥
জয় যমুনা-পুলিন মধুপুর বৃন্দাবন রে ॥
জয় যাবট যমুনা তট নিকুঞ্জ শোভন রে ॥
জয় শ্যামকুণ্ড রাধাকুণ্ড মুরলী কঙ্কণ রে ॥
জয় সুবল মঙ্গল রাম মুষলধারণ রে ॥
জয় ধবলী শ্যামলী কালী কালীয়দমন রে ॥
জয় মাধবীতমাল কেলি কদম্বের বন রে ॥
জয় রাধিকারঞ্জন শ্যাম রসিক রতন রে ॥
জয় ললিতা বিশাখা চিত্রা সহচরীগণ রে ॥
হা কিশোরী রাসেশ্বরী বন্ধুর জীবন রে ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৬৫)

জয় জনার্দ্দন, জলদবরণ,
জগদীশ যজ্ঞেশ্বর।
জগততারণ, যম নিবারণ,
যতি-হৃদি-সুধাকর ॥

বরাহ বামন, বলি বিতারণ,
মীন কুর্ম্ম কলেবর।
অমিয় হরণ, অনুঢ় মোহন,
নৃসিংহ নন্দকধর ॥

রেণুকা নন্দন, রাবণ দমন,
হলী-বুদ্ধ গুণাকর।
শ্রীবৎসলাঞ্ছন, শ্রীবাণীরঞ্জন,
পদ্মনাভ পীতাম্বর ॥

কমল নয়ন, কলুষনাশন,
কল্কী পুরুষবর।
ভুবনপাবন, ভকত জীবন,
বন্ধু ত্রিতাপহর ॥

শ্রীনাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৬৬)

রাগিণী বিভাস।

জাগ রাধা-দামোদর, জাগ হৃদয়-দ্বিদলে।
বড় আশা হে প্রাণেশ পূজিব পদকমলে॥
(ভবে দিন যে গেল বিফলে) (কিসে জিনিব কালকবলে)
(ওহে প্রাণবল্লভ)

জাগ রাধাবিনোদিনী, বিনোদ মনোমোহিনী,
জাগ রাই ত্রিভঙ্গিনী, শ্যামের বামে ঢলে ঢলে।
(আমি হেরিব হেরিব) (যুগল কিশোররূপ)
কানন কুসুমমালা দিব তু'জনার গলে॥
(আমি নাচব রাধাকৃষ্ণ বলে) (আমি কাঁদব রাধাকৃষ্ণ বলে)
(আমি ভাসব তু'নয়ন জলে) (রাধাকৃষ্ণ বলে)

তুলি আনন্দ লহরী, জাগ অষ্ট সহচরী,
হাতে হাতে হাত ধরি ঘের নবীন যুগলে।
(সবে ঘিরে দাঁড়াও) (আমার রাধাশ্যামে সবে ঘিরে দাঁড়াও)
দাও সবে হুলাহুলি প্রাণ খুলে কুতূহলে॥
(আমি ব্যজন করিব অঞ্চলে) (লুটাব দোঁহার পদতলে)
(কেঁদে জগদ্বন্ধু দাসে বলে) (মতিহীনে বলে)

বিবিধ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রার্থনা

(১৬৭)

কবে রাধার দয়া হবে যাব বৃন্দাবনে রে ॥
গোপী-পদরজঃ শিরে করিব ধারণ রে ॥
(আমি) সখী-সনে অভিসারে করিব গমন রে ॥
কবে আমি হেরিব সে যুগল মিলন রে ॥
কবে দোঁহে কাঁচলিতে করিব ব্যজন রে ॥
(আমি) কবে দোঁহে নিরখিয়ে জুড়াব জীবন রে ॥
(কবে) দোঁহে প্রদক্ষিয়ে গাব নাম-সংকীর্ত্তন রে ॥
(কবে) জগদ্বন্ধু-শিরে রাই দিবেন শ্রীচরণ রে ॥
(কবে) রাধাকৃষ্ণে সমর্পিব দেহপ্রাণ-মন রে ॥

শ্রীনাম

(১৬৮)

পতিতের নাথ তুমি সর্ব্বশাস্ত্রে কয় ;
দয়া করে' এ দাসেরে দেহ পদাশ্রয় ।
আমি পতিত, তুমি নাথ মোর,
নিজগুণে ও চরণে রে'খ প্রাণগৌর ।
(প্রভু) তোমায় জগদ্বন্ধু কেঁদে বলে,
আমায় স্থান দেও রাঙ্গা চরণতলে ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৬৯)

কোথা গো শ্রীহরি, ভবভয়হারী,
অকূলের কাণ্ডারী শ্রীমধুসূদন।
প'ড়ে ভবকূপে, ডাকি হে তোমাকে,
এ ঘোর বিপাকে করহে রক্ষণ ॥
একে প্রভু আমার অতি জীর্ণ তরী,
তা'তে ভবনদীর তুফান হল ভারী,
আছে ছয়জন দাঁড়ী, তারা ঘুরায় দাঁড়ী,
এ বিপাকে বুঝি গেল হে জীবন ॥

বিবিধ

(১৭০)

পূরবী—আড়া

অগতির গতি তুমি জগত কারণ;
ভব-কর্ণধার তুমি সৃজন পালন।
তুমি মাতা তুমি পিতা, তুমি প্রিয় বন্ধু ভ্রাতা,
তুমি হও হে অন্নদাতা তুমি রে প্রাণের প্রাণ।
তোমারি আজ্ঞায় নর, ভ্রমিতেছে নিরন্তর,
অলক্ষ্যে থাকিয়ে তুমি যোগাও অশন বসন।

বিবিধ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৭১)

ললিত—আড়া

"বিধি যদি গুল্মলতা করিত রে কুঞ্জবনে,
সাজিতাম ব্রজ গোপীর পদরজঃ আভরণে।
নিত্য নিকুঞ্জ মাঝারে, সখীসনে অভিসারে,
এসে' কিশোরী আমারে দলিতেন শ্রীচরণে।
হাতে বাঁশী কালশশী, নিকুঞ্জ কাননে পশি,
সুখে রহিতেন বসি' মমোপরে প্যারী সনে।
ক্রীড়াশ্রমে রাধাশ্যাম, ঘামিতেন অবিরাম,
অমনি পদের ঘাম লইতাম সযতনে।
বন্ধু বলিছে কাতরে, কবে রাধা দামোদরে,
সাজা'ব হৃদয় ভরে' হেরিব প্রেম নয়নে।

বিবিধ

(১৭২)

খাম্বাজ—কাওয়ালী

ভবভাবন ভকতভয়ভঞ্জন হে।
তনু তাপিত ত্রিতাপে তারণ হে॥
ওহে গোরাচাঁদ, নাশ হে বিষাদ,
দেহ পতিত জগতে চরণ হে॥

বিবিধ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৭৩)

হরি হরি বলে, দু'নয়ন জলে,
ভাসিবে উরসমোর।
ব'লে শ্রীগৌরাঙ্গ, হব অবশাঙ্গ,
যুগল প্রেমেতে ভোর॥

আশার ছলনা কনক ললনা,
কবে বা ঘুচিবে হায়।
এ হেন বিপদে, রাখিবেন ও পদে,
প্রাণ নিত্যানন্দ রায়॥

জয় জয় দিয়ে, প্রবেশিব গিয়ে,
মধুর শ্রীবৃন্দাবনে।
অষ্ট অঙ্গে পড়ি, দিব গড়াগড়ি,
বন্ধুর বাসনা মনে॥

শ্রীনাম

(১৭৪)

নিদ্রার প্রতি—

রাগিণী ললিত—তাল আড়া

শ্রান্তি নিবারিণী নিদ্রে কেন শ্রান্তি কর দূর।
প্রবেশিয়ে জীব হৃদে কেন হান মোহ শর॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কেন ওলো মনোরমে, বিভাবরী সমাগমে,
শ্রান্ত মানবের তরে অবারিত তব ক্রোড় ॥
কহ ওলো নিশিসখী, স্বরূপ কহ লো মোরে,
কে তোমারে প্রদানিল এ হেন মোহন বর ॥

বিবিধ

(১৭৫)

শ্যামা-সঙ্গীত *

এস হে ওহে পাগলা কালী
ল'য়ে প্রেমের ডালি ॥
তুমি ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর হে
তুমি গণপতি অংশুমালী ॥
তুমি কিলাও এসে প্রেমসুধা হে
আপনি মা, হ'য়ে গালী ॥
তুমি পুরাও এসে মনোসাধ হে
না ক'রে মা চতুরালী ॥
তোমার সুত জগদ্বন্ধু যাচে হে
দাও মা চরণের কোটালী ॥

বিবিধ

* শ্রীশ্রীপ্রভুর বাল্যকালের রচিত শ্যামা-সঙ্গীত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রণতি

রাগিণী খাম্বাজ—চৌতাল

(১৭৬)

নমস্তে মুরলীধর, মুকুন্দ বেণুবাদন।
নমঃ হরি ব্যোমহারী মাধব মনোমোহন ॥

নমঃ নিকুঞ্জ বিহারী, গিরি-গোবর্দ্ধনধারী,
গহন কাননচারী, নমঃ কালীয়দমন ॥

স্বর্ণের নূপুর পায়, নখে শশী শোভা পায়,
ব্রহ্মাদি ধ্যানে না পায়, নিত্য নিরঞ্জন ॥

পাণিতল কোকনদ, স্ফটিক খচিত রদ,
রাধা প্রেমে গদ গদ, নমঃ যশোদা জীবন ॥

চৌদিকে গোপকামিনী, বামে রাই কমলিনী,
নীল নীরদে দামিনী, নমঃ বন্ধু বিভূষণ ॥

পদাবলী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৭৭)

নমস্তে গোলোকনাথ গোবিন্দ গোপীমোহন ;
নমঃ শ্যাম নগধর নিকুঞ্জবন শোভন।

শশাঙ্ক পদনখরে, মোহন মুরলী করে ;
মধুর হাসি অধরে নমঃ কিশোরী-রঞ্জন।

তিষ্ঠতি কদম্বতলে, বনফুল মালা গলে ;
পাদপদ্ম পরিমলে ধায় ভৃঙ্গ অগণন।

রহল বঙ্কিমঠামে, বৃষভানু-বালা বামে ;
যেন রে দামিনীদামে নমঃ বন্ধুবিনোদন।

বিধিব

সমাপ্ত।

শ্রীশ্রীমহাউদ্ধারণ প্রচার-সঙ্ঘ হইতে বর্ত্তমান অভিনব সংস্করণ প্রকাশিত।
রাসপূর্ণিমা; হরিপুরুষাব্দ ৭০। ১লা অগ্রহায়ণ, ১৩৪৭ সন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরিশিষ্ট

শ্রীশ্রীবন্ধুহরির শ্রীলেখনী প্রসূত—
শ্রীশ্রীযুগল আরত্রিকের সংক্ষিপ্ত ব্যাখ্যা।

শ্রীশ্রীমহাউদ্ধারণ প্রভু জগদ্বন্ধু হরি ভক্তভাব অঙ্গীকার করতঃ শ্রীশ্রীব্রজমণ্ডল ও শ্রীশ্রীগৌরমণ্ডলের নিত্যলীলাসমূহ আস্বাদন করিতেছেন। প্রথমে তিনি শ্রীশ্রীযুগলকিশোরের নিত্য সান্ধ্যলীলা বর্ণনে তৎপর হইয়াছেন। স্বয়ং লীলাময় যিনি তিনি আজ পরম ভাবুক ও রসিকের সাজে আমাদের কাছে আসিয়াছেন। মধুলোলুপ ষটপদ যেমন পদ্ম মধু পান করিতে করিতে অব্যক্ত এক অনির্ব্বচনীয় রসোদ্দীপক্ গুণ্ গুণ্ শব্দে মর্ম্মস্পর্শী মধু-রনন-গীতি গাহিয়া থাকে, প্রাণারাম শ্রীশ্রীহরিপুরুষ সুন্দরও তেমন মধুর হইতেও মধুরতম মহামিলন মাধুরী রস আস্বাদন করিতে বসিয়া বেশী কথা বলিতে পারেন নাই। কেবলমাত্র ইঙ্গিতে ভঙ্গীতে ও অপ্রাকৃত দুই একটী মাত্র শব্দ উচ্চারণ করিয়াই ভাবরাশি প্রকাশ করিয়াছেন। অযাচিত কৃপালাভে পরম সৌভাগ্যবান যাঁহারা—তাঁহারাই ইহার মর্ম্ম উদ্ধার করিতে পারদর্শী। আমি তাঁহাদেরই শ্রীচরণরেণু মাথায় ধরিয়া মূক হইয়াও বাচালতা করিতে প্রবৃত্ত হইয়াছি। যাঁহার করুণা সঙ্কেত মাদৃশ পঙ্গুকে নৃত্য করাইতেছে তাঁহার রাতুল পাদপদ্মে পুনঃ পুনঃ প্রণতঃ হইতেছি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কেলী কদম্বতলে যুগল আরতি।
কালিন্দী কলনাদিনী কুন্দন নতি ॥
মণিদীপে ললিতা লবনা ললন।
লূণ্ঠা ললনারাজি রণিত নিঃস্বন ॥
শরে শর সখীব্যূহ কন্দথানিকিনি।
তদম্বক্ষ তাণ্ডব পাণ্য পদ্মিনী ॥

শ্রীশ্রীরাধাকৃষ্ণের যুগল আরত্রিক দর্শন করিতে করিতে প্রভু আমার বিভোর হইয়া পড়িয়াছেন। বলিতেছেন—এ তো কেলী কদম্বতলে রাধা গোবিন্দের আরতি নয়—এ যে এক অভিনব অপ্রাকৃত যুদ্ধ। যুদ্ধে থাকে সিংহনাদ, এখানে শোন কালিন্দীর কলনাদ, যুদ্ধে থাকে কুন্দন বেগে প্রধাবন ও বিপক্ষের প্রতি প্রতিহিংসাবশে ছুটিয়া যাওয়া, আর এখানে দেখ সবাই ছুটিয়া গিয়া দণ্ডবৎ নতি করিতেছে সেই নিত্য যুগলের চরণের তলে। সুতরাং যুদ্ধের কুন্দন এখানে প্রণামে পর্য্যবসিত হইয়াছে। যুদ্ধে থাকে অস্ত্রধারী সেনানী—ভীষণ কঠোর মূর্ত্তি তাহাদের; আর এখানে আছে লবনা ললিতা। লবনা অর্থ ছেদনকারিণী; কিন্তু এ ছেদনকর্ত্রী কঠোর নহে, লাবণ্যের খনি। যুদ্ধের সৈন্যাধ্যক্ষের অস্ত্র শস্ত্র লৌহময়, আর এখানে ললিতার করদেশে শোভমান যাহা তাহা মণিময়। যোদ্ধার অস্ত্র উজ্জ্বল ধারাল তাহাতে অন্য বস্তুকে খণ্ড খণ্ড করা যায় আর ললিতার অস্ত্রখানিও উজ্জ্বল প্রভাময় কিন্তু কোন কিছুকে তাহা ধ্বংস করে না—যাহাকে দেখায় তাহাই তদ্দ্বারা দীপ্ত হয়, তাই তার নাম মণিদীপ।

ললিতা সুন্দরীর পঞ্চভাব। শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য ও মধুর। শ্রীললিতার করস্থিত পঞ্চদীপ ঐ পঞ্চভাবকেই প্রকাশ করিতেছে। মণিময়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দীপ লইয়া নবনাললিতা আরতিবিথারে রত হইয়াছেন। অনুরাগভরে তিনি ঈষৎ দুলিতেছেন আর তাহাতে পঞ্চদীপও ঈষৎ নাচিতেছে। সঙ্গে সঙ্গে শ্যামচাঁদের হৃদয়েও অপ্রাকৃত প্রেমের প্লাবন আসিয়াছে। নবীন মদন তাহার তনুমনকে জর্ জর্ করিয়া তুলিয়াছে। আর ওদিকে "লুণ্ঠাললনারাজি রণিত নিঃস্বন।" যুদ্ধে থাকে হতাহত অসংখ্য দেহ ভূপতিত, আর এখানেও দেখ অসংখ্য ললনা—আভিরী ব্রজবালাগণ ধূলায় লুণ্ঠিতা। যুদ্ধক্ষেত্রে ভীম ভয়ঙ্কর শতপ্রকার শব্দ 'হন্ হন্' 'রন্ রন্' 'ঝন্ ঝন্' কর্ণকে বধির করিয়া তোলে। আর এখানেও ঐ শোন— "রণিত নিঃস্বন"—কিঙ্কিণীর কীনিকীন্ আর নূপুরের রীনিরীন্ মধুর রোল তুলিয়া শ্রবণ যুগল স্নিগ্ধ করিতেছে। রণক্ষেত্রে শরে শরে সমাচ্ছন্ন হইয়া যায়। এখানেও ঐ যে অপ্রাকৃত মদনের পঞ্চশর—মারণ, শোষণ, স্তম্ভন, সম্মোহন ও উন্মাদন, সখীগণ সকলে মিলিয়া শ্রীকৃষ্ণের উপর নিক্ষেপ করিতেছেন। পক্ষান্তরে শ্রীকৃষ্ণচন্দ্রও মুহুর্মুহুঃ ঐ শরসমূহ সখীদের লক্ষ্য করিয়া ক্ষেপন করিতেছেন। তাই কেলিকদম্বের তলদেশ শরে শরে সমাবৃত হইয়া পড়িয়াছে। ঐ যে প্রভু বলিতেছেন,—

"শরে শর সখীব্যূহ বন্দথানিকিনি।"

সমরাঙ্গনে থাকে ব্যূহ—সুকৌশলে রচিত অগণিত সেনাগণ পরিবেষ্টিত দুর্ভেদ্য সৈন্য সমাবেশ। কিন্তু এখানে প্রত্যেকটি সখীই যেন একটী ব্যূহ বিশেষ। সর্ব্বাঙ্গে তার কত না সেনা-সমাবেশ। ঐ যে নয়নে কটাক্ষ—ভ্রূতে ভঙ্গী—মুখে হাসি—ওষ্ঠে কম্পন গণ্ডে অশ্রু বক্ষে ফুলদাম—করে সঞ্চালন—চরণে নৃত্য। এর এক একটিকে ভেদ করাই যেন কালাচাঁদের পক্ষে দুষ্কর। শ্যামচাঁদ যে সখীর প্রতি দৃষ্টিপাত করেন—নির্নিমেষ নয়নে তাহাকেই দেখিতে থাকেন। দৃষ্টি তুলিয়া অন্য সখীর প্রতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাকানো যেন একরূপ অসম্ভব হইয়া পড়ে। শ্রীশ্রীপ্রভু তাহাই বলিতেছেন "সখীব্যূহ।"

দুই পক্ষে যখন যুদ্ধ হয় তখন যুদ্ধক্ষেত্রে বিভিন্ন-পক্ষের কতকগুলি গায়ক থাকে। তা'রা উৎসাহবর্দ্ধক গান গায়। তাহাদিগকে বলে "চারণ" "বৈতালিক," "বন্দী," বা "বন্দথ।" এই আরত্রিক যুদ্ধের বন্দথ কাহারা? অনীকিনী বা কুমারী সেনা-নায়িকারা বন্দারুর কার্য্য করিতেছে। তাহাদের দুই পক্ষ। এক পক্ষ শ্রীমতির দিকে; আর এক পক্ষ শ্যামের দিকে। দুই পক্ষই সমকণ্ঠে পরস্পরকে উৎসাহ দিতেছে। কিন্তু তাহাদের গানের মধ্যে একটু মজা আছে! শ্যামের পক্ষ যারা তারা রাধা নাম গাহিয়া শ্যামকে উৎসাহিত করিতেছে আর যারা রাধার পক্ষ তারা শ্যাম নাম শুনাইয়া গোবিন্দ-মোহিনীকে উন্মাদিনী করিয়া তুলিতেছে। এইরূপ রাধাগোবিন্দের জয়গানে কুঞ্জ কাননভূমি মুখরিত হইয়া উঠিয়াছে।

যুদ্ধে জয় পরাজয় আছে। বিজয়ী পক্ষ উল্লাসে নৃত্য করিতে থাকে। মুখে তাহাদের হাসি ফুটিয়া ওঠে। কিন্তু এ যে দেখিতেছি বিপরীত ধারা! যাহারাই জয়লাভে সমর্থ হয়—চক্ষু হইতে তাহাদের শ্রাবণের ধারা বর্ষণ হয়। কি যেন ভাবোন্মত্ততায় কাঁদিয়া কাঁদিয়া উন্মত্তের মত তাহারা নৃত্য করিয়া থাকে। তাহাদের উদ্দণ্ড-তাণ্ডব নর্ত্তনে ধরণীবক্ষ প্রকম্পিত হইতে থাকে। শ্রীশ্রীপ্রভু তাই লিখিলেন "তদম্বক্ষ তাণ্ডব।" তৎ অর্থাৎ সেই শ্রীরাধা-গোবিন্দের জয়গান হেতু অনুরাগের আতিশয্যে উদ্ভুত যে 'অম্বু' বা জলধারা তাহাই অক্ষিতে যাহাদের তাহারা 'তদম্বক্ষ' তাহারা তুমুল তাণ্ডবে নৃত্য করিতেছেন।

এইবার শ্রীশ্রীপ্রভু যুদ্ধের মূল তথ্যটি নির্দ্দেশ করিতেছেন। যখনই দুই পক্ষে যুদ্ধ ঘটিয়া থাকে তখনই মাঝে একটি অভিলষিত বস্তু থাকে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উভয় পক্ষই উহাকে পাইবার জন্য প্রাণপণে চেষ্টা করে। এই যুদ্ধে পত্নমিনী বা পদ্মিনী শ্রীমতিই "পাণ্য"—পণের বস্তু। দুই পক্ষের চির অভিলষিত বস্তু। শ্যাম চাহিতেছেন রাধাভাবে মজিয়া রাধাময় হইয়া যাইবেন পক্ষান্তরে সখিগণ চাহিতেছেন রাধাভাবে ডুবিয়া শ্যামসোহাগিনী হইবেন। অতএব মহাভাবময়ী শ্রীমতীই সকলের একমাত্র পাণ্য। মহাভাব যেন একটি রাজ্য ; তাই অধিকার করিবার জন্য সখীদের আর শ্রীকৃষ্ণের সমর। তবে সাধারণ রাজ্য হইতে ইহার অভিনবত্ব এই যে একটি রাজ্য একের হস্তগত হইলে অপরের আর তাহা পাইবার উপায় থাকে না। কিন্তু এই মহাভাব মাধুরী সম্বন্ধে ঐ কথা খাটে না। ঐ যে সখীপুঞ্জ এ রাজ্য সম্পদ লুটিয়া লইতেছেন—শ্যামচাঁদও সকলটুকু তার বুকে ধরিয়া মোহিত হইয়া রহিয়াছেন—তবুও যেন তাহা অক্ষয়। অনন্তকাল ধরিয়া বিলাইলেও বুঝি তাহা ফুরাইবে না।

প্রসূনিত আতপত্র চিত্রা পঞ্চশাখে।
কেকী পিক শারী শুক গানীয় শাখে ॥
বিপঞ্চী পরিবাদিনী ঘন শুষির।
আতোদ্য আলিঙ্গ্য কল তারমন্দ্রাচির ॥
প্রতি স্বন পুষ্কর সপ্তমজয় ন-রণ।
বন্ধু-ধীতি লঞ্জাঞ্জিনী পীযুষ বাসন ॥

সখীগণের মধ্যে চিত্রাদেবী শ্রীকৃষ্ণের পক্ষপাতিনী। তিনি দেখিলেন উভয় পক্ষে যেরূপ শরনিক্ষেপ হইতেছে তাহাতে শ্রীকৃষ্ণচন্দ্রের রক্ষা পাওয়া দায়। তাই তিনি একটি ছত্র লইয়া শ্রীকৃষ্ণের শিরোপরি ধারণ করিলেন। ঐ ছত্র ফুলের তৈয়ারী, চিত্রাহস্তে শোভা পাইতেছে। দূর হইতে পদকর্ত্তা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাহা দর্শন করিয়া ভাবিতেছেন "এ চিত্রার হাত নয়। এত ফুল যখন ফুটিয়াছে তখন অবশ্য পুষ্পবৃক্ষ হইবে।" আরও নিরীক্ষণ করিয়া বলিলেন "তাই বটে! পাঁচটি অঙ্গুলি নয়—যেন পুষ্পবৃক্ষের পাঁচটি শাখা।" তাই লিখিলেন "চিত্রা পঞ্চ শাখে।"

কেকীপিক শারী শুক গানীয় শাখে।

ওদিকে আনন্দ রস আস্বাদনে বিভোর হইয়া কদম্বডালে শুক—শারীর কণ্ঠে কণ্ঠ মিলাইয়া দিল। তমালশাখে কেকা কেকীর সঙ্গে এক তানে গান ধরিল। চুত শাখে পিক বঁধু ললিত রাগিনী আলাপ করিতে লাগিল। তাহারা সকলে মিলিয়া গাহিল "জয় রাধাশ্যাম।"

বিপঞ্চী পরিবাদিনী ঘন শুষির।

গায়কগণ গান ধরিল দেখিয়া বাদ্যযন্ত্রসমূহ আপনা আপনি বাজিয়া উঠিল। বিপঞ্চীর (বিপঞ্চী—বীণা) মধুর ধ্বনিতে কেলী কদম্বের তলদেশ সর্ব্বতোভাবে পরিব্যাপ্ত হইল (পরি—সর্ব্বতঃ)। শ্রীশ্রীপ্রভু বাদিনী ও বিপঞ্চী উভয়কে সমান লিঙ্গ করিয়া প্রকাশ করিয়াছেন যে, বিপঞ্চী আপনা আপনি বাজিয়া উঠিয়াছিল, কোন বাদকের প্রয়োজন হয় নাই। বিপঞ্চীর দেখাদেখি শঙ্খ, ঘণ্টা, কাশর, বাঁশী সকলই আপনা আপনি বাজিতে লাগিল। ঘন অর্থ কাশর ধ্বনি—শুষির অর্থ বংশী ধ্বনি।

"বংশ্যাদিকন্তু শুষিরম্ কাংস্য তালাদিকং ঘনমিত্যমরঃ।"

বাদ্যযন্ত্রের নাম না করিয়া কেবলমাত্র ধ্বনির উল্লেখের দ্বারাও ঐ কথাই বুঝাইয়াছেন যে, পূর্ণ চৈতন্যময়ের খেলার সাথী বাদ্য যন্ত্র সমূহ আপন আপন ভাবোন্মাদনাতেই সকলে সম্মিলিতভাবে রোল তুলিয়া দিয়া যুগল কিশোরকে উল্লাসিত করিতে লাগিল। কণকবরণী রাই আমার কালার বুকে ঢলিয়া পড়িলেন। শ্যামনাগর মহাভাবসিন্ধু মাঝে ঝাঁপ দিয়া দুই বাহু

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বাড়াইয়া বিনোদিনীকে আলিঙ্গন করিলেন। অতি আদরে বুকে বুক দিতে বক্ষনিপীড়নে কিঞ্চিৎ পীড়ার কারণ হইলেন। রাইধনী একটু ব্যথা পাইলেন। শ্যাম তাহাতে পরম সুখী হইলেন। শ্যামসুখে কমলিনীর আনন্দের অবধি রহিল না। শ্রীশ্রীপ্রভু এই মরম কথা অতি সরমে কহিয়াছেন।

আতোগ্ন আলিঙ্গ্য কল তারমন্দ্রাচির।

"আতোগ্ন আলিঙ্গ্য"—আ—ঈষৎ; তোগ্ন—পীড়া দান করিয়া (তুদ্ ধাতুর্ অর্থ ব্যথা দেওয়া)। আলিঙ্গ্য—আলিঙ্গন করা।

আরত্রিক খেলায় রাধামাধবের পূর্ণ মিলন সংগঠিত হইল। তুই তনু যেন এক। প্রেমের সমুদ্র উদ্বেলিত হইয়া উঠিয়াছে। মহাভাবের হিল্লোলে অগণন কল্লোল উঠিতেছে। সব মিলিয়া "ক—ল" এই ধ্বনি; 'তার' (তার—অতি উচ্চ বা উদাত্ত) হইল। তাহাতে লকারের অকার তীব্রতর হইয়া ককারের অকারকে লোপ করিয়া দিল। কারণ সে মধ্যবর্ত্তী আকারের ব্যবধান সহ্য করিতে পারিল না। অকার পলাইয়া গেলেন। আনন্দে 'ক' আসিয়া 'ল' এর শিরে নাচিতে লাগিলেন। সুতরাং "কল" ধ্বনির শ্রুতি হইল "কৢল" "কৢল"। ওদিকে রাধাবিনোদের মিলন মাধুরী যতই গাঢ় হইতে গাঢ়তর হইতে লাগিল বীজরূপী ঐ প্রেমরোল ততই গম্ভীরতর হইতে লাগিল পরিশেষে যখন "মন্দ্র" অর্থাৎ প্রসন্নগম্ভীরে উহা চরম চরিতার্থতা লাভ করিল তখন ঐ মাধুরী বীজ রূপান্তরিত হইলেন "কৢলম্" "কৢলম্" রূপে। অনুনাসিক 'ম'কার গাম্ভীর্য্যদ্যোতক। অভিনব ঐ মিলন মাধুরী সম্ভোগ করিবার জন্যই সখীগণ স্রোতস্বিনীর মত উদ্বেল হইয়া ছুটিয়া আসিয়াছিলেন। যুগলের সেই মাধুর্য্য সিন্ধুতে আপনাদিগকে তাঁহারা ঢালিয়া দিয়াছেন, সিন্ধু তাই আরও যেন ফুলিয়া উঠিল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্বরও হ্রস্ব হইতে দীর্ঘে উঠিতে লাগিল।

'অচির' অর্থে দীর্ঘ। দীর্ঘ 'ঈ'কার তাহা দ্যোতনা করিতে লাগিল। শ্রীআর ত্রিকের তুমুল রোল বা 'কল' এই মধুরাস্ফুট-ধ্বনি "তার মন্দ্রাচির" হইয়া রূপান্তর প্রাপ্ত হইল "ক্লীং" "ক্লীং" ব্রজের মাধুর্য্য রস তাই সর্ব্ব সম্মিলনে অপ্রাকৃত "ক্লীং" বীজরূপে ফুটিয়া উঠিল। শ্রীশ্রীপ্রভু তাই লিখিয়াছেন "কল তার মন্দ্রাচির।" ঐ যে অবিরল অম্বর ভরিয়া রোল উঠিতেছে "ক্লীং" "ক্লীং"।

প্রতিস্বন পুস্কর সপ্তম জয় ন-রণ।

ইহার প্রত্যেকটী শব্দ যেন এক একটী পদ্মকোষ। কারণ তাহা হইতে অপরিমিত মধুক্ষরণ হইতেছে। তাই লিখিতেছেন "প্রতিস্বন পুস্কর।" পুস্কর—পদ্ম বা পদ্মকোষ। নানাসুরে, নানাতালে, নানা রাগিণীতে বৃন্দাবনের আরতির রোল প্রেমবীজ "ক্লীং" আকাশে বাতাসে ভাসিতে লাগিল বটে কিন্তু সপ্তমস্বরের সঙ্গে কেহ পারিয়া উঠিল না। সর্ব্বশেষে সর্ব্বোপরি সপ্তমস্বরে "ক্লীং" বীজটি বিরাজ করিতে লাগিল। শ্রীশ্রীপদ-কর্ত্তা তাই বলিতেছেন "সপ্তম জয়"। আরও সরস করিয়া বলিতেছেন "ন-রণ।" অগণিত কণ্ঠে অসংখ্য স্বর। "ক্লীং" শব্দটিকে লইয়া স্বর সকলের যেন এক ভীষণ যুদ্ধ। "ন" বা নিষাদ সপ্তমস্বর। সকলের উপরে উঠিবার জন্য সেখানে যুদ্ধ নিরত হইয়াছে। পরিশেষে তাহারই জয় হইল। তাই লিখিয়াছেন "সপ্তম জয় ন-রণ।" অথবা রণ অর্থ গমন। "ন" সপ্তম স্বর। জয়লাভ করিয়া সেই সর্ব্বোপরি রহিয়া আকাশময় তরঙ্গ তুলিয়া ছুটিতে লাগিল। অপ্রতিহত-গতিতে অনন্ত জগন্মণ্ডল পরিব্যাপ্ত হইয়া উঠিল। এইবার পদকর্ত্তা স্বয়ং প্রভু বন্ধুহরি নিজের কথা বলিতেছেন—

বন্ধু-ধীতি লজ্ঞাজ্ঞিনী পীযুষ বাসন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এতক্ষণ আরতি দর্শনে পরিশ্রান্ত হইয়া বন্ধু পিপাসিত হইয়া পড়িয়াছেন। ধীতি—পিপাসা। তিনি জলপাত্র চাহিতেছেন। বাসন—জলপাত্র। লঞ্জ অর্থ কাম। তবে অপ্রাকৃত কাম বা প্রেম। অব্জ অর্থ পদ্ম। যে অনুরাগিণী প্রেম পদ্মবনে বিলাস করেন সেই বৃষভানুনন্দিনীর কৃপা পীযূষ পরিপূর্ণ যে পাত্র তাহা হাতে পাইলেই পদকর্ত্তার ঐ পিপাসার নিবৃত্তি হইতে পারে।

অথবা

লঞ্জ অর্থ লম্পট শ্রীকৃষ্ণ। অব্জিনী বা পদ্মিনী শ্রীরাধা। এই রাধাকৃষ্ণের প্রেমপীযুষ পরিপূর্ণ যে পাত্র তাহা পাইলেই সেই তৃষ্ণা দূরীভূত হয়।

অথবা

ধীতি অর্থ আরাধনা। বাসন অর্থ অবস্থান। পদ কর্ত্তার সাধনা এই যে, রাধাশ্যামের প্রেম পীযুষের মধ্যে গিয়া বাস করিবেন।

অথবা

ধীতি অর্থ বুদ্ধি আর বাসন অর্থ আবাসস্থান। পদ কর্ত্তার বুদ্ধি এইরূপ; যে আবাসেই থাকুক না কেন অণু হইতে অনন্ত, আনন্দাভিলাসী জগতে যে যে আছে, তাহাদের একমাত্র নিত্য সুখময় আবাসস্থান লঞ্জাব্জিনী পীযুষ—শ্রীরাধাগোবিন্দের অনুরাগ পীযুষ বা প্রেমামৃত।

দাস— মহানামব্রত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীশ্রীপ্রভু স্বয়ং যে সময় চৌদ্দমাদল সংকীর্ত্তন মহোৎসব করাইতেন সেই সময়ে নগর কীর্ত্তনের জন্য তিনি নিজেই কীর্ত্তনের দল বিভাগ করিয়া দিয়া, কোন কোন দলে তাঁহার রচিত কীর্ত্তনগান, আবার কোন কোন সম্প্রদায়ে কেবলমাত্র নিম্নলিখিত পদ গাহিবার জন্য অনুমতি করিতেন। ভক্তগণ আনন্দ-উচ্ছ্বাসে সুমধুর স্বরে খোলকরতালের তালে তাল মিশাইয়া তাহাই নগরময় গাহিতেন—

১। জপ, কৃষ্ণ গোবিন্দ গোপাল শ্যাম
রাধামাধব রাধিকা নাম।

২। নগরবাসী * পুরুষনারী
বল নিতাই গৌরহরি।

৩। (ভজ) প্রেমদাতা নিত্যানন্দ
পরম আনন্দকন্দ।

---

* অন্য পাঠ ; "ভাই তোদের পায়ে ধরি"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সূচী পত্র।

(বর্ণানুক্রমিক)

অস্তগেল দিনমনি	...	২২
অষ্টাপদ সিংহাসনে	...	২৯
অঙ্গন তোরনে পড়ে	...	৮৯
অগতির গতি তুমি	...	১৬৫
আয়রে জীবন কানাই	...	১৬
আরত্রিক মিলিতাঙ্গ	...	৩২
আহা ঐ নিতাই চাঁদ	...	৫৭
আহা ঐ মৃদঙ্গ বাজিছে	...	৮৭
আয় পারে আয়	...	৯০
আহা ঐ রসময় আসিছে	...	১০৩
আহা ঐ মুরলী ধ্বনিল	...	১০৪
আহা ঐ বাঁশরী বাজিল	...	১০৫
আয় সবে ভাই	...	১৪২
উঠ উঠ কপট শঠ	...	৬
উঠ উঠরে গুরু গৌরাঙ্গ বলে	...	৭
এইযে মাটীর দেহ	...	১৫২
একবার নিতাই নিতাই নিতাই বলে	...	৬১
একবার রাধা রাধা রাধা বলে	...	১০৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

একিরে কানাই ভাই	...	১১
এল রসরাজ	...	২০
এস গৌরগঙ্গন গোরাশশী	...	১৫
এস তমাল তলে	...	২৫
এস সংকীর্ত্তনে বিশ্বরূপ	...	১১২
এস এস নবদ্বীপ রায়	...	১১৩
এস এস গৌরাঙ্গ সুন্দর	...	১১৪
এস এস প্রাণ গৌরাঙ্গ সুন্দর	...	১১৫
এস প্রভু পতিত পাবন	...	১১৬
এস প্রাণ গৌর গদাধর	...	১১৭
এসহে ওহে গৌর হরি	...	১১৮
এসহে ওহে শ্রীগৌরাঙ্গ	...	১১৯
এস সংকীর্ত্তনের মাঝে	...	১২০
এস সংকীর্ত্তনের প্রাণ	...	১২০
এস সংকীর্ত্তনের মাঝে চৈতন্য নিতাই	...	১২১
এস সংকীর্ত্তনের মাঝে শচীর নন্দন	...	১২১
এস রাধা মদনমোহন	...	১২৪
এস রাধা মদনগোপাল	...	১২৫
এসহে ওহে বংশীধারী	...	১২৬
এস পাগ্‌লা কালী	...	১৬৮
ঐ আসে রসময়	...	১৮
ঐ রসময়	...	৪৩
ঐ নেচে যায়	...	৫২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঐ গোরা রায়	...	৬৩
ঐ ছল ছল	...	৬৪
ঐ শ্যাম রায়	...	৯৬
ও কৃপাবন	...	১১০
ও দয়াময়	...	১১১
ওরে মাধাই বল গৌরহরি নাম	...	৪১
ও মন হরি হরি হরি বলে	...	১৩৭
কবে রাধার দয়া হবে	...	১৬৪
কাঁদে আর রা রা বলে	...	৬৭
কেশব কাশ্মীরী জয়	...	২৪
কেলি কদম্ব তলে	...	৩১
কেলি কদম্বতলে শ্যাম	...	৪৭
কেরে কাঙ্গালের বেশে	...	৫১
কেরে জাহ্নবীর তীরে	...	৬২
কেও সুরধুনীর তীরে	...	৬৯
কেরে কালিন্দীর কুলে	...	৯৫
কেরে যমুনা তীরে	...	৯৫
কৈরে জীবন কানু	...	১৭
কৈ কমলিনী রাই	...	১০৮
কোথা বৃন্দাবনেশ্বরী কিশোরী আমার	...	১০৮
কোথা গো শ্রীহরি	...	১৬৫
খোল করতালে ভাই	...	১৬২
গঙ্গা নীরে গৌরচন্দ্র	...	৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গদাধর কাদম্বিনী	...	৭৭
গাও অবিরাম	...	১৩১
গাওরে আনন্দভরে	...	১৩৩
গাওরে গভীর নাদে	...	১৩৪
গোধূলি গোকুল	...	৩০
গৌর গৌর বল রসনা	...	১২৮
জয় জয় জয়রে নিত্যানন্দ	...	৮
জয় জয় গৌর চন্দ্র	...	৯
জয় নবদ্বীপময়	...	১৪
জয় জয় জয় গোবিন্দ দাসী তুলসী	...	৩৩
জয় জয় প্রাণ চন্দ্র	...	৫৩
জয় নবদ্বীপ	...	৭০
জয় বিশ্বম্ভর	...	৭৩
জয় জয় কৃপাময়	...	৭৮
জয় নিত্যানন্দ	...	৭৯
জয় প্রাণ গদাধর	...	৮০
জয় শান্তিপুর চন্দ্র	...	৮১
জয় শ্রীবাস চন্দ্র	...	৮২
জয় বৃন্দাবন আনন্দকানন	...	৯২
জয় কমলিনী	...	৯৭
জয় জয় রসময়	...	৯৮
জয় নন্দনন্দন	...	৯৯
জয় নবঘন	...	১০০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জয় সংকর্ষণ	...	১৫৫
জয় নারায়ণ	...	১৫৬
জয় বিশ্বম্ভর	...	১৫৬
জয় জয় শ্রীরাধে	...	১৫৮
জয় জনার্দ্দন	...	১৬২
জাগ রাধাদামোদর	...	১৬৩
জাগ গোরা গুণমণি	...	১
জাগ জীবন কিশোরী	...	৩
জাগ জাগ নগরবাসী	...	৫
জাগ শ্রীগৌরাঙ্গ আমার হৃদয় মাঝারে	...	১২২
জাগ রাধাশ্যাম মোর হৃদয় ঋদলে	...	১২৭
ডাকেরে করুণ স্বরে	...	৫৪
ডাকেরে করুণ স্বরে	...	৫৫
তোরা মা ভজ রাধা মদনগোপাল	...	১৩৫
তুর্য্য প্রহরে জয়	...	২৫
দে মা দে মা যাশোদে	...	১০
দেখিনু নদীর নীরে অপরূপ সই	...	৯১
দোঁহে ঘুমাইল	...	৪৯
নবদ্বীপ তোরণে	...	২৮
নগরে গৌরাঙ্গ রায়	...	৩৪
নবদ্বীপ নিশীথ	...	৩৬
নবদ্বীপ গঙ্গন শ্রীগৌরাঙ্গ রায়	...	৬৫
নমস্তে গোলোক নাথ	...	১৭০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নন্দন্তে মুরলীধর ...	১৬৯
নাচে সীতানাথ চৈতন্য ...	৭৪
নিশি অবসান হল ...	৮
নিমাইচাঁদ নেচে যায় মা ...	৬৬
নিশীথিনী কীর্ত্তন ...	৩৭
নিধুবনে একাসনে ...	৪৮
নিত্যানন্দ কুন্দিল ...	৫৬
নিতাই নিতাই নিতাই বলে ...	৫৮
নিতাই নিতাই বল অনিবার ...	৫৯
পতিতের নাথ তুমি ...	১৬৪
প্রদোষ অম্বর ...	১৯
প্রদোষ পুলিনে ...	২৩
বল হরি বল মাধাই ...	৪০
বলে হরি গৌর হরি ...	৭৫
বল হরি বল ...	১৩৬
বিফলেতে যায় রে জীবন ...	১৫৩
বিধি যদি গুল্মলতা ...	১৬৬
ভজরে আমার মন চৈতন্য গোঁসাই ...	১২৯
ভজ প্রাণ গৌরাঙ্গসুন্দর ...	১৩০
ভজরে আমার মন শ্রীনন্দনন্দন ...	১৩৮
ভজরে অবোধ মন নন্দের কানাই ...	১৩৭
ভজরে ভজরে মন গিরিধারী ...	১৩৯
ভজরে মন শ্রীনন্দদুলাল ...	১৩৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভজ রাধা মদনমোহন	...	১৪১
ভজ নিতাই গৌরাঙ্গ চরণ	...	১৪৮
ভব ভাবন	...	১৬৬
ভুলে মর্ম্ম	...	১৫০
ভজ রাধে কৃষ্ণ গোবিন্দ গোপাল	...	১৪৩
ভেবে দেখ ওরে মন	...	১৫২
মহাপ্রকাশ প্রভু	...	১৩
মাধবীতলে রাই বসিল	...	৪৭
যমুনা পুলিনে কে	...	৪৫
যমুনাতীরে ধীরে	...	১০৯
যাবি কি কাননে রে ভাই	...	১২
যেওনা যেওনা সখী	...	১০৪
রাধা রাধা রাধা বলে	...	৬৮
রাধামাধব অই	...	১০১
রাধামাধব মোহন রা	...	১০২
রাধে না ত্যজ জীবন	...	১০৭
রাধে রাধে বল বদনে	...	১৪৫
রে রে মাধাই আবার	...	৩৮
লয়ে সাঙ্গোপাঙ্গ	...	১২৩
শান্তিপুরে মহাপ্রভু	...	৮৩
শ্রীবাস প্রাঙ্গণে	...	৭১
শ্রান্তি নিবারিণী নিদ্রে	...	১৬৭
সখী সে নীলরতন	...	১০৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সবে তালে তালে ... ১৪৬
সুরধুনি পুলিনে গৌর আরতি ... ২৭
সুরধুনি পুলিনে গৌর গদাধর ... ১৪৭
সুরধুনি তীরে ঐ ... ৮৮
হরে কৃষ্ণ মুকুন্দ মাধব ... ১৪০
হরি হরি বল সকলে ... ১৪৪
হরিনামে মুক্ত পাপ ... ৪২
হরিনামে হিন্দোলন ... ৮৪
হরিবলে বাহু তুলে ... ৮৫
হরি হরি হরি বলে ... ৮৬
হরি হরি বল মন ... ১৪৯
হরি হরি বলে ... ১৬৭
হারে জগাই মাধাই ... ৩৯
হাসলো যমুনে হাস ... ৯৪
হা রাধিকে প্রাণাধিকে ... ১০৯
হা কৃষ্ণ চৈতন্য প্রভু ... ১৫৪
হা কৃষ্ণ করুণা সিন্ধু ... ১৫৩
হা গোবিন্দ গোপীনাথ ... ১৬১
হা মুরারী মধুহারী ... ১৫৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মহাউদ্ধারণ গ্রন্থাবলী

সংকীর্ত্তন-পদামৃত	...	॥৵৹
সংকীর্ত্তন পদাবলী	...	।৵৹
হরিকথা	...	॥৹
চন্দ্রপাত	...	৴৹
মহানাম-তত্ত্বমঞ্জরী	...	।৹
চন্দ্রপাত মাধুর্য্য বিন্দু	...	॥৹
মহামৃত্যুরঙ্গ	...	॥৹
ব্রহ্মচর্য্য-তত্ত্বজ্যোতি	...	।৹
Chicago Varta	...	॥৹
চিকাগো বার্ত্তা	...	৵৹
বন্ধুগীতাঞ্জলী (হিন্দী)	...	॥৹
শ্রীশ্রীবন্ধু বেদবাণী	...	।৹
প্রভুজগদ্বন্ধু	...	১।৹
শ্রীশ্রীবন্ধু বার্ত্তা	...	।৹

গ্রন্থ প্রাপ্তিস্থান ঃ—

শ্রীশ্রীধাম শ্রীঅঙ্গন, ফরিদপুর।

শ্রীশ্রীজগদ্বন্ধুধাম ডাহাপাড়া (মুর্শিদাবাদ)।

ভিক্টোরিয়া লাইব্রেরী পাটুয়াটুলি (ঢাকা)।

"মহাউদ্ধারণ মঠ" ৫৯, মানিকতলা মেইন রোড (কলিকাতা)

প্রেমদাস ব্রহ্মচারী কর্ত্তৃক মুদ্রিত।
মহাউদ্ধারণ প্রেস, ৫৯, মানিকতলা মেইন রোড (কলিকাতা)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi.

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS